এই সম্মেলনে বাংলাদেশের শিল্প-বাণিজ্য-ব্যবসায়িক পরিসরের বিভিন্ন সম্ভাবনা ও চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করেছেন দেশ-বিদেশের ৫০ জনের মতো গুরুত্বপূর্ণ বক্তা। এই দিনব্যাপী সম্মেলনে অংশগ্রহণ করেছেন দেশ-বিদেশের প্রায় ৯০০ জন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব যার মধ্যে মাননীয় মন্ত্রী মহোদয়গণ, সংসদ সদস্য, ব্যবসায়িক নেতৃস্থানীয় ব্যক্তিত্ব, গবেষক, শিক্ষক, অর্থনীতিবিদ, বিদেশ থেকে আগত অতিথিবৃন্দ, সরকারী উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বেসরকারিখাতের প্রতিনিধি, শিল্প মালিকগণ। এই সম্মেলনে উদ্ভূত মুখ্য সুপারিশসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথভাবে অবহিত করা হয়েছে।

ডিসিসিআই'র সম্মানিত সদস্যবৃন্দ

আপনারা নিশ্চয়ই অবগত যে চলতি বছরের পুরো সময় ধরেই ডিসিসিআই বেশ কিছু গুরুত্বপূর্ণ এবং সময়োপযুগি সেমিনার, গোলটেবিল আলোচনা, সাক্ষাৎকার এবং আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। অনুষ্ঠানগুলো ডিসিসিআই'র ১৮টি স্ট্যান্ডিং কমিটি এবং ৪টি বিশেষ কমিটির সুপারিশের আলোকে বেসরকারিখাতের উন্নয়নের জন্য আয়োজন করা। উল্লিখিত অনুষ্ঠানগুলো আয়োজন করার সময় আমরা যে অর্থনৈতিক ভিত্তিগুলোর দিকে মনোযোগ দিয়েছি তা হলোঃ ব্যবসায়ের পরিবেশের উন্নয়ন, অর্থনৈতিক খাতের সংস্কার, কর ব্যবস্থা সহজীকরণ, এসএমই'র জন্য অর্থায়নের ব্যবস্থা, অবকাঠামো অর্থায়নের জন্য দীর্ঘমেয়াদী বিকল্প পন্থার অনুসন্ধান, লজিস্টিকস সার্ভিসের উন্নয়ন, অভ্যন্তরীণ জলপথের অনুসন্ধান, সমুদ্র বন্দরসমূহের ধারণক্ষমতা বৃদ্ধি, পাটের বহুমুখীকরণ, রপ্তানিপণ্যের বহুমুখীকরণ, জ্বালানি নিরাপত্তা, বৈশ্বিক হালাল পণ্যের বাজারে বাংলাদেশের সম্ভাবনা অনুসন্ধান, উন্নততর উৎপাদনের জন্য কৃষিখাতে প্রযুক্তির প্রচার ও প্রয়োগ এবং বেসরকারিখাতকে এসডিজির লক্ষ্যসমূহের সাথে যথাযথভাবে সম্পৃক্তকরণ।

পুরো বছর ধরে আমরা মাননীয় অর্থমন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী, বিডা এর নির্বাহী চেয়ারম্যান, বেজা এর নির্বাহী চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, পিপিপি অথরিটির প্রধান নির্বাহী কর্মকর্তা, মাননীয় প্রধানন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব, মাননীয় প্রধানন্ত্রীর কার্যালয়ের এসডিজি অ্যাফেয়ার্সের প্রধান সমন্বয়কারীর সাথে সাক্ষাৎ করেছি, যার উদ্দেশ্য ছিল ব্যবসায়িক পরিবেশের উন্নয়নের জন্য যথাযথ প্রচেষ্টা করা। এই সাক্ষাৎগুলোয় যে বিষয়গুলো আলোচিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কিছু বিষয় নিম্নরুপ–

সামগ্রিক ব্যবসায়িক পরিবেশ

- বিশ্বব্যাংকের 'ডুয়িং বিজনেস ইনডেক্স' এ বাংলাদেশের অবস্থান উন্নয়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ
- বেসরকারি বিনিয়োগ বৃদ্ধিতে উপযোগী নীতিমালা প্রণয়ণ এবং এসএমই খাতে সহায়তা প্রদানের করণীয় নির্ধারণ
- ব্যবসাবান্ধব কর নীতিমালা প্রণয়ন এবং কর্পোরেট ট্যাক্সের হার কমানো
- সংশ্লিষ্ট নীতিমালার ধারাবাহিকতা যেমন শিল্প, কৃষি, পাট, আইসিটি, কর এবং অন্যান্য খাতের যথাযথ সমন্বয় এবং ধারাবাহিকতা বজায় রাখা।
- দক্ষ এবং উপযুক্ত জনশক্তির মাধ্যমে পরিচালিত কার্যকর 'ওয়ান স্টপ' সার্ভিসের ব্যবস্থা করা
- যেসব শ্রমঘন সানসেট ইন্ডাস্ট্রি স্থান পরিবর্তনের উপযোগী নতুন স্থান খুজছে, তাদের যথাযথ সুযোগ প্রদান করা

শিল্প

- তৈরী পোষাক খাতের মত চামড়া, পাদুকা, জাহাজ নির্মান, পাট ও পাটজাত পণ্য, কৃষি প্রক্রিয়াকরণ, হালকা শিল্প এবং আইসিটি খাতে পণ্যের বহুমুখীকরণের স্বার্থে কর রেয়াত সুবিধা, আর্থিক ও অর্থ বহির্ভূত প্রণোদনা প্রদান
- বাজারে এসএমই খাতের সহজ প্রবেশ ও অর্থায়ন তরান্বিত করা
- মধ্যম আয়ের দেশে উন্নীত হলে জিএসপি সুবিধা ত্যাগের বিষয়ে পূর্বে থেকেই প্রস্তুতি গ্রহণ বিষয়ে করনীয় নির্ধারণ

অর্থনৈতিক খাত

- ঋণের সুদের এক ডিজিটে নামিয়ে আনা এবং খেলাপী ঋণ নিয়ন্ত্রণ করা
- 'মানি লোন কোর্ট অ্যাক্ট ২০০৩' আইনের সংশোধন 'মানি লোন কোর্ট' বিষয়ে উচ্চ আদালতে একটি বেঞ্চ তৈরী করা যাতে করা আইন এবং ঋণ আদায়ে আইনি জটিলতা দূর করা
- জমে থাকা মামলার দ্রুত সমাধান এবং অনাদায়ী ঋণ আদায় দ্রুততর করতে বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) প্রবর্তন
- পুঁজিবাজারকে চাঙ্গা করে তোলা, লাইসেন্সপ্রাপ্ত গ্রিন ফিল্ড ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্টসমূহকে পুঁজিবাজারে অন্তর্ভূক্তিতে অনুমতি প্রদান, বিশেষায়িত পিপিপি অবকাঠামো বন্ড এবং বন্ড মার্কেট ডেভেলপমেন্টসহ বন্ড মার্কেটকে কর্মচঞ্চল রাখার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ

Around 50 impressive lines of speakers from home and abroad discussed the various opportunities and challenges faced by the business and industry in Bangladesh. About 900 participants comprising Hon'ble Ministers, Members of Parliament, Eminent Business leaders, Researchers, Academicians, Economists, Foreign dignitaries, Policy makers, Private sector representatives, Industrialists and Senior Government officials from home and abroad joined the day-long conference. Major recommendations emerged from the Conference were shared with the Prime Minister's Office and concerned Ministries.

Distinguished Members

You are also aware that, throughout the year, DCCI has organized a number of important and timely events including seminars, roundtable discussions, call on meetings and international conference with the objectives of critical reforms for private sector development based on recommendations of the 22 Standing Committees (of which 4 were special committees). While organizing aforementioned events, we focused on core areas of growth pillars of the economy such as improving doing business environment, financial sector reform, simplification of tax system, access to finance for SMEs, exploring alternative long-term source for infrastructure financing, improve logistics services, explore inland waterways, enhance capacity of sea-ports, Jute sector development through diversification, export diversification, energy security, exploration of global Halal market potential, promoting technology in agriculture for improved productivity and value addition and aligning private sector with SDG etc.

During this year, we called on honorable Finance Minister, Commerce Minister, Planning Minister, Housing & Public Works Minister, Executive Chairman of BIDA, Executive Chairman of BEZA, Chairman NBR, Governor of Bangladesh Bank, CEO of PPP Authority, Principal Secretary of Prime Minister's Office, Principal coordinator of SDG Affairs of Prime Minister's Office with a view to facilitating improved business environment. Some of the important issues discussed during the call on meetings are noted below:

Overall Business Environment

- Effective measures to improve the position of Bangladesh in "Doing Business Index" of the World Bank.
- Creating enabling policy to increase private investment and support SMEs through policy measures.
- Business friendly tax policy and reduction of corporate tax rate.
- Policy continuity, consistency and cohesiveness e.g. Industrial Policy, Agriculture policy, Jute Policy, ICT policy, Tax policy and other Policies should have coordinated role.
- Effectively introduce integrated one stop service, equipped with skilled and expert human resources.
- Accommodate the labor intensive sunset industries of those countries which are looking for competitive business destination for relocation.

Industry

- Replicate the 'Success Model of RMG' encompassing preferential tax benefit, fiscal and non-fiscal incentives to leather & footwear, shipbuilding, jute & jute goods, agro processing, light engineering and ICT sectors to diversify our export basket.
- Empower SMEs for improving access to market and finance.
- Preparation for GSP plus as Bangladesh will lose GSP facility upon becoming a Middle-Income Country.

Financial Sector

- Reduce lending rate to single digit and control growing NPL.
- Reform the "Money Loan Court Act 2003" and introduce a High Court bench on "Money Loan Court" to ease regulatory bars and procedural complications to expedite the loan recovery process.

জ্বালানি ও অবকাঠামো

- অর্থনৈতিক অঞ্চলসমূহে সুবিধা প্রদান, ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পে যথাযথ সাপ্লাই চেইন বাস্তবায়ন, নদীপথের আন্তসংযোগ, বন্দরের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আঞ্চলিক ভ্যালু চেইন সংযোগ সহজতর করা।
- ঢাকা এবং চট্টগ্রাম ট্রান্সপোর্ট করিডোরে যানবাহনের চাপ নিরসনে পদক্ষেপ
- নতুন অফ-শোর এবং অন-শোর গ্যাসক্ষেত্র অনুসন্ধানের জন্য বাপেক্সকে শক্তিশালী করে তোলা

সরকারী-বেসরকারী উদ্যোগ প্ল্যাটফর্ম

- মাননীয় প্রধানমন্ত্রীর অধীনে সরকারি এবং বেসরকারিখাতের প্রতিনিধিগণের সমন্বয়ে "National Infrastructure Development and Monitoring Advisory Authority" (NIDMAA) নামে একটি নিয়ন্ত্রক ও পর্যবেক্ষণকারী কর্তৃপক্ষ সৃষ্টি করা, যা অবকাঠামো প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা নিরসনে কাজ করবে।
- সরকারী-বেসরকারী উদ্যোগের আওতায় 'জাতীয় কৌশল নির্ধারণ কমিটি' তৈরী করা, যার কাজ হবে ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি এবং বিনিয়োগ আকর্ষণ
- 'রিসার্চ অ্যান্ড ইনোভেশন' (আরএনআই) প্ল্যাটফর্মের সৃষ্টি, যাতে করে শিল্প-শিক্ষা সমন্বয়ে গবেষণা, সাধারণ গবেষণা ও উদ্ভাবনে একটি সমন্বিত প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

আঞ্চলিক সংযোগ

- ইউরোপিয়ান ইউনিয়ন, আসিয়ান, সিআইএসভূক্ত রাষ্ট্রসমূহ, লাতিন আমেরিকার রাষ্ট্রসমূহের আমাদের পরীক্ষিত বাণিজ্য সহযোগীদের সহায়তায় বাণিজ্যিক অংশীদারিত্ব মজবুত করে তোলা
- আসিয়ান অর্থনৈতিক অঞ্চলে সদস্য হিসেবে স্থান পাওয়ার জন্য গুরুত্ব দেওয়া
- মুক্ত বাণিজ্য চুক্তি বাস্তবায়নের জন্য প্রক্রিয়া দ্রুত করা

চলতি বছরে বিভিন্ন সেমিনার এবং গোলটেবিল আলোচনা থেকে প্রাপ্ত মতামত ও পর্যবেক্ষণের ভিত্তিতে আমরা ব্যবসায়িক পরিবেশ উন্নয়নের জন্য 'রিফর্ম এজেন্ডা' প্রস্তুত করেছি। এই এজেন্ডা যথাযথভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং সরকারি প্রতিষ্ঠানের কাছে পেশ করা হয়েছে। একইসাথে পুরো বিষয়টি ডিসিসিআই'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তরফ থেকেও মনোযোগ সহকারে তদারকি করা হয়েছে। 'রিফর্ম এজেন্ডা' যে বিষয়গুলোতে নজর দিয়েছে তা হলো–

- বিনিয়োগ আকর্ষণ বৃদ্ধির জন্য নীতিমালার সংস্কার
- কর পদ্ধতির সহজীকরণ এবং কর্পোরেট ট্যাক্স কমানো
- প্রবৃদ্ধি এবং বিনিয়োগের প্রবেশদ্বার হিসেবে বাংলাদেশকে সুপরিচিত করে তোলা
- অবকাঠামোগত চ্যালেঞ্জ যেমন ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক, চট্টগ্রাম বন্দর, মংলা বন্দর, পানগাঁও আইসিটি এবং অভ্যন্তরীণ নৌপথের সংস্কার
- শিল্পে জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ
- রপ্তানি পণ্যের বহুমুখীকরণ এবং পাটখাতের উন্নয়ন
- ব্যবসার ব্যয় হ্রাস, প্রক্রিয়া সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস প্রণয়ন করা
- মাইনরিটি প্রোটেকশন, ব্যক্তিগত অঙ্গীকার/জামিন/পার্সোনাল গ্যারান্টি, সিঙ্গেল শেয়ারহোল্ডিং কোম্পানি, ই-ভোটিং ইত্যাদি বিষয় আমলে রেখে 'কোম্পানি আইন ১৯৯৪' এর আধুনিকায়ন
- দক্ষতা উন্নয়ন
- গবেষণা ও উদ্ভাবন
- এসডিজি অর্জনে বেসরকারিখাতকে সম্পৃক্ত করা
- বাণিজ্য এবং বিনিয়োগ সম্প্রসারণের জন্য আঞ্চলিক সংযোগের কার্যকর প্রচারণা

- Make Alternative Dispute Resolution (ADR) mandatory to reduce the huge backlog of cases and ensure quick recovery of huge money currently stuck in lengthy court procedure.
- Revival of capital market, allow enlisting licensed green field infrastructure project in capital market; bond market development and specialized PPP Infrastructure Bond and other realistic initiatives to make the bond market vibrant.

Infrastructure & Energy

- To fully implement and get benefit out of Economic Zone operation, the supply chain network in both forward and backward linkage are essential including local waterways connectivity, port capacity, ICD and ICT for easy connection with local and regional value chain.
- Improve traffic congestion between Dhaka and Chattagram Transport Corridor.
- Strengthen BAPEX to explore new off-shore and on-shore gas fields.

Public Private Platform

- Formulation of Infrastructure Monitoring Authority "National Infrastructure Development and Monitoring Advisory Authority" (NIDMAA) with participation of public and private sector representatives, headed by Honorable Prime Minister to overcome infrastructural project implementation delay.
- "National Strategy Committee" under a public-private initiative to improve business condition and encourage investment.
- "Research and Innovation (RNi)" platform to promote research and innovation activities as well as strengthen industry-academia research collaboration.

Regional Connectivity

- Strengthening trade partnership with EU, ASEAN, CIS Latin American countries along with our tested leading trade partners.
- Set priority to be in ASEAN economic bloc as a member.
- Fasten the process of FTA implementation.

During the year, we have charted the 'Reform Agenda' to improve doing business environment, based on the outcome of the different seminars and roundtable discussions organized by DCCI. The 'Reform agenda' emerged as recommendations from the seminars submitted to the concerned Ministries and Government Agencies, subsequently, which were also followed-up by the Management of DCCI. The 'Reform agenda' focused on the following critical areas:

- Policy reforms to attract more investment.
- Reduce corporate tax and simplification of taxation systems.
- Branding Bangladesh as the gateway to growth and investment.
- Infrastructural challenges including Dhaka- Chattagram Highway, Chattagram Port, Mongla Port, Pangaon ICT and inland waterways.
- Energy security for industries.
- Export diversification and jute sector development.
- Reducing cost of doing business, easing the business process and implementing one stop service (OSS).
- Modernize the Companies Act 1994 including minority protection, personal guarantee, single shareholding company and e-voting.
- Skill development initiative.
- Research and Innovation process.
- Engage private sector to achieve SDGs.
- Promoting regional connectivity for expanding trade and investment.

ভদ্র মহিলা ও ভদ্র মহোদয়গণ

২০১৮ সালে যাদের আমরা হারিয়েছি, ডিসিসিআই পরিবারের পক্ষ থেকে আমি তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

ঢাকা চেম্বারের প্রাক্তন সহ-সভাপতি জনাব সৈয়দ তৌফিক আলী, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট বিভাগের জুনিয়র অফিসার জনাব মোঃ জহিরুল হক, ডিসিসিআই মাসিক 'রিভিউ' এর সম্পাদক জনাব রহমান জাহাঙ্গীর, ডিসিসিআই পরিচালক জনাব মোঃ আলাউদ্দিন মালিকের বড় ভাই জনাব আশরাফউদ্দিন মালিক, ঢাকা ডিসেন্ট্রালাইজেশন স্ট্যান্ডিং কমিটির সদস্য আলহাজ্ব আহসানুল হকের স্ত্রী মোসাম্মাত শাহ মোরশেদা বেগম, ডিসিসিআই'র সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর ভগ্নিপতি ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. সৈয়দ ফজলে রহিম, ডিসিসিআই সদস্য কবি লিলি হক-এর মাতা, ডিসিসিআই'র ইলেকট্রিশিয়ান জনাব বেনজীর আহমেদ নান্নুর মাতার মৃত্যুতে ডিসিসিআই'র পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

এছাড়াও ঢাকা চেম্বারের পক্ষ থেকে এফবিসিসিআই'র সাবেক ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট জনাব আবুল কাশেম আহমেদ, দ্য ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকার সম্পাদক জনাব এএইচএম মোয়াজ্জেম হোসাইন, দৈনিক সমকালের সম্পাদক জনাব গোলাম সারওয়ারের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়।

ডিসিসিআই সকল শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের নিকট শোক প্রকাশ করেছে এবং গভীর সমবেদনা জানিয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ

স্ববিস্তারে বর্ণনার পূর্বে আমি চেম্বারের ২০১৮ সালের কিছু গুরুত্বপূর্ণ কার্যক্রম ও প্রাপ্তি সম্পর্কে আপনাদের অবহিত করতে চাই।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই)

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) প্রতি বছরের ন্যায় এবারও তার বাৎসরিক ট্রেনিং ক্যালেন্ডার মোতাবেক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি সুচারুভাবে পরিচালনা করছে এবং ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি), জেনেভা-এর সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোর্স যথারীতি পরিচালনা করছে। সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোর্সের ২৩তম ব্যাচ ২০১৮ সালের জানুয়ারী-জুন মাসে এবং ২৪তম ব্যাচ জুলাই-ডিসেম্বর মাসে চালু করা হয়েছে, যেখানে যথাক্রমে ৫২ ও ৩৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। উল্লেখ্য যে গত ৩১ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০১৮ তারিখে বেইজিং-এ আইটিসি কর্তৃক আয়োজিত সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট গ্লোবাল নেটওয়ার্ক রাউন্ডটেবিল ২০১৮ এ ডিবিআইকে "বেস্ট ট্রেনিং সাপোর্ট ইন্সটিটিউশন এ্যাওয়ার্ড-২০১৮" প্রদান করা হয়েছে যা ডিবিআই এর সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোর্সের আন্তর্জাতিক মান ও দক্ষ পরিচালনার স্বীকৃতি স্বরূপ একটি বিশেষ অর্জন।

ডিবিআই ২০১৭-২০১৮ অর্থবছরে (অক্টোবর থেকে সেপ্টেম্বর পর্যন্ত) ২৩টি স্বল্পমেয়াদী ট্রেনিং কোর্স পরিচালনা করেছে, যেখানে ২৭৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। একই সময়ে ২৭টি ওয়ার্কশপ পরিচালনা করে, যেখানে ৩৭৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন।

ডিবিআই এ বছর "পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ" এবং "আইন ও সালিশ কেন্দ্র" এর চাহিদা মোতাবেক যথাক্রমে "অফিস ম্যানেজমেন্ট ও ফাইলিং সিস্টেম" এবং "ম্যানেজিং একাউন্টস-বেস্ট প্রাকটিসেস" শীর্ষক দু'টি কর্পোরেট ট্রেনিং আয়োজন করেছে। এছাড়াও ডিসিসিআই-ইউএসএআইডি প্রকল্পের অর্থায়নে "প্রজেক্ট ম্যানেজমেন্ট", "ডিজাইনিং এন্ড ম্যানুফ্যাকচারীং অব ডাইভারসিফাইড হাই-এন্ড জুট প্রোডাক্টস", "ট্রেনিং অব টেইনারস অন সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট" এবং "ব্যাংক্যাবল প্রজেক্ট প্রোপোজাল প্রিপারেশন" বিষয়ে মোট ৪টি প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করেছে। ডিবিআই "মার্কেটিং ম্যানেজমেন্ট", "ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট" এবং "হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট" শীর্ষক ৩টি ৬মাসের প্রোফেশনাল সার্টিফিকেট কোর্স আয়োজনের নতুন উদ্যোগ গ্রহণ করেছে যার ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, "ইনকাম ট্যাক্স ম্যানেজমেন্ট" ও কাস্টমস এ্যান্ড ভ্যাট ম্যানেজমেন্ট" শীর্ষক ২টি প্রোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা প্রদানের উদ্যোগ শীঘ্রই গ্রহণ করা হবে। ডিবিআই প্রথমবারের মত নিউজলেটার প্রকাশের পদক্ষেপ গ্রহণ করেছে, যার ২টি সংখ্যা ইতোমধ্যে প্রকাশিত হয়েছে এবং ৩য় সংখ্যা শীঘ্রই প্রকাশিত হবে।

ডিবিআই কলেজ-এর কার্যক্রম

ডিবিআই কলেজ-এর প্রতিষ্ঠা লগ্ন হতে তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য ডিবিআই গভর্নিং বডি, স্ট্যান্ডিং কমিটি, ওয়ার্কিং কমিটি এবং ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সাথে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। ডিবিআই কলেজের শিক্ষার্থীদের ব্যক্তিগত এবং পেশাগত সাফল্যের জন্য অনুপ্রেরণা ও প্রনোদনামূলক ব্যতিক্রমধর্মী এবং ব্যবহারিক শিক্ষা প্রদান করে।

এ কলেজের শিক্ষার্থীর সংখ্যা আরো বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর সাথে জড়িত সকল পৃষ্ঠপোষক কলেজের সার্বিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন এবং জাতীয় বিশ্ববিদ্যালয় এ কলেজ কর্তৃক বিবিএ কোর্স পরিচালনার বিষয়ে অত্যন্ত আশাবাদী। কলেজের কাউন্সিলিং কমিটি প্রতিনিয়ত পাঠ্যক্রম বিষয়ক সমস্যা নিরসন ও নৈতিক শিক্ষা বিকাশে শিক্ষার্থীদের সাথে ফোকাস গ্রুপ আলোচনার আয়োজন করে। এর ফলে কলেজের শিক্ষার্থীদের আত্মবিশ্বাস ও একাগ্রতার উল্লেখজনক অগ্রগতি সাধিত

Ladies and Gentlemen

Let me now pay solemn condolence and homage, on behalf of DCCI family, to the departed souls who have left us in 2018 and sympathy to their all grieved and shocked family members.

DCCI expressed deep shock at the demise of Mr. Syed Toufiq Ali, Former Vice President, DCCI; Mr. Ashrafuddin Malik, Member, DCCI & elder brother of Mr. Alauddin Malik, Director, DCCI; Ms. Shah Morsheda Begum, wife of Alhaj Ahsanul Haque, Member, DCCI Dhaka Decentralization Standing Committee; Mr. Brigadier General (Retd.) Dr. Syed Fazle Rahim, Brother-in-Law of Mr. Kamrul Islam, FCA, Senior Vice President of DCCI; Mother of DCCI Member Mrs. Lily Hoque, Mother of Mr. Benajir Ahmed Nannu, Electrician, DCCI. Mr. Md. Zahirul Haque, Junior Officer, Research & Development, DCCI; Mr. Rahman Jahangir, Editor, DCCI Monthly Review;

We also mourned with deep sorrow at sudden demise of Mr. Abul Kashem Ahmed, Former First Vice President, FBCCI; Mr. AHM Moazzem Hossain, Editor, The Financial Express; Mr. Golam Sarwar, Editor, The Daily Samakal.

DCCI deeply mourned and shared heartfelt solidarity for the members of the bereaved families who lost their beloved ones.

Distinguished Members

Before going in to the details of our activities, I would like to share some of the activities and achievements of the Chamber in 2018.

DCCI Business Institute (DBI)

DCCI Business Institute (DBI) has been conducting various training programme as per its Annual Training Calendar since its inception. It is continuously organizing Certificate, Advanced Certificate, Diploma Courses on "Supply Chain Management" of International Trade Centre (ITC), Geneva. It has also been implementing various short training courses and workshops over the year. During 2018, 23rd batch (January-June, 2018) and 24th batch (July-December, 2018) of Certificate Course were successfully started with fifty two (52) and thirty eight (38) participants respectively.

It is worth mentioning that DCCI won "Best Training Support Institution Award 2018" from ITC during its SCM Global Network Roundtable 2018, held at Beijing, China from 31st October to 2nd November 2018.

DBI organized 23 short training courses with 278 participants from October 2017 to September 2018. DBI also organized 27 workshops with 375 participants in the said period. Two corporate training courses were organized for "Power Grid Company of Bangladesh Ltd." and "Ain-o-Salish Kendra" titled 'Office Management, Filling and Documentation' and 'Managing Accounts-Best Practices', respectively.

Four training programme were organized by DBI on "Project Management", "Designing and Manufacturing of Diversified High-end Jute Products", "Training on Trainer (ToT) on Supply Chain Management" and "Bankable Project Proposal Preparation" financed by DCCI-USAID's AVC Project.

DBI has developed Course Curriculum for three new Professional Certificate Courses on "Marketing Management", "Financial Management" and "Human Resource Management". Admission process of the said courses are going on. DBI took initiative to promote its existing activities as well as advertisement its upcoming training courses, workshops, professional certificate courses and MLS-SCM courses regularly. Two issues of DBI Newsletter has been published in 2018 and 3rd issue will be published soon. DBI is planning to extend its horizon to into new Post Graduation Diploma (PGD) courses by offering "PGD in Income Tax Management" and (PGD in Customs and VAT Management" soon.

Activities of DBI College

Since its inception, with Joint Collaboration of DCCI, DCCI Business Institute (DBI) College has been relentlessly pursuing its mission and goals as stipulated by Governing Body, Standing Committee, Working Committee and DCCI Board of Directors. DBI (College) provides exceptional teaching and practical learning to inspire and empower students for personal and professional success.

Steps are being taken to attract and retain good students in large group. All patrons of DBI College have been proactive towards the attainment of desired goals for which National University has shown confidence on the ability of DBI College for running BBA Professional program successfully. Under the counseling Committee, students are counseled regularly to resolve their issues regarding academic and

হয়েছে। বর্তমানে ডিবিআই কলেজে ৫টি ব্যাচ চালু রয়েছে এবং ৮ম ব্যাচের শিক্ষা কার্যক্রম শুরু করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কলেজের প্রথম এবং দ্বিতীয় ব্যাচ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চার বছর মেয়াদী বিবিএ প্রোগ্রাম সম্পন্ন করেছে। ডিবিআই কলেজ শিক্ষা, প্রশাসন, সুযোগ-সুবিধা, পাঠ্য বহিঃভূত কার্যক্রম এবং শিক্ষার্থী সম্পর্কিত সকল ক্ষেত্রে প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। কলেজের ২য় ব্যাচের শিক্ষার্থী মোঃ মামুনুর রশীদ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ৬ষ্ঠ সেমিস্টারে ফাইনাল পরীক্ষায় বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ সিজিপিএ ৩.৯৫ অর্জন করেছে এবং অধিকাংশ শিক্ষার্থী সিজিপিএ ৩.৫০ এর উপরে পেয়েছে। তৃতীয় এবং চতুর্থ ব্যাচের শিক্ষার্থীরা যথাক্রমে ৭ম এবং ৫ম সেমিস্টারে অসাধারণ ফলাফল অর্জন করেছে। ৩য় ব্যাচের শিক্ষার্থী মোহাম্মদ রিদুওয়ান ৭ম সেমিস্টার পরীক্ষায় জিপিএ-৪ এর মধ্যে ৩.৮৫ পেয়েছে এবং গড়ে ৫০% শিক্ষার্থী সিজিপিএ ৩.৫০ এর উপরে পেয়েছে।

ডিসিসিআই ফাউন্ডেশন ও পরিচালনা পর্ষদ (বোর্ড অব ডিরেক্টর) ডিবিআই কলেজের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য মহতী উদ্যোগ নিয়েছেন। ডিবিআই কলেজের ১১ জন শিক্ষার্থী "সিজেডএম জিনিয়াস স্কলারশিপ- ২০১৮" অর্জন করেছে। ডিবিআই কলেজের শিক্ষার্থীরা ডিসিসিআই-এ ইন্টার্নশীপ এবং বিভিন্ন সেমিনার ও কর্মশালায় অংশ গ্রহণের সুযোগ পেয়ে থাকে। ডিবিআই কলেজের ২য় ব্যাচের দুই জন মেধাবী শিক্ষার্থী সৈয়দ বিল্লাল হোসেন এবং আলীভা সালমিন তাফানা বিবিএ (পেশাগত) ডিগ্রি সম্পন্ন করার পর ডিসিসিআই লাইব্রেরিতে অস্থায়ী ভিত্তিতে চাকুরী করেছে।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) কলেজ, ৬ এবং ৭ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত "চতুর্থ শোকেস কানাডা-২০১৮" বাণিজ্য ও শিক্ষা মেলা তে অংশগ্রহণ করেছে। অধ্যক্ষ খোদেজা বেগম সম্প্রতি পিপলস রিপাবলিক অব বাংলাদেশের "কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (CEDP)" এর অধীনে ২০১৮ সালের মার্চে নটিংহ্যাম বিশ্ববিদ্যালয় মালয়েশিয়ার ক্যাম্পাস (ইউএনএমসি) থেকে "লিডারশিপ ম্যানেজমেন্ট" বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জনের প্রথম ধাপ সম্পন্ন করেন। শিক্ষার্থীদের মেধা বিকাশ ও আত্মউন্নয়নের জন্য কলেজের পক্ষ হতে ক্লাস লেকচার, ব্যক্তিগত ও গ্রুপ প্রেজেনটেশন, ক্লাস স্টাডি, এসাইনমেন্ট, গ্রুপ আলোচনা প্রভৃতির আয়োজন করা হয়ে থাকে। শিক্ষার্থীদের সৃজনশীলতা ও শিক্ষার মান উন্নয়নে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যহত থাকবে।

ডিসিসিআই এবং ডিবিআই কলেজ লাইব্রেরির কার্যক্রম

ঢাকা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একটি সুসংগঠিত ও বিপুল তথ্যসমৃদ্ধ পূর্ণাঙ্গ লাইব্রেরী রয়েছে। এটি ডিসিসিআই এবং ডিবিআই কলেজের গবেষণা ও উন্নয়নমূলক কর্মকান্ডের ক্ষেত্রে তথ্যসেবা প্রদানে করে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ডিসিসিআই'র লাইব্রেরী বর্তমানে চেম্বারের সদস্য ছাড়াও ডিবিআই কলেজের ছাত্র-ছাত্রীদের সেবা প্রদান করে থাকে। ২০১৮ সালে ঢাকা চেম্বারের লাইব্রেরীতে Library Management Software প্রতিস্থাপন করা হয়েছে এবং বর্তমানে লাইব্রেরীর সকল কার্যাবলী Library Management Software মাধ্যমে সম্পাদন করা হয়ে থাকে। ডিসিসিআই লাইব্রেরীতে মোট ৭২০০টি রেফারেন্স বই, ডিরেক্টরি এবং বিবিএ কোর্স সম্পর্কিত প্রয়োজনীয় বইয়ের সংগ্রহ রয়েছে। ঢাকা চেম্বারের লাইব্রেরীর সদস্যদের চাহিদা মোতাবেক নিয়মিত আন্তর্জাতিক দরপত্র সংগ্রহ ও সেবাপ্রদান করে থাকে। এ বছর লাইব্রেরীতে ১২৭টি বিবিএ কোর্সের টেক্স বই, ৫৫০টি রেফারেন্স বই, ৪৭২টি টেন্ডার ডকুমেন্ট, ১৮টি ট্রেনিং ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষিত করা হয়েছে। এছাড়াও লাইব্রেরীর আর্কাইভ শাখায় সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ প্রকাশনা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ব্যবসায়িক জার্নাল সংরক্ষিত রয়েছে যা লাইব্রেরীকে অনেক বেশী সমৃদ্ধশীল করেছে। প্রতিদিন গড়ে ৬০-৭০জন সদস্যবৃন্দ লাইব্রেরী ব্যবহার করে থাকেন।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)–এর কার্যক্রম

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) একটি পাবলিক-প্রাইভেট ডায়লগ (প্ল্যাটফর্ম) যা সরকারি এবং বেসরকারিখাতের বিভিন্ন নিয়ন্ত্রণ বিষয়ক প্রতিবন্ধকতা এবং বিনিয়োগের সীমাবদ্ধতাসমূহ চিহ্নিত করার জন্য এগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে। বিল্ড বেসরকারিখাতের একটি অন্যতম গবেষণামূলক প্রতিষ্ঠান যার নেতৃত্ব দিচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই)। প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কোঅর্ডিনেশন কমিটি (পিএসডিপিসিসি) এর মধ্যে দিয়ে বিল্ডের কার্যক্রম চলমান থাকে যার নেতৃত্বে থাকেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব; আর এ কাজের জন্য বিল্ড সাচিবিক সেবা প্রদান করে থাকে। প্রতিষ্ঠার শুরু থেকেই বিল্ড ব্যবসায়িক কার্যক্রম সহজীকরণ এবং ইন্ডাস্ট্রির পরিবেশের উন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতিমালা প্রণয়ন ও প্রক্রিয়া সংস্কারমূলক পদক্ষেপে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

২০১৮ সালে, অর্থাৎ চলতি বছরে ৫টি ওয়ার্কিং কমিটির মিটিং এবং বৃহৎ পরিসরের সংলাপ এই পিপিডি প্ল্যাটফর্মটির মাধ্যমে আয়োজিত হয়েছে। এগুলোর আলোচ্য বিষয় ছিল বিবিধ ব্যবসা-বাণিজ্যর নীতি এবং কৌশলগত অবস্থান নিয়ে। সেইসাথে ১৬টি প্রি-ডায়লগ কনসালটেশন, ব্রেইনস্ট্রর্মিং সেশন, এফজিডি এবং ইন-হাউজ ডায়লগ (সংলাপ), বৃহত্তর পরিসরের সংলাপ অনুষ্ঠিত হয়েছে। সব সময়েই 'বিল্ড' এর কার্যক্রম সুবিস্তৃত এবং জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে ব্যবসা ও বিনিয়োগের প্রসারে সংলাপের একটি জাতীয় পর্যায়ের প্ল্যাটফর্ম হিসেবে এটি যথাযথ স্বীকৃতি পেয়েছে।

morality. As a result, their self-motivation process have been improved. Students of 1st and 2nd batch have already completed their academic degree from the college. At present, 5 batches are up and running simultaneously and DBI College is taking necessary steps to welcome its 8th Batch. It is worth mentioning that DBI College has achieved commendable success in the fields of academics, administration, facilities, extra-curricular activities and student's affair. It's a matter of pride that our students Md. Mamonur Rashid obtained CGPA 3.95 in 6th semester which is the highest and outstanding result in the National University and around 60% student obtained CGPA 3.50 and above. Students of 3rd & 4th batches have done outstanding result in their last semesters (7th semester & 5th semester respectively). One of them named Mohammad Riduwan (3rd batch) obtained CGPA 3.85 out of GPA-4. On an average 50% students obtained CGPA 3.50 and above.

DCCI Foundation & Board of Directors have taken a generous initiative to offer scholarship to students of DBI College. 11 students from DBI College got "CZM Genius Scholarship" managed by DCCI for the year 2018 (Jan-Dec) session. Students of DBI College get preference for internship opportunity at DCCI and also have the opportunity to participate in different seminars and workshops of DCCI. Two of our brilliant students Sayed Billal Hossain and Aliva Salmin Tafana had worked in the DCCI Library after completion of their BBA (Professional) degree.

DCCI Business Institute (DBI) College has participated in "4th Showcase Canada-2018" (Trade and Education Fair) held from 6th -7th May, 2018. Principal of DBI College Ms. Khodeza Begum recently completed the first part of "Master in Leadership Management" degree from Nottingham University of Malaysian Campus (UNMC) in March, 2018 under College Education Development Project (CEDP) of Peoples Republic of Bangladesh. Besides class lectures-individual and group presentation, class study, assignments, group discussion, exercise and other interactive methods of learning are being practiced to explore and expose students potential. Much effort has been taken to enhance students' standard of assimilation, analysis and creativity.

Activities of DCCI and DBI College Library

DCCI has a well-equipped library with a collection of 7200 books, journals, magazines and other publications. It helps learning and development of DBI college students, Faculty members, DCCI members and for general people. DCCI Library has been introduced Library Management Software this year. As a result, all library service activities provided through Library Management Software. DCCI members use it particularly for International Tenders and consulting International Business Directories. During 2018, 127 BBA Text Books, 550 Reference Books (Directories, Magazines, Journal), 472 Tender Documents, 18 Training materials were collected for the Library. It has also an enriched archive section with rare collection including government & non-government publications, National and International business and commercial publications with study space. On an average 60-70 users visit and use the library every day.

Activities of Business Initiative Leading Development (BUILD)

Business Initiative Leading Development (BUILD) - a Public-Private Dialogue (PPD) platform working very closely with public and private sector to address regulatory barriers for business and to unlock investment constraints. BUILD, as a private sector think tank supported by three leading Chambers, Dhaka Chamber of Commerce & Industry (DCCI), Metropolitan Chamber of Commerce and Industry (MCCI) and Chittagong Chamber of Commerce and Industry (CCCI). BUILD's activities are rotated through the Private Sector Development Policy Coordination Committee (PSDPCC) headed by the Principal Secretary of PMO for which BUILD provides secretarial services. Since inception, BUILD kept contributing with significant policy and process reform initiatives easing trade and industry ecosystem of Bangladesh.

During 2018, 5 Working Committee Meeting and Broader scale Dialogues were organized by the PPD Platform on different Trade & Business Policies and strategic issues. Similarly, 16 Pre-Dialogue Consultation Sessions and Meetings including, brainstorming sessions, Focus Group Discussion and in-house-Dialogues, broader dialogue were organized. Since its inception, BUILD's activities have been diversified and have been acknowledged by the national and international community as the national dialogue platform working for promoting trade and investment in the country.

২০১২ থেকে ২০১৮ পর্যন্ত বিল্ড ৬৫১টি সংস্কারমূলক প্রস্তাবনা পেশ করেছে যার মধ্যে ৩৩৪টি প্রস্তাবনা গৃহীত হয়েছে যার মধ্যে ৩৩৪টি প্রস্তাবনা বিভিন্ন WCs এবং PSDPCC তে প্রয়োগ/বাস্তবায়ন করা হয়েছে। এর মধ্যে ২০১৮ সালে ৩৫টি সংস্কারমূলক প্রস্তাবনা প্রয়োগ/বাস্তবায়ন করা হয়েছে। ২০১৮ সালে ওয়াশিংটন ডিসি ভিত্তিক প্রতিষ্ঠান 'উই কানেক্ট ইন্টারন্যাশনাল' এবং 'বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্সড স্টাডিজ (বিসিএস) এর সাথে 'বিল্ড' সমঝোতাপত্র (মেমোর‍্যান্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং) সাক্ষর করেছে।

সম্মানিত সদস্যবৃন্দ

বিনিয়োগের জন্য যথাযথ পরিবেশ এবং এবং ব্যবসাবাণিজ্যের যথাযথ প্রচারণা ও প্রসারের লক্ষ্যে ডিসিসিআই বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা যেমন ইউএনডিপি, ইউএনসিটিএডি, ইউএনআইডিও, ইউএসএআইডি, ইউ, ডব্লিউটিও, আইটিসি, এসকাপ, সিবিআই, বিশ্বব্যাংক, জিটিজেড, জেডডিএইচ, এপিও, জাইকা, আইএফসি-বিআইসিএফ, জেট্রো, সিআইপিই, এসইডিএফ, ডব্লিউসিসি, সিসিপিআইটি – এর সাথে যৌথভাবে কাজ করেছে। চলতি বছরে ডিসিসিআই নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করেছে–

১. ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইন (এভিসি) প্রোজেক্টঃ

ঐতিহাসিকভাবেই বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। বহু দশক ধরে কৃষিই ছিল বাংলাদেশের জিডিপি বৃদ্ধি এবং কর্মসংস্থানের মূল উৎস। শিল্পখাতের ক্রমবিকাশের কারণে বিগত কয়েক দশকে জিডিপিতে অবদানের প্রেক্ষিতে শিল্পের থেকে পিছিয়ে গেছে কৃষিখাত। ১৯৭২ সালে জিডিপিতে কৃষিখাতের অবদান ৫৯.৬০% হলেও ২০১৮ সালে এসে তার পরিমাণ ১৪.২৩%।

জিডিপিতে কৃষির অবদান কমে গেলেও, শিল্পায়নের প্রাথমিক ধাপে কৃষির অবদান খুবই গুরুত্বপূর্ণ; বিভিন্ন কৃষিজাত পণ্য নির্ভরশীল দ্রব্যাদি প্রস্তুতে প্রয়োজনীয় কাঁচামাল কৃষিখাতই জোগায়। কৃষিজাত পণ্য প্রস্তুতকরণের শিল্পখাতের প্রয়োজন স্বল্প মূলধন এবং চলনসই মানের প্রযুক্তি। এসএমই খাত কিংবা নব্য উদ্যোক্তাদের জন্য শিল্পের এই খাতটি বেশ উপযোগী।

ডিসিসিআই এগ্রিকালচার ভ্যালুচেইন প্রকল্পের অধীন ও আর্থিক সহায়তায় "ফিড দি ফিউচার বাংলাদেশ" সমঝোতার ভিত্তিতে কৃষি খাতে বিপণন, বাণিজ্যিকীকরণ, বিনিয়োগ এবং কৃষি উৎপাদনে গ্লোবাল-গ্যাপের প্রভাব ইত্যাদি কার্যক্রম পরিচালনা করছে।

এই কার্যক্রমের অংশ হিসেবে চলতি বছরে 'এভিসি' এর সহযোগিতায় ডিসিসিআই ঢাকা এবং ঢাকার বাইরে বেশ কিছু সেমিনার, সংলাপ, কর্মশালা এবং প্রশিক্ষণের আয়োজন করেছে। সেইসাথে ঢাকায় 'ডিসিসিআই এগ্রো টেক ২০১৮' শিরোনামের একটি জাতীয় পর্যায়ের মেলার আয়োজন করেছে। 'এভিসি প্রোজেক্ট' ফেজ-১ ও ২ ডিসিসিআই এরই মধ্যে সাফল্যের সাথে শেষ করেছে।

২. মেটাবিল্ড প্রোজেক্টঃ

মেটাবিল্ড একটি ৪বছর মেয়াদী (২০১৬-২০২০) প্রোজেক্ট যা ইউরোপিয়ান ইউনিয়নের (ইইউ) সহায়তায় এবং সুইচ এশিয়া প্রোগ্রামের আওতায় পরিচালিত হচ্ছে। এসএমই খাতে টেকসই ব্যয় ও উৎপাদনের বিষয়ে এই প্রোগ্রাম গুরুত্ব দিয়ে থাকে। এই প্রকল্পের সামগ্রিক লক্ষ্যগুলো হচ্ছে–

১. বাংলাদেশ, নেপাল এবং শ্রীলংকার ভবন এবং নির্মাণ খাতের জন্য প্রয়োজনীয় লোহাজাতীয় উপকরণের (যেমন স্ট্রাকচারাল স্টিল) উন্নতমানের উৎপাদন প্রক্রিয়া তৈরি করা
২. উদ্দিষ্ট এলাকাসমূহে পরিবেশগত মানের উন্নয়নে অবদান রাখা
৩. উদ্দিষ্ট দেশগুলোয় কাজ এবং জীবনযাত্রার মানের উন্নয়ন করা

বাংলাদেশ, ভারত, নেপাল, শ্রীলংকার নির্মাণখাতের জন্য প্রয়োজনীয় লোহাজাতীয় উপকরণের উৎপাদন প্রক্রিয়ার উন্নতমান নিশ্চিত করা; কাজ এবং জীবনযাত্রার মান উন্নয়নের জন্য একটি যথাযথ সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের প্রয়োজন যা উপকরণের সর্বোচ্চ সদ্ব্যবহার এবং অপচয় নিশ্চিত করে। ২০১৫ সালে ইউরোপিয়ান কমিশন এবং TERI, India ৬টি দেশের (অস্ট্রিয়া, জার্মানি, ভারত, নেপাল, শ্রীলংকা, বাংলাদেশ) মধ্যে একটি কনসোর্টিয়াম সমঝোতায় অন্তর্ভূক্ত হয়েছে যাকে দক্ষিণ এশিয়ার ভবন/নির্মাণ খাতে

Since 2012 BUILD has proposed 651 reform proposals of which 334 proposals were approved while 173 proposals were implemented in different Working Committees and PSDPCC, where in the 2018, thirty-five(35) reform proposals were implemented. BUILD signed MOU with WE Connect International based in Washington and Bangladesh Centre for Advance Studies (BCAS) in 2018.

Distinguished Members

DCCI has been actively cooperating with various international agencies like UNDP, UNCTAD, UNIDO, USAID, EU, WTO, ITC, ESCAP, CBI, World Bank, ICC, GIZ, ZDH, APO, JICA, IFC-BICF, JETRO, CIPE, SEDF, WCC, CCPIT etc. in carrying out various joint project activities for creation of a favorable investment climate and promotion of trade and industry. This year DCCI has implemented the following projects:

1. USAID's Agricultural Value Chains (AVC) Project:

Traditionally Bangladesh's economy is based on agriculture. Agriculture is the main source of GDP growth and employment for many decades in Bangladesh. Over the decades, against the incremental industry contribution to GDP, agriculture is losing its share to industry in terms of contribution to GDP. The contribution of agriculture slipped to 14.23% in 2018 from 59.60% in 1972.

Despite reducing share of agriculture to GDP, the importance of agriculture is crucial in primary industrialization, providing raw materials to many agro-processing based manufacturing activities. As agro-progressing sector requires comparatively low capital and moderate technology, it is most suitable segment to invest by the small and medium enterprises (SMEs) or new entrepreneurs.

DCCI has entered into an Adaptive Market Actor Agreement with Feed the Future Bangladesh Agriculture Value Chain Activity (AVC) under which DCCI received a fixed award grant to implement activities that will help engage public and private partners in key agricultural sectors such as agricultural marketing and commercialization, investment in agriculture, and assessing the impact of Global G.A.P. and other compliance certifications as promotional tools and tactics. As part of these activities, during this year, DCCI, supported by AVC, has organized numerous seminars, dialogues, workshops, and training both in Dhaka and outside of Dhaka. Also organized National Fair named "DCCI Agro Tech 2018" and "Destination Bangladesh Fair 2018" in Dhaka. DCCI has successfully completed the Phase-1 and 2 of DCCI's AVC Project

2. METABUILD Project:

METABUILD is a 4-year project (2016-2020) supported by the European Union (EU) under the SWITCH Asia Programme. This programme emphasizes sustainable consumption and production in small and medium enterprises (SMEs).

The overall objectives of the project are:

(a) Creating improved production processes of metal components (e.g. structural steel) for the building and construction sector in Bangladesh, Nepal and Sri Lanka.

(b) Contributing to improved environmental quality in the target locations, and

(c) Creating improved working and living conditions in the target countries.

In order to ensure improved production process in metal components of building sector in Bangladesh, India, Nepal, Sri Lanka, improved working and living condition through emission reduction and resource efficiency throughout entire supply chain management process focusing metal components. European Commission and TERI, India entered into the consortium agreement of six countries (Austria, Germany, India, Nepal, Sri Lanka and Bangladesh) called Resource Efficient Supply Chain for Metal Products in

ব্যবহৃত লোহাজাত দ্রব্যের জন্য উদ্দিষ্ট রিসোর্স এফিশিয়েন্ট সাপ্লাই চেইন (মেটাবিল্ড) হিসেবে চিহ্নিত করা হচ্ছে। বাংলাদেশের তরফ থেকে কেবলমাত্র ডিসিসিআই এই প্রকল্পের চুক্তিতে স্বাক্ষর করেছে এবং এই প্রকল্প ২০২০ সাল পর্যন্ত চলবে। চলতি বছরে প্রোজেক্ট টেকনিক্যাল টিম ২৫৭টি কোম্পানির সাথে RECP assessment এর জন্য সমঝোতা স্মারক (এমওইউ) সাক্ষর করেছে, ঢাকা এবং চট্টগ্রামের ১৭টি সেক্টরের ১৫০টি কোম্পানির ওপর এই RECP assessment পরিচালনা করেছে। এর মাধ্যমে মোট সমঝোতা স্মারক সাক্ষরের (এমওইউ) সংখ্যা দাঁড়িয়েছে ৩১৭ তে এবং এবং মোট ১৯০টি কোম্পানির ওপর এই RECP assessment সাফল্যজনকভাবে পরিচালিত হয়েছে। চলতি বছরে, এই প্রকল্পের আওতায় মূল লক্ষ্যগুলো আমলে নিয়ে ৩টি প্রশিক্ষণ (টিওটি), ১৭টি সেমিনার এবং কর্মশালা, ২টি গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

৩. ইন্ট্রা-রিজিওনাল ট্রেড প্রোজেক্টের জন্য এশিয়ান এলডিসিভুক্ত দেশগুলোর রপ্তানি ক্ষমতা বৃদ্ধি করা:

ইন্ট্রা-রিজিওনাল ট্রেড প্রোজেক্টের জন্য এশিয়ান এলডিসিভুক্ত দেশগুলোর রপ্তানি ক্ষমতা বৃদ্ধি করার জন্য সৃষ্ট ডিসিসিআই-আইটিসি প্রোজেক্টের অর্থায়নে রয়েছে আইটিসি। এর লক্ষ্য বাংলাদেশ ও এশিয়ার ছয়টি এলডিসিভুক্ত দেশের এসএমই প্রতিষ্ঠানসমূহ থেকে চীনে রপ্তানি বৃদ্ধির মাধ্যমে এশিয়ার অন্যতম বৃহৎ এবং সম্ভাবনাময় আমদানি বাজারটির সদ্ব্যবহার করা। এর মাধ্যমে আন্তঃআঞ্চলিক ব্যবসা-বাণিজ্যের আরও প্রসার ঘটবে। চলতি বছরে এই প্রকল্পের সহায়তার আওতায় (কস্ট শেয়ারিং অ্যারেঞ্জমেন্ট) দুটি কোম্পানি চীনের বাজারে রপ্তানির জন্য সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ নিয়েছে এবং চীনের সাংহাইয়ে অনুষ্ঠিত 'চায়না ইন্টারন্যাশনাল ইমপোর্ট এক্সপো (সিআইআইই)' শীর্ষক আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ করেছে।

৪. ২০০০ নতুন উদ্যোক্তা তৈরি (ই টু কে) প্রোজেক্ট অ্যান্ড ইনোভেশন এক্সপো:

বাংলাদেশ ব্যাংকের সাথে যৌথ উদ্যোগে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সারাদেশ জুড়ে একটি বৃহৎ পরিসরের প্রকল্প হাতে নিয়েছে যার নাম 'ক্রিয়েশন অব ২০০০ নিউ অন্ট্রাপ্রেনারস (ই টু কে)'। এই প্রকল্পের কাজ শুরু হয়েছে ২০১৩ সালে এবং বাংলাদেশ ব্যাংকের অভিভাবকত্ব/দিকনির্দেশনা নিয়ে ডিসিসিআই এই প্রকল্পটি পরিচালনা করছে। এই প্রকল্পের আওতায় ডিসিসিআই একটি ২০১৪ সালের মে মাসে 'ডিসিসিআই অন্ট্রাপ্রেনারশিপ অ্যান্ড ইনোভেশন এক্সপো' শিরোনামের একটি মেগা-এক্সপোর আয়োজন করেছে। ই টু কে প্রোজেক্টের লক্ষ্যমাত্রা ও নেটওয়ার্ক কার্যকর করার জন্য একে ইউএসএআইডির অর্থায়নে পরিচালিত 'ডিসিসিআই এভিসি প্রোজেক্ট' এর সাথে সম্পৃক্ত করা হয়েছে। চলতি বছরে এই প্রকল্পের আওতায় ৫টি জেলাভিত্তিক চেম্বার থেকে (বরিশাল, ভোলা, যশোর, সাতক্ষীরা এবং ফরিদপুর) মোট ৪০ জন উদ্যোক্তা 'ব্যাংকেবল প্রোজেক্ট প্রোপোজাল প্রিপারেশন ট্রেনিং' শিরোনামের প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

৫. ডিসিসিআই হেল্প ডেস্ক :

ইউএসএআইডি-এভিসি প্রকল্পের সহায়তায় ডিসিসিআই ভবনে ডিসিসিআই একটি GAP হেল্প ডেস্ক প্রতিষ্ঠা করেছে। স্থানীয় এবং আন্তর্জাতিক পরিসরে এই GAP সার্ভিস ডেস্কের মূল কাজ হচ্ছে GlobalGAP সংশ্লিষ্ট বিষয়াষয়ে যথাযথ তথ্য এবং সহায়তা প্রদান– যেমন সার্টিফিকেশন, লাইসেন্সিং এবং অন্যান্য। অতি সত্ত্বর ডিসিসিআই'র GlabalGAP এর কান্ট্রি পার্টনার হওয়ার কথা রয়েছে।

২০১৮ সালে ডিসিসিআই আয়োজিত অনুষ্ঠানসমূহ

১. 'ইনল্যান্ড ওয়াটারওয়েজ : রিশেপিং কানেক্টিভিটি অ্যান্ড ক্রিয়েটিং ইকোনমিক অপরচুনিটিজ' বিষয়ক সেমিনার।

২. ডিসিসিআই'র ৬০ বছর উদযাপন উপলক্ষে আর্মি গলফ ক্লাবে ঐতিহ্যবাহী 'মেজবান' আয়োজিত।

৩. 'ডাইভারসিফিকেশন অব জুট ফর দ্য ডেভেলপমেন্ট অব জুট ইন্ডাস্ট্রি' বিষয়ে ডিসিসিআই এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনার।

৪. "রোল অব প্রাইভেট সেক্টর ইন এসডিজি'স" বিষয়ে পরামর্শক সভা ডিসিসিআই এবং সিপিডি'র যৌথ আয়োজনে ডিসিসিআই গুলশান সেন্টারে অনুষ্ঠিত হয়।

৫. 'জয়েন্ট ক্রেডিটিং মেকানিজম (জেসিএম)-সাপোর্টিং কমিটমেন্টস টু দ্য মিটিগেশন টার্গেটস' শিরোনামের একটি কর্মশালা ডিসিসিআই ভবনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

Building Sector in South Asia (METABUILD) in 2015. DCCI inked the project agreement as the only partner of Bangladesh and project will continue till 2020. During the year 2018, project technical team signed MoU with 257 companies for RECP assessment and conducted RECP assessment in 150 companies converging 17 sectors, both Dhaka and Chattagram, reaching total stock of MoU to 317 and successful assessment of RECP in 190 companies. During the year, 3 training (ToT), 17 seminars and workshop, 2 roundtable discussions were organized under this project in line with the objectives of this project.

3. Enhancing Export Capacities of Asian LDCs for Intra-regional Trade Project:

DCCI-ITC Project for Enhancing Export Capacities of Asian LDCs for Intra-regional Trade is funded by ITC, aims at increasing exports of Small and Medium-sized Enterprises (SMEs) from Bangladesh including 6 Asian LDCs to China to take advantage of Asia's largest and most dynamic import market, as a stimulus to boost intra-regional trade. During this year, under this project (cost sharing arrangement), two companies, who received training on building export capacity in exporting to Chinese market, participated international fair 'China International Import Expo (CIIE)' held in Shanghai, China.

4. Creating 2000 New Entrepreneurs (E2K) Project & Innovation Expo:

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in cooperation with Bangladesh Bank has taken up an ambitious and a Mega Project namely "Creation of 2000 New Entrepreneurs (E2K)" across the country. The activity of the project has started since 2013 and the project is being operated by DCCI under the guidance of Bangladesh Bank. Under this project, DCCI has organized a mega-expo namely "DCCI Entrepreneurship and Innovation Expo" in Dhaka in May 2014. To operationalise the E2K objectives and its network, the activities of E2K is being linked with USAID funded DCCI-AVC Project. This year 40 new Entrepreneurs from five District Chambers (Barisal, Bhola, Jessore, Satkhira and Faridpur) have received training on "Bankable Project Proposal Preparation Training" under E2K Project.

5. DCCI Help Desk:

DCCI in cooperation with USAID-AVC project established a GAP Help Desk in DCCI premises. The main objective of the DCCI's Global and Local GAP service desk is to provide information and support related to GlobalGAP products such as certification, licensing and other services. DCCI will be the country partners of GlabalGAP very soon.

DCCI Events During 2018

1. Seminar on "Inland Waterways: Reshaping Connectivity & Creating Economic Opportunities" at La Vita Hall, Lakeshore Hotel.
2. Traditional MEZBAAN organized by DCCI at Army Golf Club, Dhaka on the occasion of DCCI's 60th Anniversary
3. Seminar on "Diversification of jute for the Development of Jute Industry" jointly organized by DCCI and Ministry of Textiles & Jute at DCCI Auditorium, Motijheel.
4. Consultation meeting on "Role of Private Sector in SDGs" jointly organized by DCCI and CPD at DCCI.
5. A Workshop titled "Joint Crediting Mechanism (JCM)-Supporting Commitments to the Mitigation Targets" held at DCCI.

৬. পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বিষয়ে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময় সভা

৭. "প্রাক বাজেট আলোচনা ২০১৮-১৯" শিরোনামের সরাসরি টেলিভিশন অনুষ্ঠান ডিসিসিআই, দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ এর যৌথ আয়োজনে বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারের (বিআইসিসি) মিডিয়া বাজার হলে অনুষ্ঠিত হয়।

৮. ডিসিসিআই এবং ইউএসএআইডি-এভিসি প্রকল্পের যৌথ আয়োজনে "ডিসিসিআই এগ্রো-টেক ২০১৮" ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা-য় আয়োজিত হয়।

৯. ডিসিসিআই অডিটোরিয়ামে প্রাক বাজেট সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

১০. 'দ্য কি ফাইন্ডিংস অব বাংলাদেশ লজিস্টিকস (ওয়্যারহাউজিং অ্যান্ড স্টোরেজ) স্টাডি আন্ডারটেকেন বাই দ্য ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ' নিয়ে ডিসিসিআই এবং আইএফসি-র যৌথ উদ্যোগে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ব্যালকনি হলে একটি কর্মশালার আয়োজন করা হয়।

১১. 'কোম্পানিস অ্যাক্ট: ক্রিটিক্যাল রিফর্মস ফর প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট' বিষয়ে মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে একটি গোলটেবিল মতবিনিময় সভার আয়োজন করা হয়।

১২. ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইনস প্রোজেক্টের সহায়তায় ডিসিসিআই 'নলেজ ডিসেমিনেশন অন লোকাল/বাংলাদেশ জিএপি' শিরোনামের একটি সেমিনার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজন করে।

১৩. ডিসিসিআই এবং বিয়াক-এর যৌথ আয়োজনে 'এডিআর ইন ম্যানেজিং দ্য রিস্ক অব নন পারফর্মিং ব্যাংক লোনস' শিরোনামের একটি গোলটেবিল মতবিনিময় সভা মতিঝিলের ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

১৪. 'পটেনশিয়াল রোলস অ্যান্ড চ্যালেঞ্জেস অব প্রাইভেট সেক্টর টু অ্যাচিভ সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস (এসডিজি)' বিষয়ে একটি গোলটেবিল আলোচনা সভা ডিসিসিআই'র আয়োজনে ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

১৫. 'হালাল সার্টিফিকেশন স্ট্যান্ডার্ডস অ্যান্ড চ্যালেঞ্জেস: অপরচুনিটিজ টু বাংলাদেশ মার্কেট' বিষয়ে ডিসিসিআই'র আয়োজনে ডিসিসিআই অডিটোরিয়ামে একটি সেমিনার আয়োজিত হয়।

১৬. ডিসিসিআই এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) 'বাংলাদেশ লজিস্টিকস স্টাডি কি ইস্যুজ, প্রোসপেক্টস অ্যান্ড প্রায়োরিটিজ' শিরোনামের একটি স্টেকহোল্ডার কর্মশালা প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ব্যালকনি হলে অনুষ্ঠিত হয়।

১৭. 'কারেন্ট ব্যাংকিং সেক্টর অব বাংলাদেশ' শিরোনামে একটি ব্রেইনস্টর্মিং আলোচনা ডিসিসিআই'র আয়োজনে ডিসিসিআই গুলশান সেন্টারে অনুষ্ঠিত হয়।

১৮. ডিসিসিআই'র আয়োজনে 'ডেস্টিনেশন বাংলাদেশ–গেটওয়ে টু গ্রোথ অ্যান্ড ইনভেস্টমেন্ট' শিরোনামের আন্তর্জাতিক সম্মেলন বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে (বিআইসিসি) অনুষ্ঠিত হয়।

১৯. ডিসিসিআই এবং বিএফটিআই'র যৌথ উদ্যোগে 'ট্রেড ওয়ার অ্যান্ড ইটস ইমপ্যাক্ট অন বাংলাদেশ' বিষয়ক মতবিনিময় সভা মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

২০. 'এলএনজি ট্যারিফ: ইমপ্লিকেশন অন ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রিজ' বিষয়ে ডিসিসিআই একটি সংলাপের আয়োজন করে। এটি মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

ডিসিসিআই পরিচালনা পর্ষদের বিভিন্ন সময়ে অনুষ্ঠিত সাক্ষাৎকারসমূহ

১. বেজা-এর নির্বাহী চেয়ারম্যান জনাব পবন চৌধুরীর সাথে বেজা অফিসে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ অনুষ্ঠিত।

২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব আ হ ম মুস্তাফা কামাল, এমপি-এর সাথে পরিকল্পনা মন্ত্রণালয়ে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ অনুষ্ঠিত।

৩. বিডা-এর নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী আমিনুল ইসলামের সাথে বিডা অফিসে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ অনুষ্ঠিত।

6. Focus Group Discussion Meeting among local and special businsse cooperative societies to control the market price of necessary good during Holly Ramadan.
7. Seminar on "law and Order Situation and Price Control of Essential Commodities during Holy Ramadan" organized by DCCI at DCCI.
8. Live TV Program on "Pre-Budget Discussion" jointly organized by DCCI, The Daily Samakal and Channel 24 at Media Bazar, BICC.
9. "DCCI Agro Tech 2018" jointly organized by DCCI & USAID AVC Project at Hall-1, International Convention City Bashundhara, Dhaka.
10. Meet the Press on "Pre-Budget Discussion" organized by DCCI at DCCI.
11. Workshop on "The Key findings of Bangladesh Logistics (Warehousing and Storage) study undertaken by the World Bank Group" jointly organized by DCCI and IFC at Balcony Hall, Pan Pacific Sonargaon Hotel.
12. Roundtable Discussion on "Companies Act: Critical Reforms for Private Sector Development" organized by DCCI at DCCI.
13. DCCI, supported by Agricultural Value Chains Project of USAID, organized a seminar on "Knowledge Dissemination on Local/Bangladesh GAP" at DCCI.
14. Roundtable Discussion on "ADR in Managing the Risk of Non Performing Bank Loans" jointly organized by DCCI and BIAC at DCCI.
15. Roundtable Discussion on "Potential Roles and Challenges of Private Sector to achieve Sustainable Development Goals (SDG)" organized by DCCI at DCCI.
16. Seminar on "Halal Certification Standards and Challenges: Opportunities to Bangladesh Market" organized by DCCI at DCCI.
17. DCCI and IFC jointly organized stakeholder workshop titled "Bangladesh Logistics Study Key Issues, Prospects and Priorities" at the Balcony Hall, Pan Pacific Sonargaon Hotel, Dhaka.
18. Brainstorming Discussion on "Current Banking Sector of Bangladesh" organized by DCCI at DCCI.
19. International Conference on "Destination Bangladesh-Gateway to growth and Investment" organized by DCCI at Bangabandhu International Conference Center (BICC).
I am delighted to mention that with relentless effort and sincerity, the Board of Directors, Conveners, Joint conveners, members of the standing committees and all officials of the Secretariat performed well to achieve the set goals for DCCI in 2018 and strengthen the role of DCCI for the development of private sector particularly for SMEs, which immensely contributed to uphold the image of the Chamber at home and abroad. I would like to thank all members of Board and DCCI members for their wonderful contribution, keeping trust on me and giving me great honour and privilege to lead the DCCI for last two consecutive years.

আমি আনন্দের সাথে উল্লেখ করতে চাই যে অক্লান্ত প্রচেষ্টা এবং আন্তরিকতার মাধ্যমে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ, আহ্বায়ক, যুগ্ম আহ্বায়ক, স্ট্যান্ডিং কমিটির সদস্যগণ এবং সচিবালয়ের কর্মকর্তাগণ ২০১৮ সালে নির্ধারিত লক্ষ্যসমূহ অর্জনে সক্ষম হয়েছেন। বেসরকারিখাতের উন্নয়নে, বিশেষ করে এসএমই খাতের উন্নয়নের জন্য ডিসিসিআই যে প্রচেষ্টা রেখেছে তা জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে ডিসিসিআই'র ভাবমূর্তি উজ্জ্বল করেছে। আমি ধন্যবাদ জানাই পর্ষদের সকল সদস্য এবং ডিসিসিআই'র সদস্যদের আন্তরিক অবদানের জন্য, আমার প্রতি বিশ্বাস স্থাপনের জন্য এবং ডিসিসিআই'র নেতৃত্ব প্রদানের সুযোগ ও সম্মান প্রদানের জন্য।

আমি আমার সকল পূর্বশূরীদের ও উত্তরশূরীদের প্রতি গভীর আস্থা জানাচ্ছি। ননির্বাচিত সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি এবং সহ-সভাপতি এবং পরিচালকদের অভিনন্দন জানাচ্ছি। আমি প্রত্যাশা রাখি যে ২০১৯ সালে ডিসিসিআই'র এই নতুন নেতৃত্ব আরও গতিশীলতা নিয়ে আসবে এবং ডিসিসিআইকে আরও উচ্চতর মর্যাদায় নিয়ে যেতে সক্ষম হবে।

আমি অবশ্যই বলতে চাই যে ডিসিসিআই বাংলাদেশের বেসরকারিখাতের জন্য কেবল একটি অগ্রগণ্য কণ্ঠস্বরই নয়, এটি জাতির উন্নয়নেও এক শক্তিশালী সঙ্গী। আজ ডিসিসিআই 'বাংলাদেশ ইজ বিল্ডিং বাংলাদেশ' (বাংলাদেশ গড়ছে বাংলাদেশ) স্লোগানের সাথে সাথে এ নিয়েও দৃপ্ত বিশ্বাস রাখে যে, চলমান অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারায় ২০২১ সালের মধ্যে আমরা মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী ৩০তম বৃহৎ অর্থনীতির দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্র হিসেবে স্বীকৃত হতে সক্ষম।

আমি বিশ্বাস করি যে ডিসিসিআই সদস্যদের ধারাবাহিক সহযোগিতা, পরিচালনা পর্ষদের সদস্যগণের কঠোর পরিশ্রম, স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়ক এবং আমাদের প্রাক্তন সভাপতিবৃন্দের দিকনির্দেশনার সুবাদে; উন্নয়নের পথে বাংলাদেশের যাত্রায় ডিসিসিআই'র ভূমিকা আমরা আরও জোরালো করে তুলতে পারব। ডিসিসিআই'র সভাপতি হিসেবে আজই আমার শেষ কার্যদিবস। মহান আল্লাহ পাকের অশেষ মেহেরবানী যে তিনি আমাকে এই ঐতিহ্যবাহী সংগঠনটির নের্তৃত্ব দেয়ার সুযোগ প্রদান করেছেন। ডিসিসিআইকে নের্তৃত্ব প্রদানকালে আমার অনেক সুখকর স্মৃতি রয়েছে যা আমাকে এই চেম্বারকে সেবা করার আরও প্রেরণা যোগাবে। আমি অত্যন্ত আনন্দিত যে, আমার উর্ধ্বতন সহ-সভাপতি এবং সহ-সভাপতিসহ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ডিসিসিআই'র ষাটতম প্রতিষ্ঠাবার্ষিকীর বছরটিতে দায়িত্ব পালন করতে সক্ষম হয়েছি।

নবনির্বাচিত সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও সর্বোপরি নতুন পর্ষদকে আমি স্বাগত জানাই। আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই, যে দায়িত্ব তাদের উপর অর্পণ করা হয়েছে তা অত্যন্ত গৌরবের এবং দায়িত্বশীলতার। তারা যেন সব সময় তাদের প্রতিশ্রুতির প্রতি অঙ্গীকারবদ্ধ থাকেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ৫৭তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হবার জন্য আমি আবারো আপনাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আল্লাহ্ হাফেজ

আবুল কাসেম খান
সভাপতি, ডিসিসিআই
ডিসেম্বর ২২, ২০১৮

I would like to extend my deep appreciation to all of my predecessors and successors. I would also like to congratulate the newly elected President, Senior Vice President, Vice President and Directors of DCCI. I hope the new leadership in DCCI for the year 2019 will bring more dynamism and value to glorify and elevate DCCI into new height.

DCCI is not only a leading voice for private sector in Bangladesh but also a strong partner in the progress of the nation. Today, DCCI has set a new slogan **"Bangladesh is Building Bangladesh"** and we are confident that given our current economic growth momentum, we would achieve Middle-Income Country status by the year 2021, becoming the 30th largest economies in the world by year 2030 and Developed Country by the year 2041.

I believe with the continued support of DCCI members, hard work of the Board of Directors, Standing Committee Conveners and Joint Conveners and the guidance of our former Presidents, we will contribute to further spearhead the role of DCCI in the development journey of the country. Today is my last day as the President of DCCI. Almighty Allah has been kind enough to give me the opportunity to serve this great institute. I will always have great memories of my service to this institute which has served the business community over the last six decades and will continue to serve. I along with my board members, Senior Vice President, Vice President have had the privilege to serve DCCI on its 60th anniversary.

I welcome the new Board along with the newly elected President, Senior Vice President and Vice President. And, I will remind them the position they will hold in this institute is a position of great service and responsibility and therefore they must keep in mind of their commitment.

I thank you all once again for your kind presence at in the 57th Annual General Meeting (AGM) of DCCI.

Allah Hafiz

Abul Kasem Khan
President, DCCI
Date: 22 December, 2018

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর ৫৬তম বার্ষিক সাধারণ সভা গত ২৩ ডিসেম্বর, ২০১৭ ইং, রোজ শনিবার, বিকাল ০৩ঃ০০ ঘটিকায়, ডিসিসিআই অডিটোরিয়াম (৬ষ্ঠ তলা), ঢাকা চেম্বার ভবন, ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০-তে অনুষ্ঠিত হয়।

৫৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১।	জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান	-	মেসার্স খায়ের এন্টারপ্রাইজেস
২।	জনাব মাহাবুব আনাম	-	মেসার্স মাহাবুব অ্যান্ড এসোসিয়েটস
৩।	মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ)	-	মেসার্স ইয়াদ লিমিটেড
৪।	জনাব এম আনওয়ারুল হক	-	মেসার্স টিপারা আয়রন অ্যান্ড টিন ফ্যাক্টরী লিঃ
৫।	আলহাজ্ব মোঃ এহ্সানুল হক (এহ্সান)	-	মেসার্স আপন ট্রেড ইন্টারন্যাশনাল
৬।	জনাব বিধু ভূষণ চক্রবর্তী	-	মেসার্স এশিয়া প্যাসিফিক জেনারেল ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড
৭।	জনাব এ কে মিজানুর রহমান, এফসিএ	-	মেসার্স শফিক মিজান রহমান এন্ড অগাস্টিন
৮।	জনাব এম এস সিদ্দিকী	-	মেসার্স বাংলা কেমিক্যাল
৯।	জনাব এম আবু হোরায়রাহ	-	মেসার্স সালমান রেফ্রিজারেশন
১০।	জনাব মোঃ সাখায়েত উল্লাহ	-	মেসার্স রিলায়েবল কর্পোরেশন
১১।	আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক	-	মেসার্স এভিন্স গার্মেন্টস
১২।	আলহাজ্ব আব্দুস সালাম	-	মেসার্স হাজী আব্দুল হালিম এন্ড সন্স
১৩।	জনাব নান্না মিয়া	-	মেসার্স নিপা ইন্টারন্যাশনাল
১৪।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম	-	মেসার্স ফেডারেল ইন্সপেকশন সার্ভিস লিঃ
১৫।	জনাব মোঃ আতিকুল হাসান	-	মেসার্স ফুড ইম্পোরিয়াম
১৬।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	-	মেসার্স আলিফ বয়লার কোম্পানি লিঃ
১৭।	জনাব এ.কে.এম. নুরুল হুদা পিন্টু	-	মেসার্স ই-জোন লিমিটেড
১৮।	জনাব মোহাম্মদ নুরুন নবী, এফসিএ	-	মেসার্স একনাবিন
১৯।	জনাব আবু জাহিদ	-	মেসার্স বিডেক্স ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিমিটেড
২০।	খন্দ. রাশেদুল আহসান	-	মেসার্স পিসেস কর্পোরেশন লিঃ
২১।	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম	-	মেসার্স এস.এম. ইলেক্ট্রিক এন্ড ইলেকট্রনিক্স
২২।	জনাব মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স জেনারেল মটর্স
২৩।	জনাব মোঃ রাশেদ আলী	-	মেসার্স দয়াল এন্টারপ্রাইজ
২৪।	জনাব আবু নাঈম আল মামুন	-	মেসার্স ক্রান্তি কৃষি বিপনন লিঃ
২৫।	জনাব মোঃ আব্দুল হান্নান	-	মেসার্স সেনটিরা এন্টারপ্রাইজ লিঃ
২৬।	জনাব মোঃ হারুন অর রশিদ	-	মেসার্স যমুনা ব্যাংক লিঃ
২৭।	জনাব ইমতিয়াজ আহমেদ	-	মেসার্স ইউনিক এক্সপোর্টার্স (প্রাঃ) লিঃ
২৮।	জনাব দীন মোহাম্মদ	-	মেসার্স দীন মোহাম্মদ
২৯।	ইঞ্জিঃ এম এ ওয়াহাব	-	মেসার্স একিউরেট টেকনোলজি লিঃ
৩০।	জনাব এজাজ মাহমুদ রিদওয়ান	-	মেসার্স রূপায়ন হাউজিং এস্টেট লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৩১।	জনাব এস.এম. জিল্লুর রহমান	-	মেসার্স রহমান ওভারসীজ ট্রেড লিংক
৩২।	জনাব মোঃ আল-মামুন	-	ফিহা ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন লিঃ
৩৩।	জনাব কামরুল ইসলাম, এফসিএ	-	মেসার্স মাসনুনস লিঃ
৩৪।	জনাব আসিফ এ চৌধুরী	-	মেসার্স কে-লাইন বাংলাদেশ লিঃ
৩৫।	জনাব সৈয়দ হাবিবুর রহমান	-	মেসার্স ফয়সাল কন্ট্রাকটিং কর্পোরেশন
৩৬।	জনাব শাহজাহান সরকার	-	মেসার্স ইরেক্টর ইন্টারন্যাশনাল
৩৭।	জনাব রিয়াদ হোসেন	-	মেসার্স আর এইচ ইন্টারন্যাশনাল
৩৮।	জনাব শেখ মোঃ ওয়ালিউল ইসলাম	-	মেসার্স রুটস সোর্সিং ইন্টারন্যাশনাল লিঃ
৩৯।	জনাব আলহাজ্ব আব্দুল হাকিম	-	মেসার্স এফ.এম.কিউ. ইস্টাবলিশমেন্ট
৪০।	জনাব নুহের লতিফ খান	-	মেসার্স জুলেস পাওয়ার লিঃ
৪১।	জনাব আবুল কাসেম খান	-	মেসার্স এ. কে. খান টেলিকম লিমিটেড
৪২।	জনাব আবু নাঈম রিপন	-	মেসার্স লাকি ট্রেডিং এজেন্সি
৪৩।	ইঞ্জিঃ আকবর হাকিম	-	মেসার্স ইঞ্জিনিয়ারিং রিসোর্সেস ইন্টারন্যাশনাল লিঃ
৪৪।	জনাব মাহবুবুর রহমান	-	মেসার্স ইটিবিএল হোল্ডিংস লিমিটেড
৪৫।	জনাব এ.এস.এম. কাশেম	-	মেসার্স নিউএইজ গার্মেন্টস লিঃ
৪৬।	জনাব আর. মাকসুদ খান	-	মেসার্স বেঙ্গল ফাইন সিরামিক্স লিমিটেড
৪৭।	জনাব আফতাব-উল-ইসলাম	-	মেসার্স আইওই (বাংলাদেশ) লিমিটেড
৪৮।	জনাব বেনজির আহমেদ	-	মেসার্স এল. এ. ফ্যাশন (প্রাঃ) লিঃ
৪৯।	জনাব ফজলে আর এম হাসান	-	মেসার্স এলাইড এন্টারপ্রাইজ
৫০।	জনাব আসিফ ইব্রাহীম	-	মেসার্স নিউএইজ এ্যাপারেল্স লিমিটেড
৫১।	জনাব এম এস সেকিল চৌধুরী	-	মেসার্স টিসিবিএল গ্রুপ
৫২।	জনাব আন্দালিব হাসান	-	মেসার্স নর্থ বেঙ্গল সাইকেল ইন্ডাস্ট্রিজ লিঃ
৫৩।	জনাব ইমরান আহমেদ	-	মেসার্স নবাব অ্যান্ড সন্স
৫৪।	জনাব নাজির হোসেন	-	মেসার্স এন এইচ ইন্টারন্যাশনাল
৫৫।	জনাব মোঃ কামালউদ্দিন মালিক	-	মেসার্স ইম্পেরিয়াল প্লাষ্টিক ইন্ডাষ্ট্রিজ
৫৬।	জনাব হোসেন এ সিকদার	-	মেসার্স হোমটেক ডেভেলপমেন্টস্ এন্ড হোল্ডিংস লিঃ
৫৭।	জনাব খন্দ. আতিক-ই-রাব্বানী, এফসিএ	-	মেসার্স দি কম্পিউটারস লিমিটেড
৫৮।	জনাব মনোয়ার হোসেন	-	মেসার্স মনোয়ার ট্রেডিং
৫৯।	জনাব আব্দুল মালেক	-	মেসার্স আব্দুল মালেক
৬০।	জনাব এম. শফিকুল আলম, এফসিএ	-	মেসার্স ন্যাশনাল এসেট ম্যানেজমেন্ট লিঃ
৬১।	জনাব হোসেন আখতার	-	মেসার্স আনোয়ার এক্সপোর্ট অ্যান্ড ইম্পোর্ট কোং
৬২।	জনাব শরফরাজ হোসেন	-	মেসার্স ফাষ্ট ফাইন্যান্স লিমিটেড
৬৩।	জনাব সেলিম আখতার খান	-	মেসার্স এ্যাসেট ডেভেলপমেন্টস অ্যান্ড হোল্ডিংস লিমিটেড
৬৪।	জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	-	মেসার্স ইউনিসন গোল্ড লিমিটেড
৬৫।	জনাব শাহিদ আমিন রানা	-	মেসার্স আনোয়ার সিল্ক মিলস লিঃ
৬৬।	জনাব মোঃ ওমর গণি	-	মেসার্স আনোয়ার পাল্প লিমিটেড
৬৭।	জনাব বেলাল হোসেন	-	মেসার্স টিকেডি এন্টারপ্রাইজ অব বিডি
৬৮।	জনাব হুমায়ুন রশিদ	-	মেসার্স এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৬৯।	জনাব মোঃ ইকরাম ঢালি	-	মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এক্সেসরিজ
৭০।	জনাব নূর হোসেন	-	মেসার্স এঞ্জেল করপোরেশন
৭১।	জনাব টি. আই. এম নূরুল কবির	-	মেসার্স স্পেনোভিশন লিঃ
৭২।	জনাব সাইফুর রহমান	-	মেসার্স এস. কমার্শিয়াল এন্টারপ্রাইজ
৭৩।	জনাব মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স বায়োফার্মা লিঃ
৭৪।	জনাব মোঃ সবুর খান	-	মেসার্স ডেফোডিল কম্পিউটারস্ লিঃ
৭৫।	জনাব মোঃ বাচ্চু	-	মেসার্স জাওয়াদ ড্রাগ
৭৬।	জনাব মোঃ হাবিবুর রহমান	-	মেসার্স আলেয়া কর্পোরেশন
৭৭।	জনাব হাফিজ ইউ বিপ্লব	-	মেসার্স ইউনাইটেড কন্টিনেন্টাল লিঃ
৭৮।	জনাব মোক্তার হোসেন চৌধুরী	-	মেসার্স ইউনি-গ্লোব ট্রাভেলস
৭৯।	জনাব আবু জাফর মোঃ ছাদেক	-	মেসার্স হামদার্দ ল্যাবরেটরিস (ওয়াকফ) বাংলাদেশ
৮০।	মিসেস আসমা খাতুন	-	মেসার্স সুচিলি
৮১।	ইঞ্জি. মোঃ আল আমিন	-	মেসার্স প্যারাডাইজ ডেভেলপমেন্ট অ্যান্ড কনস্ট্রাকশনস লিঃ
৮২।	জনাব মোঃ আওলাদ হোসেন	-	মেসার্স এএইচকে ট্রেড ইন্টারন্যাশনাল
৮৩।	জনাব ফজলুল হক	-	মেসার্স প্লামি ফ্যাশন লিঃ
৮৪।	জনাব তোফাজ্জেল হোসেন তালুকদার	-	মেসার্স সাজু এন্টারপ্রাইজ
৮৫।	জনাব রিজওয়ান-উর-রহমান	-	মেসার্স ইটিবিএল সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ লিঃ
৮৬।	জনাব এম এ রশিদ শাহ সম্রাট	-	মেসার্স মক্কা ট্যুরস্ অ্যান্ড ট্রাভেলস্
৮৭।	জনাব এম এ হামিদ	-	মেসার্স দিগন্ত এডভারটাইজিং
৮৮।	জনাব আহমেদ হোসেন মজুমদার	-	মেসার্স পারভীন ট্রেডিং কর্পোরেশন
৮৯।	জনাব মোহাম্মদ জমশের আলী	-	মেসার্স সনি লুব্রিকেন্টস সেন্টার
৯০।	জনাব গোলাম গাফ্ফার	-	মেসার্স শান্তাক্রুজ
৯১।	জনাব মোঃ মঈন	-	মেসার্স ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং
৯২।	জনাব আব্দুর রহিম	-	মেসার্স অনিক কম্পোজিটস মিলস্ লিঃ
৯৩।	জনাব মোহাম্মদ নিজামউদ্দিন তালুকদার	-	মেসার্স লিংকন ইম্পেক্স ওভারসীজ
৯৪।	জনাব সুমন তালুকদার	-	মেসার্স এস এস বিজনেস কর্পোরেশন লিঃ
৯৫।	জনাব মোহাম্মদ এনামুল হক	-	মেসার্স মডার্ন এন্টারপ্রাইজ
৯৬।	জনাব মোহাম্মদ ওসমান গনি	-	মেসার্স হাইপো ইন্টারন্যাশনাল বিজনেস কোম্পানী
৯৭।	জনাব ওসমান গনি	-	মেসার্স আগামী প্রকাশনী
৯৮।	জনাব মোহাম্মদ বেলাল হোসেন	-	মেসার্স ইমেক্স কর্পোরেশন
৯৯।	ইঞ্জিঃ এম আনিসুজ্জামান ভূঁইয়া রানা	-	মেসার্স জামান কনস্ট্রাকশন
১০০।	জনাব বিষ্ণু কুমার সরকার	-	মেসার্স আনোয়ার গ্যালভানাইজিং লিঃ
১০১।	জনাব এস কে শরিফ মিয়া	-	মেসার্স এ.জি অটোমোবাইলস লিঃ
১০২।	জনাব আহমেদ সাগর	-	মেসার্স এ ওয়ান ট্রেডিং কোং
১০৩।	জনাব মিজানুর রহমান	-	মেসার্স আনোয়ার জুট স্পিনিং মিলস লিঃ
১০৪।	জনাব এসএম মুসফিকুর রহমান	-	মেসার্স মেহমুদ ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১০৫।	জনাব মোঃ আল-হেলাল	-	মেসার্স আনোয়ার ল্যান্ডমার্ক লিঃ
১০৬।	জনাব মোঃ শাহীন হোসেন	-	মেসার্স ট্রাম্প ইঞ্জিনিয়ারিং লিমিটেড
১০৭।	জনাব মির্জা জহির আলী	-	মেসার্স পেগাসাস ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং
১০৮।	জনাব রফিকুল ইসলাম চৌধুরী	-	মেসার্স বাল্ক ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ
১০৯।	মিসেস তানুজা মেহমুদ	-	মেসার্স হোসেন ডাইং প্রিন্টিং মিলস্ লিঃ
১১০।	মিসেস সুরাইয়া আলম	-	মেসার্স সুরাইয়া ফ্যাশন
১১১।	জনাব মোঃ রমজান আলী	-	মেসার্স হক প্লাস্টিক সেন্টার
১১২।	জনাব প্রাণতোষ দাস	-	মেসার্স ডি এস এম কমোডিটিস লিঃ
১১৩।	জনাব মোঃ আব্দুর রশিদ	-	মেসাস সেনটিরা এন্টারপ্রাইজ লিঃ
১১৪।	জনাব মামুন আকবর	-	মেসার্স এএমএ মেডিক্যাল লিমিটেড
১১৫।	জনাব আবসার করিম চৌধুরী	-	মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাষ্ট্রিজ
১১৬।	খন্দকার শহীদুল ইসলাম	-	মেসার্স মাহবুবা খন্দকার
১১৭।	জনাব মোঃ বাশীর উদ্দিন	-	মেসার্স ক্যাপিটাল বিস্কুটস কোং
১১৮।	জনাব এম খায়রুল আলম	-	মেসার্স এ আর সার্ভিসেস
১১৯।	জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া	-	মেসার্স শ্যাডো ইন্টারন্যাশনাল
১২০।	জনাব সাখাওয়াত হোসেন	-	মেসার্স বেঙ্গল জুট এন্ড বারলপ এজেন্সিজ
১২১।	জনাব সালাম জাহাঙ্গীর চৌধুরী	-	মেসার্স মার্স ইন্টারন্যাশনাল
১২২।	জনাব মোঃ শামসুদ্দিন	-	মেসার্স আনোয়ার সিমেন্ট সীট লিঃ
১২৩।	জনাব নাদিম আহমেদ	-	মেসার্স আনোয়ার ইন্টিগ্রেটেড স্টীল প্ল্যান্ট লিঃ
১২৪।	জনাব মোতাহার হোসেন	-	মেসার্স বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেমেন্ট কোম্পানী লিঃ
১২৫।	জনাব হায়দার আহমদ খান, এফসিএ	-	মেসার্স আহমেদ খান অ্যান্ড কোং
১২৬।	জনাব এ এস এম মাহফুজুর রহমান	-	মেসার্স এইচ এম ট্রেডার্স
১২৭।	জনাব মোঃ বখতিয়ার আলম	-	মেসার্স বাংলাদেশ সাইন্স হাউজ
১২৮।	জনাব মোঃ নূরুল আমিন	-	মেসার্স অ্যাডভান্স ট্রেড
১২৯।	জনাব মোঃ নুরুজ্জামান দিপু	-	মেসার্স দি বেঙ্গল প্রিন্টিং ওয়ার্কস
১৩০।	জনাব মোঃ ফজলুল মোমিন	-	মেসার্স মোমিন এন্টারপ্রাইজ
১৩১।	জনাব আব্বাস আলী	-	মেসার্স মীম এন্টারপ্রাইজ
১৩২।	জনাব তপন কৃষ্ণ পোদ্দার	-	মেসার্স এলায়েন্স ফিনান্সিয়াল সার্ভিসেস লিঃ
১৩৩।	জনাব সৈয়দ তাজুল বাশার তপু	-	মেসার্স কনসার্টেড সলিউশন
১৩৪।	জনাব রোকনুজ্জামান	-	মেসার্স ঢাকা অনুবাদ
১৩৫।	জনাব ইমতিয়াজ আহমেদ	-	মেসার্স ফাতেমা নাজির কনস্ট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং
১৩৬।	জনাব রনি শফিকুল ইসলাম	-	মেসার্স রেসা বেনারসি কুঠির
১৩৭।	জনাব এম এইচ দারিয়া মনজু	-	মেসার্স পাওয়ার অটোমোশন লিঃ
১৩৮।	জনাব এম এ মোমেন	-	মোসার্স টোকা ইংক (বাংলাদেশ) লিঃ
১৩৯।	জনাব কে. এ সেলিম	-	মেসার্স মনির ট্রেডিং
১৪০।	জনাব নিখিল চৌধুরী	-	মেসার্স ইউনাইটেড বিজ ইন্টারন্যাশনাল

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১৪১।	জনাব মোহাম্মদ শরফুদ্দিন	-	মেসার্স আদর এন্টারপ্রাইজ
১৪২।	জনাব মোঃ শোয়েব চৌধুরী	-	মেসার্স এস এস ভিশন লিমিটেড
১৪৩।	জনাব নিয়ামত উল্লাহ মজুমদার	-	মেসার্স ইনোভা ইন্টারন্যাশনাল
১৪৪।	জনাব দিদার আরেফিন	-	মেসার্স ইউরো ভিজিল (প্রাঃ) লিমিটেড
১৪৫।	জনাব এনামুল হক পাটোয়ারী	-	মেসার্স জুট অ্যান্ড ব্যাগস এক্সপোর্ট কর্পোরেশন
১৪৬।	জনাব আখতারুজ্জামান	-	মেসার্স এক্সপো কর্পোরেশন
১৪৭।	জনাব মোঃ নুরুজ্জামান	-	মেসার্স এ্যাথিনা'স ফার্নিচার অ্যান্ড হোম ডেকর
১৪৮।	ক্যাপ্ট. মোঃ নুরুল হক (অবঃ)	-	মেসার্স শেল্টার কনস্ট্রাকশনস লিঃ
১৪৯।	জনাব মোঃ আবুল কাসেম	-	মেসার্স কাবা ট্রেডিং কোং
১৫০।	জনাব গৌতম কৃষ্ণ ঘোষ	-	মেসার্স বিপি লাইফ সাইন্স

সভার শুরুতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসসিআই) এর মহাসচিব, জনাব এ এইচ এম রেজাউল কবির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। নির্ধারিত কর্মসূচি অনুযায়ী তিনি চেম্বারের সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণকে মঞ্চে আসন গ্রহণ করার জন্য সবিনয়ে অনুরোধ জানান এবং সবাই আসন গ্রহণ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের ইমাম জনাব হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার পবিত্র কালাম-ই-পাক থেকে তেলাওয়াত করেন। অতঃপর ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এর সভাপতিত্বে ৫৬তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব ৫৬তম বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ করেন। তিনি বিগত এক বছরে দেশ-বিদেশের বিভিন্ন বরেণ্য ব্যক্তিবর্গ যাঁরা ইন্তেকাল করেছেন এবং ঢাকা চেম্বারের প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি ও ডিসিসিআই নির্বাচন বোর্ডের (চলতি) সম্মানিত চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্; ডিসিসিআই এর প্রাক্তন সভাপতি জনাব এ রব চৌধুরী; ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব এম এ মোমেন-এর শ্বাশুড়ি সৈয়দা শামুজাহান; ডিসিসিআই'র প্রাক্তন সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এর বাবা আলহাজ্ব এ রশিদ; ডিসিসিআই'র প্রতিষ্ঠাতা সদস্য জনাব মরহুম এফ কে চৌধুরীর সেজো ছেলে এবং প্রাক্তন সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী'র ছোট ভাই রহমান করিম চৌধুরী; ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব বেনজীর আহমেদ-এর মেয়ে আফরিদা আহমেদ; ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব মতিউর রহমান এর মাতা আফিয়া খাতুন; ডিসিসিআই'র প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম-এর স্ত্রী মাহফুজা সালাম; ডিসিসিআই'র প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আশরাফ ইবনে নূর-এর মাতা; যুগ্ম-আহ্বায়ক জনাব মোঃ শহিদ হোসেন-এর ছেলে; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব মাহবুব আনাম-এর মাতা ফিরোজা বেগম; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব সৈয়দ হাবিবুর রহমানের মাতা; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ মন্ত্রী জনাব ছায়েদুল হক, এমপি; ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর জনাব মেয়র আনিসুল হক; সড়ক দুর্ঘটনায় নিহত টাঙ্গাইলের সংসদ সদস্য গোলাম মোস্তফা আহমেদ; চট্টগ্রামের সিটি কর্পোরেশনের প্রাক্তন মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী; ওয়ালটন গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান নজরুল ইসলাম; ডিসিসিআই'র মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির-এর মাতা হোসনে আরা আতিক; ডিসিসিআই'র যুগ্ম সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম-এর শ্বাশুড়ী; ডিসিসিআই'র কর্মচারী জনাব মোঃ হারুন-উর-রশিদ এবং খন্দকার কামাল হোসেন এর মাতা ও ডিসিসিআই'র প্রাক্তন কর্মচারী জনাব গোলাম সারোয়ার সহ সকলের নাম উল্লেখ করেন। অতঃপর চেম্বারের ইমাম জনাব হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার সকল মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ ঃ বিগত ২২ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

ঢাকা চেম্বারের মহাসচিব মহোদয় বিগত ৫৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে ৫৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়। উক্ত কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন জনাব নান্না মিয়া, স্বত্বাধিকারী, মেসার্স নিপা ইন্টারন্যাশনাল এবং সমর্থন করেন জনাব মোহাম্মদ জমশের আলী, স্বত্বাধিকারী, মেসার্স সনি লুব্রিকেন্টস্ সেন্টার। অতঃপর সর্বসম্মতিক্রমে ৫৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি-২ ঃ ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

সভাপতি মহোদয় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র ২০১৭ সালের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং তাঁর পক্ষ থেকে চেম্বারের ৫৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে সাদর আমন্ত্রণ জানান। ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক সকলকে অবহিত করেন, বিগত বছরের মত এবছরও বার্ষিক প্রতিবেদনে ২০১৭ সালের পরিচালকমণ্ডলীর কার্যক্রম উল্লেখ করা হয়েছে। বক্তব্যের শুরুতে তিনি ঢাকা চেম্বারের স্বনামধন্য ব্যবসায়ী ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিবর্গ যারা বিগত বছর ইন্তেকাল করেছেন তাঁদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ডিসিসিআই'র প্রতিষ্ঠাকালীন সদস্যবৃন্দের মঙ্গল কামনা করেন। তিনি ডিসিসিআই'র বয়োজ্যেষ্ঠ/ মুরব্বীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং তাদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন।

তিনি গত এক বছরের ঢাকা চেম্বারের সাফল্য ও কর্মকাণ্ড আলোচনা, পর্যালোচনা, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ, ব্যবসায়ী সম্প্রদায়ের সেবার মানোন্নয়ন এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে বার্ষিক সাধারণ সভায় চেম্বারের ভূমিকা উপস্থাপনের সুযোগ পাওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সম্মানিত সদস্যবৃন্দদের প্রতি, যাদের ঐকান্তিক সহযোগিতা, দক্ষ দিকনির্দেশনা ও দৃঢ়তায় ঐতিহ্যবাহী ঢাকা চেম্বার বর্তমান সম্মানজনক অবস্থান বজায় রাখতে পারায় আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানান। তার বক্তব্যে বিগত ২০১৭ সালে ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে এবং ইতিবাচক অর্থনৈতিক গতিধারা বজায় রাখতে ডিসিসিআই উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে বলে অভিমত ব্যক্ত করেন।

সভাপতি মহোদয় আরও উল্লেখ করেন, ২০১৭ সালে ঢাকা চেম্বার থেকে পুনঃমূল্যায়নে প্রতীয়মান হয়, ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে ৩০তম বৃহত্তম অর্থনীতির দেশে পরিণত হতে হলে, সামনের দিনগুলোতে ৮% হতে ১০% হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হবে। ডিসিসিআই বিশ্বাস করে, প্রাক্কলিত জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হলে অবকাঠামো খাতে বর্তমান বিনিয়োগ ৫% এ উন্নীত করতে হবে। এমতাবস্থায়, ২০৩০ সাল পর্যন্ত অবকাঠামো ও জ্বালানী খাতে ৩২০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ প্রয়োজন। অবকাঠামোখাত বিশেষ করে, মহাসড়ক, এক্সপ্রেসওয়ে, রেলওয়ে নেটওয়ার্ক, ওয়াটারওয়ে, ঢাকা-চট্টগ্রাম ইকোনেমিক করিডোর, মেট্রোরেল সার্ভিস, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, এসইজেড, স্থল ও সমুদ্রবন্দর, গভীর সমুদ্রবন্দর, এলএনজি টার্মিনাল, গ্যাসকূপ অনুসন্ধান, কয়লা উত্তোলন, বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহ ব্যবস্থা ও দৃশ্যমান উন্নয়নের উপর অধিকমাত্রায় গুরুত্ব প্রদান করতে হবে। এলক্ষ্যে ঢাকা চেম্বার চারটি ব্রেইন স্টর্মিং সেশনের আয়োজন করে। ব্রেইন স্টর্মিং এর সুপারিশের আলোকে "বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার" এবং "জ্বালানী নিরাপত্তা ২০৩০: সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক দুটি আলোচনা সভার আয়োজন করা হয়। ডিসিসিআই অয়োজিত "বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার" শীর্ষক আলোচনা সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে "ন্যাশনাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট মনিটরিং অ্যান্ড এ্যাডভাইজরি অথরিটি (নিডমা)" নামে একটি উচ্চক্ষমতা সম্পন্ন কমিটি প্রণয়নের সুপারিশ করা হয়। তিনি আরও জানান যে, ঢাকা চেম্বার ২০১৮ সালকে "অবকাঠামো বছর" হিসেবে ঘোষণা প্রদানের প্রস্তাব করে, যার মাধ্যমে অবকাঠামো খাতে বিনিয়োগের বিষয়ে জনসচেতনতা তৈরি করা সম্ভব হবে।

ঢাকা চেম্বারের অর্থনৈতিক সক্ষমতার অবস্থা উল্লেখ করে তিনি বলেন, এ বছর চেম্বারের আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ১৮,০১,৭৭,৮১০ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ১৫,২০,৩৮,১৩৮ টাকা, অর্থাৎ ২০১৭ সালে পূর্ববর্তী বছরের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে ২,৮১,৩৯,৬৭২ টাকা বা ১৮.৫১% । এ আয় মূলতঃ সদস্যদের চাঁদা, ভবন ভাড়া এবং অন্যান্য উৎস থেকে অর্জিত হয়েছে। পক্ষান্তরে, ২০১৭ সালে মোট খরচ হয়েছে ৮,৬৭,৫৫,৫৭৩ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৭,১৮,৮০,৪৪৯ টাকা, অর্থাৎ তুলনামূলকভাবে খরচ বৃদ্ধি পেয়েছে ১,৪৮,৭৫,১২৪ টাকা বা ২০.৬৯% । ফলে ২০১৭ সালে ব্যয়াতিরিক্ত আয় হয়েছে ৯,৩৪,২২,২৩৭ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৮,০১,৫৭,৬৮৯ টাকা অর্থাৎ ব্যয়াতিরিক্ত আয় বৃদ্ধি পেয়েছে ১,৩২,৬৪,৫৪৮ টাকা বা ১৬.৫৫% । চেম্বারের মোট তহবিল বা সঞ্চয় পূর্ববর্তী বছরের ৫৬,১৪,৬২,০৯৯ টাকা থেকে ১,৯২,৩৬,৮২৩ টাকা অর্থাৎ ৩.৪৩% বৃদ্ধি পেয়ে এ বছরে ৫৮,০৬,৯৮,৯২২ টাকায় দাঁড়িয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ২০১৭ সালে চেম্বারের আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

২০১৭ সালের নভেম্বর মাস পর্যন্ত ৫৫৪ জন নতুন সদস্য নিবন্ধিত হয়েছেন, ১৩৬ জন সদস্য তাদের সদস্যপদ পুনরুদ্ধার করেছেন এবং ২৮৮৯ জন সদস্য তাদের সদস্যপদ নবায়ন করেছেন। এই পরিসংখ্যানে চেম্বারের এ বছর সদস্য সংখ্যা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি তুলে ধরেন।

পরিশেষে সম্মানিত সভাপতি মহোদয় উল্লেখ করেন, ২০১৭ সাল আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, কারণ এ বছর সরকারি, বেসরকারি সংস্থাসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে আরো ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছি। তিনি আরও জানান, ডিসিসিআই'র কর্মকান্ডে বেসরকারিখাতের উন্নয়নের দিকটিকে সর্বাধিক গুরুত্ব দিতে চেষ্টা করেছেন। পূর্বসূরীদের নিকট থেকে চেম্বারকে গতিশীল ও কার্যকর রাখার জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ পাওয়ার কারণে বর্তমান মেয়াদকালে অনেক অগ্রগতি সাধিত হয়েছে এবং বিশ্ব আঙ্গিনায় ঢাকা চেম্বারের ইমেজ সুদৃঢ় হয়েছে। তিনি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানান এবং নিজ নিজ অবস্থানে থেকে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই এর ভাবমূর্তি উজ্জ্বলে অবদান রাখার জন্য অভিনন্দন জানান।

বক্তব্য শেষ করার পূর্বে তিনি ডিসিসিআই'র নবনির্বাচিত সহ-সভাপতি, পুনঃনির্বাচিত উর্ধ্বতন সহসভাপতি এবং পরিচালনা পর্ষদকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি আশা প্রকাশ করেন, ২০১৮ সালের নির্বাচিত পরিচালকমণ্ডলী এবং পরিচালনা পর্ষদ চেম্বারের বৃহত্তর সাফল্য অর্জনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাবে। এছাড়া তাকে সভাপতি হিসেবে পুননির্বাচিত করার জন্য তিনি সকল সহকর্মীদের জানান আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন। তিনি পূর্বের ন্যায় আগামী ২০১৮ সালে ডিসিসিআই-এর উত্তরোত্তর উন্নয়নে সব ধরনের প্রচেষ্টা ও প্রয়াস চলমান রাখার দৃঢ় প্রত্যয় ও আশাবাদ ব্যক্ত করে বক্তব্য শেষ করেন।

অতপর ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য প্রস্তাব ও সমর্থন করেন যথাক্রমে আলহাজ্ব আব্দুস সালাম, মেসার্স আব্দুস সালাম এন্ড সন্স এবং এম আবু হোরায়রাহ, মেসার্স সালমান রেফ্রিজারেশন।

আলোচ্যসূচি-৩ ঃ ২০১৬-২০১৭ অর্থবছরের হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব মহোদয় ২০১৬-২০১৭ অর্থবছরের হিসাব নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর জনাব আবসার করিম চৌধুরী, মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাস্ট্রিজ-এর প্রস্তাবে এবং জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান, মেসার্স খায়ের এন্টারপ্রাইজ-এর সমর্থনে ২০১৬-২০১৭ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৪ ঃ ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের পরিচালক এবং ২০১৮ সালের জন্য সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব মহোদয় নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ এর আকস্মিক মৃত্যুতে নির্বাচন বোর্ডের অন্যতম সদস্য জনাব আহমেদ হোসেন মজুমদারকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে ডিসিসিআই-এর মহাসচিব মহোদয় ২০১৭ সালে অবসর গ্রহণকারী সম্মানিত পরিচালকবৃন্দ নাম ঘোষণা করেন যথাক্রমে জেনারেল শ্রেণি থেকে জনাব ওসমান গনি; খন্দকার আতিক ই রাব্বানী, এফসিএ; খন্দকার আব্দুল মুক্তাদির; জনাব আসিফ এ চৌধুরী; এবং এসোসিয়েট শ্রেণি থেকে জনাব হোসেন খালেদ ও জনাব হোসেন আখতার।

অতপর নির্বাচন বোর্ডের সদস্য জনাব আহমেদ হোসেন মজুমদার ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের ডিসিসিআই এর নির্বাচিত পরিচালকদের নাম ঘোষণা করেন। এবছরের নির্বাচিত পরিচালকরা হলেন, জেনারেল শ্রেণি থেকে জনাব ওয়াকার আহমেদ চৌধুরী, জনাব আন্দলিব হাসান, জনাব নূহের লতিফ খান ও ইঞ্জিনিয়ার মোঃ আল আমিন পাশাপাশি এসোসিয়েট শ্রেণি থেকে নির্বাচিত জনাব মোহাম্মদ বাশীর উদ্দিন ও জনাব এস এম জিল্লুর রহমান। অতঃপর তিনি ২০১৮ সালের জন্য সভাপতি পদে জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি পদে জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি পদে জনাব রিয়াদ হোসেন নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। অতপর উপস্থিত সম্মানিত সদস্যগণ করতালির মাধ্যমে নবনির্বাচিত পর্ষদ সদস্যবৃন্দ এবং সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

নির্বাচন বোর্ডের সদস্য জনাব আহমেদ হোসেন মজুমদার নির্বাচন বিধিমালা ও নির্বাচন তফসিল অনুযায়ী স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে পরিচালনায় আন্তরিক সহযোগিতার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, পর্ষদের সদস্যবৃন্দ এবং চেম্বারের কর্মকর্তা/কর্মচারীদের একনিষ্ঠ দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে বিধি মোতাবেক নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের বিলুপ্তি ঘোষণা করেন। সভাপতি মহোদয় নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান এবং সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ পর্যায়ে মহাসচিব মহোদয় নব-নির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকবৃন্দকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-৫ ঃ ২০১৭ - ২০১৮ অর্থবছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

মহাসচিব মহোদয় ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে তিনটি আবেদন পত্র প্রাপ্তির উল্লেখ করেন যথাক্রমে মেসার্স এ. কাসেম এন্ড কোং, মেসার্স শফিক মিজান রহমান এন্ড আগষ্টিন ও মেসার্স আখতার আমির অ্যান্ড কোং। ২০১৬-১৭ অর্থবছরের জন্য নিরীক্ষক ছিলেন মেসার্স এ. কাসেম অ্যান্ড কোং এবং পারিশ্রমিক ছিল ৬৫,০০০/- টাকা + ১৫% ভ্যাট ৯৭৫০/- টাকা = মোট ৭৪,৭৫০/- টাকা। তিনি আরো উল্লেখ করেন, মেসার্স এ কাসেম এন্ড কোং বিগত ১১ (এগারো) বছর যাবৎ ঢাকা চেম্বারের নিরীক্ষক হিসেবে সন্তোষজনকভাবে কাজ করছে। বিস্তারিত আলোচনার পরে এ কাসেম অ্যান্ড কোং কে নিরীক্ষা ফি মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা (ভ্যাট/ট্যাক্সসহ) পারিশ্রমিক ধার্য করে ২০১৭-২০১৮ অর্থবছরের নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করেন জনাব এম আবু হোরায়রাহ এবং সমর্থন করেন খন্দকার শহিদুল ইসলাম। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

(এ এইচ এম রেজাউল কবির)
মহাসচিব

(আবুল কাসেম খান)
সভাপতি

ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৫৭তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে যাদের নাম স্মরণীয় এবং বরণীয় তাদের সম্মানার্থে সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে প্রকাশ করা হবে।

মরহুম আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে তাঁর ইন্তেকাল পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প, বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, যিনি চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরাতন ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতোপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্র বিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। জনাব নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজ সেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু ও শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারি শিশু সনদ ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবকই নন, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর, সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

মরহুম ফজলুল করিম চৌধুরী

জনাব ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরোনো ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ডিসিসিআই'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম ফজলুল করিম চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে ও শিল্পোন্নয়নে বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। জনাব ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বৎসর।

মরহুম নুরউদ্দিন আহমেদ

জনাব নুরউদ্দিন আহমেদ ডিসিসিআই, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন সাংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষা বিস্তারে অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন স্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃত্ব শ্রেণি তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরী বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

মরহুম আবু নাসের আহম্মদ

জনাব আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের মধ্যে অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরবর্তীকালে শিল্প-বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের অনুরোধে দেশের ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকে আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ-এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন। মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। জনাব আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে ঢাকার সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বৎসর।

মরহুম এম ইউনুস, এফসিএ

জনাব এম ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই-এর পরিচালকের দায়িত্ব পালনসহ বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্টস এবং ইউনুস অ্যান্ড কোম্পানীর ফাউন্ডার পার্টনার ছিলেন। তিনি দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একউন্ট্যান্টস (সাফা)-এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রাখেন। মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ডে ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও রক্ষায় মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস, এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

জনাব ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বনাম বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। একজন সফল ব্যবসায়ী হওয়া সত্ত্বেও তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স করপোরেশন এবং লালবাগ মাদ্রাসা-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের প্রতিষ্ঠাতা সংগঠক। আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

মরহুম আলহাজ্ব মুখলেছুর রহমান

জনাব মুখলেছুর রহমান ১৯২৮ সালে ১৮ এপ্রিল নরসিংদীর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আশরাফ আলী ১৯১৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রিধারী এবং পরবর্তীতে তৎকালীন সরকারের শিক্ষা বিভাগের উচ্চ পদে আসীন ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন। তিনি দেশের ব্যবসা-বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

জনাব মুখলেছুর রহমান ১৯৭০ হতে ১৯৭৪ পর্যন্ত ঢাকা চেম্বারের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বারের অন্যতম কনসালটেন্ট বা পরামর্শক হিসেবে পরিচিত ছিলেন। চেম্বারের দিক-নির্দেশনামূলক কর্মকাণ্ডে ও যোগ্য নেতৃত্ব তৈরিতে বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি Leader হিসেবে বিবেচিত হতেন। ঢাকা চেম্বারের প্রথম প্রকল্প "সার্ভিস ডেভেলপমেন্ট প্রোগ্রাম" তিনিই চালু করেন, যা গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে দিক নির্দেশনা দিয়েছে। জনাব মুখলেছুর রহমান ছিলেন একজন সৎ, নির্ভীক ও বিশিষ্ট সংগঠক। পাশাপাশি তিনি ছিলেন একজন সু-সাহিত্যিক, সমাজসেবী ও জ্ঞানপিপাসু দার্শনিক। তিনি একাধিক সামাজিক ও মানবকল্যাণমূলক সংগঠনের সফল প্রতিষ্ঠাতা। শ্রদ্ধেয় জনাব মুখলেছুর রহমান ১৬ এপ্রিল, ২০১০ সালে ৮৬ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম আবুল কাশেম, এফসিএ



মরহুম আবুল কাশেম এ দেশের দ্বিতীয় মুসলিম চার্টার্ড একাউন্টেন্ট ছিলেন। ১৯৫৩ সালে তিনি তাঁর ফার্ম এ কাশেম এ্যান্ড কোং প্রতিষ্ঠা করেন, যা বাংলাদেশের সবচেয়ে পুরাতন এবং স্বনামধন্য চার্টার্ড একাউন্টেটস্ ফার্ম। তিনি তাঁর দীর্ঘ ও অসাধারণ কৃতিত্বপূর্ণ কর্মময় জীবনে দি ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএবি)-এর প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র প্রাক্তন সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন ধরনের শিক্ষা কার্যক্রম, সমাজ কল্যাণমূলক এবং মানব সেবার ন্যায় মহৎ কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। তিনি বাংলাদেশের লায়ন আন্দোলনের সাথে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট এবং সিনেটের ফাইন্যান্স কমিটির সদস্য ছিলেন। তিনি ভিকারুননেসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি-এর সদস্য ছিলেন।

মরহুম মোহাম্মদ সিরাজউদ্দিন

জনাব মোহাম্মদ সিরাজউদ্দিন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। ডিসিসিআই প্রতিষ্ঠার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি ১৯২৩ সালের ২১ জুলাই ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি মধুমিতা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক ছিলেন। ১৯৫০ সালে তিনি প্রথম সিরকো সোপ অ্যান্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠা করেন, যেটি তৎকালীন সময়ের প্রথম সাবান ফ্যাক্টরি। এটি ব্রিটিশ কোম্পানী জেমস ফিনলে অ্যান্ড কোম্পানীর ডিস্ট্রিবিউটর হিসেবে কাজ করতো। ১৯৬৬ সালে তিনি কোহিনূর জুট মিলস্ স্থাপন করেন এবং স্বাধীনতার পূর্ব পর্যন্ত প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি স্ট্যান্ডার্ড ব্যাংক অব পাকিস্তান এবং স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর ৫৩ বছর কর্মজীবনে দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে গিয়েছেন। ১৯৭৬ সালের ৮ জানুয়ারি তিনি মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম এ রব চৌধুরী

জনাব এ রব চৌধুরী বাংলাদেশের একজন বিশিষ্ট ব্যবসায়ী এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রাক্তন সভাপতি। তিনি আরকো কোল্ড স্টোরেজ লিমিটেড'র চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। এছাড়াও তিনি বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন'র চেয়ারম্যান এবং এফবিসিসিআই'র নির্বাহী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। ব্যবসায়িক কার্যক্রমের পাশাপাশি তিনি নানাবিধ সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত ছিলেন। তিনি ধানমন্ডি ও উত্তরা রোটারি ক্লাব'র প্রাক্তন সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৪ সালে ঢাকা চেম্বারের সভাপতির দায়িত্ব পালন করেন। ২০১৭ সালের ১৯ অক্টোবর তারিখে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম মোহাম্মদ সাখী মিঞা

জনাব মোহাম্মদ সাখী মিঞা পুরাতন ঢাকার প্রবীণ ব্যক্তিত্ব, সাহিত্যিক, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক। জনাব মোহাম্মদ সাখী মিঞা ১৯২১ সালে ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইস্ট বেঙ্গল ইনস্টিটিউশন থেকে কৃতিত্বের সাথে এনট্রান্স এবং ঢাকা কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাশ করেন ও পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি পাকিস্তান আমলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাকুরীর মাধ্যমে কর্মজীবন শুরু করেন। অতঃপর চাকুরী ছেড়ে তিনি লুব্রিকেন্ট-এর ব্যবসায় নিয়োজিত হন। তিনি লুব্রিকেন্ট ব্যবসায় বাঙ্গালীদের মধ্যে অগ্রগণ্য এবং তাঁর প্রতিষ্ঠান নিশাত ট্রেডিং এ ব্যবসায় এখনও নিয়োজিত। তিনি ছিলেন বিনয়ী, দানশীল, ধর্মপ্রাণ ও মানবদরদী। তিনি ঢাকা মিউনিসিপ্যাল কমিটির (বর্তমান ঢাকা সিটি কর্পোরেশন) কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। তিনি ডিসিসিআই'র প্রতিষ্ঠালগ্ন থেকেই এর সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ পাবলিকেশনস লিমিটেডের অন্যতম পরিচালক ছিলেন। তিনি ঢাকার ইতিহাস ও ইসলামী মূল্যবোধের উপর বেশ কয়েকটি অনুবাদও প্রকাশ করেছেন। এছাড়াও তিনি বিভিন্ন পত্রিকায় ঐতিহাসিক ও সমসাময়িক বিষয়ে লেখালেখি করতেন। তিনি তৎকালীন সময়ে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ধারার প্রবর্তনের প্রথম সারির একজন দিকনির্দেশক। তিনি বর্তমান ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এই ব্যক্তিত্ব ৮৭ বছর বয়সে ২০০৮ সালের ১লা জুলাই ঢাকার বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

আলহাজ্ব আনোয়ার হোসেন

আলহাজ্ব আনোয়ার হোসেন ১৯৭৬-৭৮ মেয়াদকালে প্রথমবারের মত ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তিনি ১৯৮২-৮৩, ১৯৮৫ এবং ১৯৮৯-৯০ মেয়াদকালে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বর্তমানে ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর চেয়ারম্যান। তিনি আনোয়ার গ্রুপের বিভিন্ন কোম্পানীর চেয়ারম্যান ছাড়াও নির্বাহী পরিচালক, দি সিটি ব্যাংক লিমিটেড-এর প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পরিচালক এবং প্রাক্তন ডিআইটির ট্রাস্টি ছিলেন।

একজন সফল উদ্যোক্তা আলহাজ্ব আনোয়ার হোসেন তাঁর প্রচন্ড ধী-শক্তি, মেধা, সুদূর প্রসারী ভবিষ্যৎ দৃষ্টিভঙ্গির ক্ষমতাবলে বাংলাদেশের শিল্পায়নে খাতওয়ারী অসামঞ্জস্যতা দূর করার জন্য এবং দেশকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য নিজে উদ্যোগী হয়ে বিভিন্ন ক্ষেত্র যেমনঃ গৃহায়ন, শিক্ষা, বয়ন, নির্মাণ এবং প্রযুক্তি (আইটি) খাতে বিনিয়োগ করেছেন এবং আগামী প্রজন্মের জন্য দিক দিশারীর ভূমিকা পালন করছেন।

তিনি বহু সমাজকল্যাণ কাজের অগ্রদূত এবং প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত। তন্মধ্যে উল্লেখযোগ্য হলোঃ উদয়ন বিদ্যালয়, জমিলা খাতুন বালিকা বিদ্যালয়, রহিম বক্স মেমোরিয়াল আই ক্লিনিকস, জমিলা খাতুন রেড ক্রিসেন্ট প্রসূতি এবং শিশু সেবা কেন্দ্র, আনোয়ার হোসেন ফ্রি মেডিকেল সেন্টার, আলহাজ্ব আনোয়ার হোসেন শহিদ নগর ফ্রি প্রাইমারী বিদ্যালয় প্রভৃতি তাঁরই উদ্যোগে প্রতিষ্ঠিত।

তিনি ঢাকা চেম্বারের বহুমুখী কার্যক্রমের অন্যতম উপদেষ্টা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নেতৃস্থানীয় আন্দোলনের অন্যতম অগ্রদূত। তিনি সামাজিক ও রাজনীতির ক্ষেত্রে সমভাবে অগ্রগণ্য। সময়ের প্রয়োজনে এবং এলাকার উন্নয়নকল্পে তিনি নব্বই-এর দশকে জাতীয় সংসদের সদস্য হিসেবে অমূল্য অবদান রাখেন এবং ঢাকাবাসীর প্রভূত উন্নয়ন সাধন করেন। এছাড়াও আলহাজ্ব আনোয়ার হোসেন লালবাগ ক্রিকেট ক্লাব, আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর আজীবন সদস্য।

জনাব এম এ সাত্তার

জনাব এম এ সাত্তার ১৫ই ডিসেম্বর, ১৯৩৯ সালে জামালপুর জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মরহুম ইঞ্জিনিয়ার এম এ জব্বার তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের প্রধান প্রকৌশলী ছিলেন। জনাব সাত্তার যুক্তরাজ্যের লন্ডনের সেন্ট ফ্রান্সিস মিশনারী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৯৫৬ সালে সিনিয়র ক্যামব্রিজ কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন। ১৯৫৮ সালে তিনি ঢাকা নটরডেম কলেজ হতে আই. এ পাশ করেন। ১৯৬৪ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ১৯৬৫ সালে স্বতন্ত্র প্রার্থী হিসেবে তদানিন্তন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের সর্বকনিষ্ঠ (এম.পি.এ) হিসেবে নির্বাচিত হয়ে পার্লামেন্টে তিনি শিল্পায়ন, বেকারত্ব দূরীকরণে ও সকল মৌলিক অধিকার আদায়ে সুবক্তা হিসেবে পরিচিতি লাভ করেন।

পরবর্তীতে তিনি নিজস্ব ব্যবসাসহ পৈতৃক ব্যবসাতে আত্তনিয়োগ করেন। ১৯৮০ সালে ঐতিহাসকি ঢাকা ক্লাবের সভাপতি নির্বাচিত হয়ে দক্ষতার পরিচয় দেন। ১৯৮২ সালে ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী সমন্বয়ে বৃহত্তর ঢাকা, ফরিদপুর ও টাঙ্গাইল জেলায় অবস্থিত ঢাকা চেম্বারের সদস্যদের ভোটে প্রতিদ্বন্দ্বীতামূলক নির্বাচনে জয় লাভ করে ঢাকা চেম্বারের সভাপতি নির্বাচিত হন। চেম্বারের সভাপতি থাকাকালীন সময় তিনি বেসরকারিখাতে ব্যাংক-বীমা এবং শিল্প প্রতিষ্ঠানের বি-রাষ্ট্রীকরণে সরকারকে নীতিমালা গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন।

ব্যবসায়ী মহলের যে কোনো জটিল মুহূর্তে অত্যন্ত ঠান্ডা মাথায় সিদ্ধান্ত নিতে তাঁর জুড়ি নেই। আর এ কারণেই ব্যবসায়ী মহলে যে কোন কঠিন বাস্তবতায় সঠিক পথ-প্রদর্শক হিসেবে আজও দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন।

তিনি ১৯৮৬-৯০ সালে বাংলাদেশ সরকারের বিমান ও পর্যটন এবং বাণিজ্য মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর বর্ণাঢ্য জীবনে তিনি আর্থ-সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে দক্ষতার পরিচয় রাখেন।

জনাব মাহবুবুর রহমান



জনাব মাহবুবুর রহমান ১০ জুলাই, ১৯৪২ সালে কুমিল্লার প্রসিদ্ধ চৌদ্দগ্রাম থানার অন্তর্গত জগন্নাথদীঘি ইউনিয়নে জন্মগ্রহণ করেন। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে ৬০-এর দশকে একজন সফল ব্যাংকার হিসেবে তিনি তাঁর কর্মজীবন শুরু করেন। অতঃপর ১৯৭৪-৭৯ সালে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসেবে শ্রীলংকার কান্ট্রি প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। একজন সফল ব্যবসায়ী হিসেবে তিনি মেসার্স ইস্টার্ন ট্রেডিং (বাংলাদেশ) লিমিটেড সহ বহু ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করেন।

তিনি বর্তমানে ইটিবিএল হোল্ডিং-এর চেয়ারম্যান, যার অনেকগুলো অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ১৯৮০ সালে জুনিয়র চেম্বার ইন্টারন্যাশাল-এর ন্যাশনাল প্রেসিডেন্ট অব বাংলাদেশ নির্বাচিত হন। ১৯৮৫-৮৬ সালে ঢাকা চেম্বারের সভাপতি, ১৯৯২-৯৪ সালে এফবিসিসিআই-এর সভাপতি এবং ১৯৯৪ সাল থেকে বর্তমান সময় অবধি আইসিসি-বাংলাদেশের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। ১৯৯৩-৯৫ সালে ইসলামিক চেম্বার অব কমার্স-এর ভাইস প্রেসিডেন্ট, ১৯৮৭-১৯৮৮ সালে লায়ন্স ক্লাব অব ঢাকা-এর সভাপতি এবং এ ছাড়া তিনি বিভিন্ন ব্যাংক, আর্থিক ও শিল্প প্রতিষ্ঠানের পরিচালক/চেয়ারম্যান হিসেবে কাজ করে যাচ্ছেন।

জনাব মাহবুবুর রহমান আঞ্চলিক, আন্তর্জাতিক এবং বিশ্বায়ন সম্পর্কিত বহু প্রতিষ্ঠানে সক্রিয়ভাবে সুনাম ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি তাঁর অভিজ্ঞতার আলোকে ব্যবসায়ীদের বর্তমান প্রয়োজন, ব্যবসা-বাণিজ্যের বাধা-বিপত্তি এবং সর্বোপরি অন্তরায় দূর করার জন্য একনিষ্ঠভাবে সরকারি ও ব্যবসায়ী মহলে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন। সময়োপযোগী একটি ট্রেড অর্গানাইজেশন রুলস্ প্রণয়নে তিনি সরকারকে সক্রিয় সাহায্য করে ব্যবসায়ী ও সরকারি মহলে অভিনন্দিত হয়েছেন।

ডিসিসিআই ফাউন্ডেশনের কার্যক্রম

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) দেশের শিল্প, ব্যবসা-বাণিজ্যে ও উন্নয়ন ও সম্প্রসারণের পাশাপাশি সামাজিক উন্নয়নে বেসরকারিখাতের অন্যতম সংগঠন হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সরকারি প্রচেষ্টার পাশাপাশি বেসরকারি উদ্যোগের মাধ্যমে সামাজিক উন্নয়নকে আরো গতিশীল করতে ডিসিসিআই কর্তৃপক্ষ গড়ে তুলেন ডিসিসিআই ফাউন্ডেশন। ডিসিসিআই ফাউন্ডেশন রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস-এ ৩০ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে The Societies Registration Act XXI of ১৮৬০-এর অধীনে নিবন্ধিত হয়, যা ৪টি গ্রুপের সমন্বয়ে গঠিত ৯ সদস্যের একটি Executive Committee দ্বারা পরিচালিত হচ্ছে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি ফাউন্ডেশনের জেনারেল সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

আলহাজ্ব আনোয়ার হোসেন ডিসিসিআই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

ডিসিসিআই ফাউন্ডেশন-এর উদ্দেশ্যঃ

১. ডিসিসিআইএর সেবামূলক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা এবং এর ঐতিহ্য ও উন্নয়নের ধারা বজায় রাখা;

২. স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ/শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করা এবং শিক্ষা ও স্বাস্থ্যবিজ্ঞান সম্পর্কে সামাজিক সচেতনতা গড়ে তোলা;

৩. গরীব ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য অলাভজনক প্রতিষ্ঠান গড়ে তোলা ও উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করা;

৪. সাহিত্য, চারুকলা, বিজ্ঞান ও শিক্ষা ক্ষেত্রে অবদানের জন্য উৎসাহমূলক পুরস্কার ও মেধাবীদেরকে বৃত্তি প্রদান করা;

৫. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য সাহায্য সংগ্রহ ও বন্টন এবং পুনর্বাসনের জন্য কর্মসূচি গ্রহণ করা;

৬. ডিসিসিআই-এর সদস্য এবং অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ব্যবসায়িক শিষ্ঠাচার বা নীতি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা;

৭. পাবলিক-প্রাইভেট ও সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সাথে সংযোগ স্থাপন ও যোগাযোগের ভারসাম্য রক্ষা করা।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক ক্ষমতা প্রাপ্ত নিম্নোক্ত ব্যক্তি মহোদয়গণের স্বাক্ষরক্রমে ডিসিসিআই ফাউন্ডেশন নিবন্ধিত হয় ঃ

১) আলহাজ্ব আনোয়ার হোসেন, চেয়ারম্যান, ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ
২) জনাব এম এ সাত্তার, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৩) জনাব মাহবুবুর রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৪) জনাব এ টি এম ওয়াজিউল্লাহ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৫) জনাব এ রব চৌধুরী (মরহুম), প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৬) জনাব রাশেদ মাকসুদ খান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৭) জনাব এ এস এম কাশেম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৮) জনাব এম এইচ রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৯) জনাব আফতাব-উল ইসলাম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১০) জনাব বেনজির আহমেদ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১১) জনাব মতিউর রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১২) জনাব ফজলে আর এম হাসান এফসিএ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৩) জনাব সাইফুল ইসলাম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৪) জনাব এম এ মোমেন, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৫) জনাব জাফর ওসমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৬) জনাব হোসেন খালেদ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই এবং সদস্য সচিব, ডিসিসিআই ফাউন্ডেশন

ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান, ডিসিসিআই ফাউন্ডেশন-এর মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

ডিসিসিআই ফাউন্ডেশনের উল্লেখযোগ্য কর্মকাণ্ড সমূহ ঃ

১) সামাজিক সেবামূলক কার্যকলাপের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত ফিরোজাবাড়ি পঙ্গু ও শিশু হাসপাতালে ঢাকা চেম্বারের ওয়ার্ড উন্নয়ন ও রোগীদের চিকিৎসার জন্য নিয়মিতভাবে দীর্ঘদিন ধরে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

২) ডিসিসিআই কর্তৃক আয়োজিত DCCI Young Visionaries প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী দুইজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আমেরিকার ক্যালিফোর্নিয়ায় অনুষ্ঠিত (১৮-২০ এপ্রিল, ২০১২) The Global Social Venture Competition (GSVC)-তে অংশগ্রহণ করে প্রথম স্থান অধিকার করে বাংলাদেশের সুনাম অর্জন করেন। ডিসিসিআই ফাউন্ডেশন তাঁদের যুক্তরাষ্ট্রে আসা-যাওয়ার ব্যয় ভার বহন করে।

৩) সামাজিক কর্মকাণ্ডের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে কিডনী ফাউন্ডেশনকে ডায়ালাইসিস মেশিন ক্রয় বাবদ ২০,০০,০০০/- টাকা CSR কর্মকাণ্ডের অংশ হিসেবে অনুদান প্রদান করে।

৪) ২০১৫ ও ২০১৬ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দরিদ্র স্থানীয়দের মধ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতি (ঢাকা সমিতি) কে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে ২,০০,০০০/- টাকা করে মোট ৪,০০,০০০/- টাকা অনুদান দেওয়া হয়।

৫) ২০১২ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দরিদ্র স্থানীয়দের মধ্যে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতি (ঢাকা সমিতি) কে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে ১,৫০,০০০/- টাকা অনুদান দেওয়া হয়।

৬) পুরাতন ঢাকায় আজাদ মুসলিম ক্লাবের সাথে ডিসিসিআই ফাউন্ডেশন এবং বাংলাদেশ ডায়াবেটিক এসোসিয়েশন-এর যৌথ উদ্যোগে একটি ডায়াবেটিক সেবা কেন্দ্র প্রতিষ্ঠিত করার পরিকল্পনা রয়েছে।

৭) ২০১৫ সালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ নেপাল কে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে তাৎক্ষণিকভাবে ৫,০০,০০০/-টাকার আর্থিক সহায়তা প্রদান।

৮) ২০১৫ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দারিদ্র স্থানীয়দের মাঝে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতিকে ২,০০,০০০/- টাকার অনুদান প্রদান করা হয়।

৯) সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) কে আর্থিক অনুদান হিসেবে ২০১৫ সালে ২০,০০,০০০/-টাকা প্রদান করা হয়।

১০) ২০১৫ ও ২০১৬ সালে সামাজিক সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে মোট ৪,০০,০০০/- টাকা বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত ফিরোজাবাড়ি পঙ্গু হাসপাতাল কে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

১১) ২০১৭ সালে পবিত্র রমজান উপলক্ষে ঢাকা মহানগরী সমিতিকে ২,০০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়।

১২) ২০১৭ সালে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) কে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়।

১৩) ২০১৭ সালে বন্যা দূর্গতদের সাহায্যার্থে ৬ (ছয়) লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়।

১৪) ২০১৮ সালে গরীব, দুঃস্থ ও অসহায় শীতার্তদের মাঝে ১১,৬৭,৬৪০/- টাকা ব্যয়ে মোট ৩৩০০ পিস কম্বল বিতরণ করা হয়

১৫) ২০১৮ সালে আনোয়ারা নাছিমুদ্দিন মেমোরিয়াল ফাউন্ডেশনকে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে ২,০০,০০০/- টাকা (দুই লক্ষ) টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়।

১৬) ২০১৮ সালে নিলক্ষিয়া বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়কে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র উল্লেখযোগ্য ঘটনাপুঞ্জী ২০১৭-১৮

২৩ ডিসেম্বর ২০১৭ ঃ ডিসিসিআই'র ৫৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত।

২৪ ডিসেম্বর ২০১৭ ঃ ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের বিশেষ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই স্ট্রাটেজিক কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

২৬ ডিসেম্বর ২০১৭ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির বিল্ড প্রকল্পের ট্রাস্টি বোর্ডের ১৪তম সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক)-এর ২৮তম বোর্ড সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান আইসিসি বাংলাদেশ-এর নির্বাহী পর্ষদের ৭০তম সভায় যোগদান করেন।

২৭ ডিসেম্বর ২০১৭ ঃ বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত "নেপাল-বাংলাদেশ অগ্রাধিকারমূলক বাণিজ্য" বিষয়ক সভায় ডিসিসিআই আহ্বায়ক জনাব এম এস সিদ্দিকী-এর যোগদান।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম ইপিবি আয়োজিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার উপ-কমিটির সভায় যোগদান করেন।

৩০ ডিসেম্বর ২০১৭ ঃ ডিসিসিআই রিভিউ অ্যাডভাইজরি বোর্ডের ১০ম সভা অনুষ্ঠিত।

২ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি জনাব হায়দার আহমদ খান, এফসিএ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত "নতুন কোম্পানি আইন" বিষয়ক সভায় যোগদান করেন।

৩ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব ইমরান আহমেদ এবং ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন ডিসিসিআই-ডাই প্রকল্পের কর্মসূচি হিসেবে জার্মানি সফরের প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।

৪ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান চীনের ইউনান প্রদেশের "ডুহং পিপলস এসোসিয়েশন ফর ফ্রেন্ডশিপ উইথ ফরেন কান্ট্রিজ" হতে আগত প্রতিনিধিদলের সাথে মতবিনিময় করেন।

ঃ "ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশিপ অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর ম্যানেজমেন্ট" বিশেষ কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

৬ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পর্ষদ সদস্যবৃন্দ পরিচালনা পর্ষদের ১ম সভায় যোগদান করেন।

৭ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ২য় সভা অনুষ্ঠিত।

১২ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ ডিবিআই সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

১৩ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই'র পক্ষ হতে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে "শীতবস্ত্র ক্রয় ও প্রস্তুতিমূলক সভা" অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই রিভিউ অ্যাডভাইজরি বোর্ড-এর ১ম সভা অনুষ্ঠিত।

১৫ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে ওয়াইপো'র প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে জিএসএমই'র সিনিয়র ম্যানেজার জুলিয়া বারসেল সাক্ষাৎ করেন।

ঃ "ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১৮ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং বাংলাদেশে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত মান্যবর ট্রান ভ্যান খোয়া-এর মধ্যকার বৈঠক অনুষ্ঠিত। পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

২০ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "আরএনআই বাংলাদেশ অ্যান্ড রিসার্চ ইনক্লুডিং জুট ডাইভার্সিফিকেশন (পাল্প অ্যান্ড পেপার)" বিশেষ কমিটির ১ম সভায় যোগদান করেন

ঃ ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ৪র্থ সভা অনুষ্ঠিত।

ঃ "রিয়েল এস্টেট ইনক্লুডিং আরবানাইজেশন, ডিসেন্ট্রালাইজেশন" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ "ডিসিসিআই এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে" স্ট্যান্ডিং কমিটির অ্যাকশন প্ল্যান ও সমন্বয় সভা অনুষ্ঠিত।

ঃ "এগ্রো বেইজড ট্রেড/সার্ভিসেস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন অফ এগ্রিকালচার" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ "টেলিকম, আইসিটি অ্যান্ড আইপি" স্ট্যান্ডিং কমিটির এ্যাকশন প্ল্যান বিষয়ক সভা অনুষ্ঠিত।

২১ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক ও সহ-আহ্বায়কবৃন্দের সমন্বয় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই ফাউন্ডেশন-এর সভা অনুষ্ঠিত।

২২ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে স্ট্রাটেজিক অ্যাকশন কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এএইচএম মোস্তফা কামাল-এর সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন।

২৩ জানুয়ারি ২০১৮ ঃ বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট (বিএফটিআই)-এর ৪৭তম পর্ষদ সভায় ডিসিসিআই সভাপতি আবুল কাসেম খান যোগদান।

২৪ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর চেয়ারম্যান কাজী এম আমিনুল ইসলাম-এর সাথে সাক্ষাৎ করেন।

২৫ জানুয়ারি ২০১৮ ঃ ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান প্রধানমন্ত্রী কার্যালয়ের মূখ্যসচিব জনাব মোঃ নজিবুর রহমান-এর সাথে সাক্ষাৎ করেন।

ঃ "ডিসিসিআই পাবলিশিং, প্রিন্টিং, লাইব্রেরী ডেভেলপমেন্ট" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ "এক্সপোর্ট-ইমপোর্ট, ট্রেড ডেভেলপমেন্ট অ্যান্ড ডাইভার্সিফিকেশন অ্যান্ড কোম্পানী অ্যাক্ট" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

২৭ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআইতে "বাংলাদেশের ব্যাংকিং খাতের বর্তমান অবস্থা" শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত।

২৮ জানুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে ইউএসএইড-এভিসি প্রকল্পের প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে স্ট্রাটেজিক অ্যাকশন কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে জেট্রো'র পরিচালক জনাব লিটন সরকার সাক্ষাৎ করেন।

২৯ জানুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই ফিন্যান্স অ্যান্ড একাউন্টস" কমিটির ১ম সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই আরএনআই বাংলাদেশ ফোরাম"-এর ১ম সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "স্কিলস্ ডেভেলপমেন্ট (ডিসিসিআই কলেজ, ডিবিআই, লিডারশীপ ইন্সটিটিউট, লাইব্রেরী অ্যান্ড নলেজ সেন্টার" স্ট্যান্ডিং কমিটির ১ম সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "কাস্টমস, ভ্যাট, ট্যাক্সেশন, এনবিআর রিলেটেড ইস্যুজ" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
	ঃ	"ডিসিসিআই ফিন্যান্স অ্যান্ড একাউন্টস" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
৩০ জানুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে বাংলাদেশস্থ ব্রুনাই'র রাষ্ট্রদূত মান্যবর মাসুইরি মাসরি সাক্ষাৎ করেন।
	ঃ	ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এমপি-এর সাথে সাক্ষাৎ করেন।
	ঃ	বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের ডেপুটি হাইকমিশনার ডেভিড এ্যাশলে-এর বিদায়ে আয়োজিত নৈশভোজ সভায় ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খানের যোগদান।
১ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	"ন্যাশনাল এনার্জি" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
২ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন "ডিসিসিআই ইউএসএইড-এভিসি প্রকল্প" এর অধীনে জার্মানি সফর করেন।
৩ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ৫ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই রিভিউ অ্যাডভাইজরি বোর্ড-এর ২য় সভা অনুষ্ঠিত।
৪ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব সেলিম আকতার খান "প্রাইভেট সেক্টর এনগেইজমেন্ট থ্রু ডেভেলপমেন্ট কো–অপারেশন" বিষয়ক অনুষ্ঠানে প্যানেল আলোচক হিসেবে যোগদান করেন।
	ঃ	"ল অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি-স্মাগলিং ইনিশিয়েটিভ" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
	ঃ	"স্কিল ডেভেলপমেন্ট (ডিসিসিআই কলেজ, ডিবিআই, লিডারশীপ ইন্সটিটিউট, লাইব্রেরী অ্যান্ড নলেজ সেন্টার)" স্ট্যান্ডিং কমিটির ব্রেইনস্টর্মিং সভা অনুষ্ঠিত।
	ঃ	এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
৫ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব সেলিম আকতার খান "বাংলাদেশ-সুইজারল্যান্ড বিজনেস অ্যান্ড ইনভেস্টমেন্ট ফোরাম ২০১৮" বিষয়ক সেমিনারে যোগদান করেন।
৬ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	"প্রটেকশন অব কনজুমার রাইটস, এসেনশিয়াল কমুডিটিজ অ্যান্ড মার্কেট মনিটরিং" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
৭ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	"কান্ট্রি কম্পিটিটিভনেস" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
১০ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	"টেলিকম, আইসিটি অ্যান্ড আইপি" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
১১ ফেব্রুয়ারি ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিবিআই গভর্নিং বোর্ড"-এর সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ প্রাইভেট-পাবলিক পার্টনারশিপ (পিপিপি) এর প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ আফসর এইচ উদ্দিন-এর সাথে সাক্ষাৎ করেন।

১২ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশিপ, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর" বিষয়ক বিশেষ কমিটির ২য় সভায় যোগদান করেন।

১৩ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাথে বাংলাদেশে নিযুক্ত ফিলিপাইনের রাষ্ট্রদূত মান্যবর ভিভেনসিও বানভিলো সাক্ষাৎ করেন।

ঃ "কাস্টম, ভ্যাট অ্যান্ড ট্যাক্সেশন" স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

১৪ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে তুরস্ক বাংলাদেশ বিজনেস কাউন্সিল-এর সভাপতি লরা গুক সাক্ষাৎ করেন।

১৫ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে স্ট্রাটেজিক অ্যাকশন কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ বাংলাদেশ ব্যাংক-এর গভর্নর জনাব ফজলে কবির-এর সাথে সাক্ষাৎ করেন।

১৬ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির ডেইলি স্টার-এর ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে যোগদান করেন।

১৭ ফেব্রুয়ারি ২০১৮ ঃ "ডিসিসিআই ফিন্যান্স অ্যান্ড একাউন্টস" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ৭ম সভা অনুষ্ঠিত।

ঃ "কাস্টম, ভ্যাট অ্যান্ড ট্যাক্সেশন" উপ-কমিটির সভা অনুষ্ঠিত।

১৮ ফেব্রুয়ারি ২০১৮ ঃ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর সিনিয়র সচিব জনাব ইউনুসুর রহমানের সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাক্ষাৎ অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব ওয়াকার আহমেদ চৌধুরী এবং জনাব আন্দালিব হাসান ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাথে বৈঠকে মিলিত হন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং জাইকা প্রকল্পের প্রতিনিধিবৃন্দের মধ্যকার বৈঠক অনুষ্ঠিত।

১৯ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই এবং সিপিডি যৌথভাবে আয়োজিত "এসডিজি বাস্তবায়নের বেসরকারীখাতের ভূমিকা" শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত।

২০ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই আয়োজিত "আভ্যন্তরীণ নৌপথ ঃ যোগাযোগের পুনঃমূল্যায়ন ও আর্থিক সম্ভাবনার সুযোগ" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

২৪ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই-এর ৬০ বছর পূর্তি উপলক্ষে ঐতিহ্যবাহী "মেজবান" অনুষ্ঠিত।

২৫ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত এলডিসি বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বেসিস আয়োজিত "ট্যাক্স কমপ্লায়েন্স অ্যান্ড অটোমেশন" সেমিনারে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ বেসিস আয়োজিত "একাউন্টিং বিপিও ঃ সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালক জনাব আন্দালিব হাসান ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাথে বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার বাংলাদেশ সফররত অস্ট্রেলিয়ার বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে আয়োজিত নৈশভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব ইমরান আহমেদ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত বাংলাদেশের স্বল্পোন্নত দেশে উত্তরণ বিষয়ক সভায় যোগদান করেন।

২৬ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সহকারী সচিব (গবেষণা) জনাব সাব্বির আহমেদ "এন্টি ডাম্পিং" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় যোগদান করেন।

২৭ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ ও জনাব এস এম জিল্লুর রহমান "ডিসিসিআই বিজনেস এ্যাওয়ার্ড" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ "ঢাকা সিটি ট্রাফিক অ্যান্ড ট্রেড" বিশেষ কমিটির সভা অনুষ্ঠিত।

ঃ "এক্সপোর্ট-ইমপোর্ট, ট্রেড ডেভেলপমেন্ট অ্যান্ড ডাইভার্সিফিকেশন (ডব্লিউটিও, এফটিএ) অ্যান্ড কোম্পানি অ্যাক্ট" স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম শিল্প মন্ত্রণালয় আয়োজিত জাতীয় শিল্প মেলা'র প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।

২৮ ফেব্রুয়ারি ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান পিআরআই আয়োজিত "বিনিয়োগ ও প্রবৃদ্ধি বৃদ্ধিতে দক্ষতা উন্নয়ন" বিষয়ক গোলটেবিল আলোচনায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব সেলিম আকতার খান বিডা আয়োজিত "বাংলাদেশের বেসরকারীখাতে দূর্নীতি ও হয়ারনিমুক্ত বিনিয়োগ পরিস্থিতি" শীর্ষক সেমিনারে যোগদান করেন।

১ মার্চ ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশে নিযুক্ত কানাডার রাষ্ট্রদূতের সম্মানে আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে স্ট্রাটেজিক অ্যাকশন কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত কোম্পানি আইন সংশোধন সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এসিআই গ্রুপের ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে যোগদান করেন।

৩ মার্চ ২০১৮ ঃ ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ৮ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি-এর ৫ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই অটোমেশন রিভিউ কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ "কাস্টমস, ভ্যাট অ্যান্ড ট্যাক্সেশন" স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সিপিডি আয়োজিত "বাংলাদেশের তৈরি পোষাক খাতের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা" শীর্ষক মতবিনিময় সভায় যোগদান।

ঃ ডিসিসিআই পর্ষদের সদস্যবৃন্দ "কোম্পানী আইন সংস্কার" শীর্ষক মতবিনিময় সভায় যোগদান করেন।

৪ মার্চ ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এভিসি-ডাই প্রকল্প বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে এনার্জী ম্যাগাজিনের সম্পাদক জনাব মোল্লা এম আমজাদ হোসেন সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার বিএসটিআই-এর সভায় যোগদান করেন।

৫ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ বাংলাদেশ ইকোনোমিক জোনস্ অথরিটি (বেজা)-এর নির্বাহী চেয়ারম্যান জনাব পবন চৌধুরী'র সাথে সাক্ষাৎ করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ভিয়েতনামের প্রধানমন্ত্রীর সম্মানে এফবিসিসিআই আয়োজিত নৈশভোজে যোগদান করেন।
৬ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এফবিসিসিআই আয়োজিত ভিয়েতনামের ব্যবসায়ী প্রতিনিধিদলের সাথে বাণিজ্য আলোচনায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "কন্সটিটিউশন অ্যান্ড মেম্বারশীপ অ্যান্ড এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর ম্যানেজমেন্ট" বিশেষ কমিটির সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ "বাংলাদেশে-জাপান জয়েন্ট ক্রেডিটিং ম্যাকানিজম" শীর্ষক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
	ঃ	ডিসিসিআই পর্ষদের সদস্যবৃন্দ "ইও সোশাল বিজনেস এ্যাওয়ার্ড" প্রদান অনুষ্ঠানে যোগদান করেন।
৭ মার্চ ২০১৮	ঃ	জাতীয় পাট দিবস-২০১৮ উপলক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় যৌথভাবে আয়োজিত "পাট শিল্পের উন্নয়নে পাটের বহুমুখীকরণ" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত। উক্ত সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম, এমপি প্রধান অতিথি এবং তত্ত্বধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)'র নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ঢাকা সিটি ট্রাফিক অ্যান্ড ট্রেড" বিশেষ কমিটির সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) আয়োজিত নৈশভোজ সভায় যোদান করেন।
৮ মার্চ ২০১৮	ঃ	"ডিসিসিআই রিয়েল এস্টেট ইনক্লুডিং আরবানাইজেশন, ডিসেন্ট্রালাইজেশন" স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।
৯ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এফবিসিসিআই আয়োজিত "মিলন মেলা-২০১৮" তে যোগদান করেন।
১০ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৩য় সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "বাংলাদেশ-সিঙ্গাপুর বিজনেস ফোরাম ২০১৮"-এর প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।
১১-১৪ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে সিঙ্গাপুরে অনুষ্ঠিত "বাংলাদেশ-সিঙ্গাপুর বিজনেস ফোরাম ২০১৮"-তে যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত "নিম্ন আয়ের দেশ হতে বাংলাদেশের মধ্যম আয়ের দেশে উন্নীত" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।
২০ মার্চ ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম, এমপি-এর সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।
২১ মার্চ ২০১৮	ঃ	বিএফটিআই আয়োজিত "দি ইমপ্যাক্ট অফ ফোরথ ইন্ডাস্ট্রিয়াল রেভ্যুলেশন অন ট্রেড অ্যান্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট" বিষয়ক গোলটেবিল আলোচনা সভায় ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

২২ মার্চ ২০১৮ ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আয়োজিত "স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণ" বিষয়ক সভায় ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর যোগদান।

ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত "স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণ" বিষয়ক সভায় ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর যোগদান।

২৯ মার্চ ২০১৮ ঃ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং এফবিসিসিআই যৌথভাবে আয়োজিত আলোচনা সভায় ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ যোগদান করেন।

ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এফবিসিসিআই আয়োজিত "কাউন্সিল অফ চেম্বার প্রেসিডেন্ট'স" এর সভায় যোগদান করেন।

১ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই কাস্টমস্, ভ্যাট, ট্যাক্সেশন, এনবিআর রিলেটেড ইস্যুস" স্ট্যান্ডিং কমিটির সভায় যোগদান করেন।

২ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "আরএনআই বাংলাদেশ অ্যান্ড রিসার্চ ইনক্লুডিং জুট ডাইভার্সিফিকেশন" বিশেষ কমিটির সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান জুট পাল্প উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাথে অনুষ্ঠিত ব্রেইনস্টর্মিং সেশনে অংশগ্রহণ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এসডিজি বিষয়ক বিশেষ কমিটির সভায় অংশগ্রহণ করেন।

৩ এপ্রিল ২০১৮ ঃ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং ঢাকা চেম্বারের মধ্যকার প্রাক-বাজেট আলোচনা সভায় এনবিআর চেয়ারম্যান জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়্যা, এনডিসি, ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

৪ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এসএমই ফাউন্ডেশন এবং এফবিসিসিআই যৌথভাবে আয়োজিত "৬ষ্ঠ জাতীয় এসএমই ফেয়ার ২০১৮"-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

৭ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশীপ অ্যান্ড এ্যাডমিনিস্ট্রেটিভ অ্যান্ড এইচআর" বিশেষ কমিটির ৪র্থ সভায় যোগদান করেন।

৮ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "আরএনআই বাংলাদেশ ফোরাম" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত "প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কো-অর্ডিনেশন কমিটি"-এর ১০ম সভায় যোগদান করেন।

ঃ দৈনিক প্রথম আলো আয়োজিত "সবার জন্য নিরাপদ খাদ্য" বিষয়ক গোলটেবিল আলোচনা সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর যোগদান।

৯ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির-এর সাথে কাই গ্লোবাল এলএলসি'র চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক সাক্ষাৎ করেন।

১০-১৩ এপ্রিল ২০১৮ ঃ আইসিসি-বাংলাদেশ-এর প্রতিনিধিদলের সদস্য হিসেবে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান হংকং-এ অনুষ্ঠিত "এশিয়া-প্যাসিফিক বিজনেস ফোরাম ২০১৮"-তে যোগদান করেন।

১১ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার ইপিবিতে অনুষ্ঠিত "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮" বিষয়ক ৫ম সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক ইঞ্জিঃ আকবর হাকিম এবং "কান্ট্রি কম্পিটিভিনেস" স্ট্যান্ডিং কমিটির সদস্যবৃন্দ বিমসটেক-এর সেক্রেটারি জেনারেলের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত ট্রেড পলিসি রিভিউ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত বাংলাদেশ ট্রেড পোর্টাল বিষয়ক ওয়ার্কশপে যোগদান করেন।

১২ এপ্রিল ২০১৮ ঃ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং এফবিসিসিআই যৌথভাবে আয়োজিত "জাতীয় পরামর্শক কমিটি"-এর ৩৯তম সভায় ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ অংশগ্রহণ।

১৫ এপ্রিল ২০১৮ ঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "আসন্ন পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বিষয়ে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময় সভা" অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৪র্থ সভা অনুষ্ঠিত।

১৭ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালক জনাব ইমরান আহমেদ-এর সাথে ইউএসএআইডি-এভিসি প্রকল্পের প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে স্ট্রাটেজিক অ্যাকশন কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বৃটেনের রানীর জন্মদিন উপলক্ষে বাংলাদেশস্থ বৃটিশ দূতাবাস আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

ঃ "ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট, রিলেশন্স অ্যান্ড ফ্যাক্টরি কমপ্লায়েন্স" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন বেজা আয়োজিত সভায় যোগদান করেন।

১৮ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান আইসিসি-বাংলাদেশ আয়োজিত "ট্রেড ফেসিলিটিস প্রজেক্ট ইন বাংলাদেশ" শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার বিসিক-এর ২০তম সভায় যোগদান করেন।

১৯ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন-এর সাথে টিকেট সেবা ডট কম-এর সিইও জনাব রাসিম সিরিম সাক্ষাৎ করেন।

২১ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক এবং যুগ্ম-আহ্বায়কবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই ফাউন্ডেশন-এর সভা অনুষ্ঠিত।

২৩ এপ্রিল ২০১৮ ঃ "ফিন্যান্স অ্যান্ড একাউন্টস্" স্ট্যান্ডিং কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

২৪ এপ্রিল ২০১৮ ঃ ভারতের বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদলের সাথে ডিসিসিআই পর্ষদের মতবিনিময় সভা অনুষ্ঠিত।

২৫ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই এস্টেট, মেইনটেন্যান্স অ্যান্ড কন্সট্রাকশন স্ট্যান্ডিং কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব আন্দালিব হাসান-এর সাথে ডিবিআই কলেজের শিক্ষকবৃন্দের সাথে বৈঠক অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "ন্যাশনাল প্রোডাক্টেভিটি অর্গানাইজেশন"-এর ১২তম সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই উপ-সচিব (গবেষণা) জনাব এএইচএম মনিরুজ্জামান প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত "প্রজেক্ট কো-অর্ডিনেশন কমিটি"-এর ২য় সভায় যোগদান করেন।

২৬ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান পিপিআরসি'র নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান-এর সাথে সাক্ষাৎ করেন।

ঃ বিশ্ব মেধাসত্ত্ব দিবস উপলক্ষে শিল্প মন্ত্রণালয়ের পেটেন্ট, ডিজাইন অ্যান্ড ট্রেড মার্কস কার্যালয় আয়োজিত সেমিনারে ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন-এর যোগদান।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, আহ্বায়ক জনাব মোঃ রাশেদুল করিম মুন্না এবং মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির পিপিআরসি'র সাথে অনুষ্ঠিত সভায় যোগদান করেন।

২৮ এপ্রিল ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার কৃষিবিদ ইন্সটিটিউটে অনুষ্ঠিত সেমিনারে যোগদান করেন।

৩০ এপ্রিল ২০১৮ ঃ "এগ্রোবেইজড ট্রেড/সার্ভিসেস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন" স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই বিজনেস এ্যাওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত।

১ মে ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার মহান মে দিবস-উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় যোগদান করেন।

২ মে ২০১৮ ঃ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত থাইল্যান্ডের বাণিজ্য প্রতিনিধিদলের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান যোগদান করেন।

৩ মে ২০১৮ ঃ ইউএসএআইডি'র এগ্রিকালচার ভ্যালু চেইনস প্রকল্পের সহযোগিতায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "ডিসিসিআই এগ্রোটেক এক্সপো ২০১৮" অনুষ্ঠিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, এমপি প্রধান অতিথি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উক্ত মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি জনাব জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

ঃ বাংলাদেশ থাই চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক আয়োজিত থাইল্যান্ডের বাণিজ্য প্রতিনিধিদলের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান যোগদান করেন।

৪ মে ২০১৮ ঃ "ডিসিসিআই এগ্রোটেক এক্সপো ২০১৮"-এর সমাপনী অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ যোগদান করেন।

৫ মে ২০১৮ ঃ ঢাকা চেম্বার আয়োজিত "প্রাক-বাজেট সংবাদ সম্মেলন"-এ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি আবুল কাসেম খান বিল্ড-এর ট্রাস্টি বোর্ডের ১৫তম সভায় যোগদান করেন।

ঃ "টেলিকম, আইসিটি অ্যান্ড আইপি" বিষয়ক স্ট্যান্ডিং কমিটি'র সভা অনুষ্ঠিত।

ঃ "স্কিলস ডেভেলপমেন্ট (ডিসিসিআই কলেজ, ডিবিআই, লিডারশিপ ইন্সটিটিউট, লাইব্রেরী অ্যান্ড নলেজ সেন্টার)" স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

৬ মে ২০১৮ ঃ ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ "শোকেস কানাডা ২০১৮"-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

৮ মে ২০১৮ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন চীনের কুনমিং-এ অনুষ্ঠিত "৫ম চায়না সাউথ এশিয়া এক্সপো"তে যোগদান করেন।

৯ মে ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স-বাংলাদেশ-এর নির্বাহী পর্ষদের ৭২তম সভায় যোগদান করেন।

ঃ "ন্যাশনাল ইনফ্রাস্টাকচার" স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ "ডিসিসিআই গুলশান সেন্টার" সংস্কার বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ রাশেদুল করিম মুন্না বস্ত্র ও পাট মন্ত্রণালয় আয়োজিত পাট পণ্য বহুমুখীকরণ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ রাশেদুল করিম মুন্না বিজেএমসি আয়োজিত "স্ট্রাটেজিক প্ল্যানিং ফর জুট সেক্টর" শীর্ষক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির-এর সাথে সিবিআই নেদারল্যান্ড-এর প্রতিনিধিদল সাক্ষাৎ করেন।

১০ মে ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, প্রাক্তন সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এবং জনাব হোসেন খালেদ প্রাক-বাজেট আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এমসিসিআই আয়োজিত "বাজেট ২০১৮-১৯ঃ আমাদের প্রত্যাশা" অনুষ্ঠানে যোগদান করেন।

১২ মে ২০১৮ ঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ যৌথভাবে আয়োজিত "প্রাক-বাজেট আলোচনা" সভা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঃ বিল্ড-এর "এসএমই ডেভেলপমেন্ট" ওয়ার্কিং কমিটির ৫ম সভায় ঢাকা চেম্বারের আহ্বায়ক জনাব রাশেদুল করিম মুন্না যোগদান করেন।

ঃ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত "নিউ ট্রেড অর্গানাইজেশন এ্যাক্ট" বিষয়ক সভায় ডিসিসিআই প্রাক্তন সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী'র যোগদান।

১৩ মে ২০১৮ ঃ ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আইএফসি)'র সহায়তায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "বাংলাদেশ লজিস্টিকস কস্ট স্টাডি (ওয়ারহাউজ এবং স্টোরেজ)" শীর্ষক গবেষণার প্রতিবেদন প্রকাশ বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আব্দুস সালাম প্রধান অতিথি এবং ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আইএফসি)'র বাংলাদেশ ও নেপালের কান্ট্রি ডিরেক্টর মিস ওয়েন্ডি জো ওয়ারনার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ওয়ার্কশপে সভাপতিত্ব করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব এম এস সিদ্দিকী বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত "ডব্লিউটিও রুলস্" শীর্ষক সভায় যোগদান করেন।

১৪ মে ২০১৮ ঃ ডিসিসিআই যুগ্ম-আহ্বায়ক জনাব মোঃ বেল্লাল হোসেন বিএসটিআই আয়োজিত "ফিশ অ্যান্ড ফিশারিজ প্রডাক্টস্" বিষয়ক সভায় যোগদান করেন।

১৫ মে ২০১৮ ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির সিপিডি আয়োজিত "এলডিসি উত্তরণ এবং এসডিজি বাস্তবায়নে আমাদের করণীয়" শীর্ষক সভায় যোগদান করেন।

১৬ মে ২০১৮ ঃ ডিসিসিআই যুগ্ম-আহ্বায়ক জনাব মোঃ ইকরাম ঢালী "এক্সপোর্ট প্রোটেনশিয়াল অব ট্রেড ইন সার্ভিসেস অব বাংলাদেশ"-বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিক ইন্সটিটিউট আয়োজিত সভায় ডিসিসিআই প্রাক্তন পরিচালক জনাব এম আনোয়ারুল হকের যোগদান।

১৮ মে ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ "আরএনআই বাংলাদেশ ফোরাম"-এর মধ্যাহ্নভোজে যোগদান করেন।

১৯ মে ২০১৮	ঃ	"ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স" কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।
	ঃ	"ফিন্যান্স অ্যান্ড একাউন্টস্" স্ট্যান্ডিং কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির বাংলাদেশ কম্পিউটার সমিতি আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন।
২২ মে ২০১৮	ঃ	"প্রজেক্ট মনিটরিং" বিশেষ কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
২৩ মে ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশীপ, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর" বিশেষ কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালক জনাব হোসেন এ সিকদার "ঢাকা শিল্প মালিক সমিতি"-এর ইফতার মাহফিলে যোগদান করেন।
	ঃ	সানেম আয়োজিত "অশুল্ক প্রতিবন্ধকতা" শীর্ষক ওয়ার্কশপে ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীনের যোগদান।
২৪ মে ২০১৮	ঃ	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "বেসরকারীখাতের উন্নয়নে কোম্পানী আইনের সংস্কার" শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বাণিজ্য সচিব জনাব শুভাশীষ বসু বিশেষ অতিথি হিসেবে গোলটেবিল আলোচনায় উপস্থিত ছিলেন।
	ঃ	ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৫ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ঢাকা শিল্প-মলিক সমিতি-এর ইফতার ও মিলাদ মাহফিলে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান যোগদান করেন।
	ঃ	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়োজিত "ট্রেড ফেসিলিটেশন ওয়ার্কিং গ্রুপ" বিষয়ক সভায় ডিসিসিআই আহ্বায়ক এম শফিকুল আলম, এফসিএ-এর যোগদান।
	ঃ	বাংলাদেশ জুট মিসল্ কর্পোরেশন আয়োজিত "স্ট্রাটেজিক প্ল্যানিং ফর জুট সেক্টর (২০১৮-২০২২)" শীর্ষক অনুষ্ঠানে ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম-এর যোগদান।
২৬ মে ২০১৮	ঃ	ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালক জনাব ইমরান আহমেদ "গ্লোবাল গ্যাপ বাংলাদেশ কনফারেন্স ২০১৮"-তে যোগদান করেন।
	ঃ	"ডিসিসিআই এগ্রো হেল্প ডেস্ক"-এর কার্যক্রম উদ্বোধন।
	ঃ	ডিসিসিআই এক্সিকিউটিভ কমিটি (ইকম)-এর ১৪তম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন।
২৮ মে ২০১৮	ঃ	মাননীয় প্রধানমন্ত্রী আয়োজিত ইফতার মাহফিলে ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খান যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই যুগ্ম-আহ্বায়ক জনাব এসএম গোলাম ফারুক আলমগীর শিল্প মন্ত্রণালয় আয়োজিত পেটেন্ট সহযোগিতামূলক চুক্তি বিষয়ক সভায় যোগদান করেন।
২৯ মে ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এফবিসিসিআই আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে এমসিসিআই'র সাবেক সচিব জনাব সাকিব কোরেশী এবং ইউএনডিপি'র প্রতিনিধি জনাব হামিদ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ক্যাম্পাস ম্যাগাজিনে সাক্ষাৎকার প্রদান করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মিজানুর রহমান শিল্প মন্ত্রণালয় আয়োজিত বিসিক অ্যাক্ট ১৯৫৭ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্যসচিব জনাব মোঃ নজিবুর রহমানের সাথে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই গবেষণা শাখার কর্মকর্তাগণের পানগাঁও টার্মিনাল পরিদর্শন।

৩০ মে ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোবারক আলী সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার শিল্প মন্ত্রণালয় আয়োজিত বিসিক শিল্পনগরীতে চামড়াখাতের ব্যবসায়ীদের মাঝে প্লট বরাদ্দ সংক্রান্ত সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব জনাব এসএম গোলাম ফারুক আলামগীর শিল্প মন্ত্রণালয় আয়োজিত "ন্যাশনাল ইনটেলেকচুয়্যাল প্রোপার্টি পলিসি ২০১৮" বিষয়ক সভায় যোগদান করেন।

৩১ মে ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান আইএফসি আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন।

২ জুন ২০১৮ ঃ ডিসিসিআই রিভিউ অ্যাডভাইজরি বোর্ড-এর ৪র্থ সভা অনুষ্ঠিত।

৩ জুন ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি-এর ৭ম সভায় যোগদান করেন।

৫ জুন ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে "মেরিটাইম গেটওয়ে" ম্যাগাজিন'র প্রধান সম্পাদক ও প্রকাশক জনাব রামপ্রসাদ সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টিআইএম নূরুল কবীর, আহ্বায়ক জনাব মোঃ রাশেদুল করিম মুন্না, মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন এফবিসিসিআই আয়োজিত স্কিল ডেভেলপমেন্ট বিষয়ক সভায় যোগদান করেন।

৬ জুন ২০১৮ ঃ বাংলাদেশ নিযুক্ত ইউরোপীয় ইউনিয়ন-এর মান্যবর রাষ্ট্রদূত রেনজেস টেরিনিক-এর সাথে ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খান সাক্ষাৎ করেন।

৭ জুন ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ "জাতীয় বাজেট ২০১৮-১৯" পর্যবেক্ষণ সভায় যোগদান করেন।

৯ জুন ২০১৮ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেনের সভাপতিত্বে টেলিকম আইসিটি স্ট্যান্ডিং কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

১১ জুন ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, পরিচালক সর্বজনাব ওয়াকার আহমদ চৌধুরী, নূহের লতিফ খান, আহ্বায়ক জনাব আশরাফ আহমেদ এবং জনাব আরিফ খানের মধ্যকার সমন্বয় সভা অনুষ্ঠিত।

ঃ রাশিয়ার জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশস্থ রাশিয়ার দূতাবাস আয়োজিত অনুষ্ঠনে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের যোগদান।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব সেলিম আকতার খান-এর সভাপতিত্বে রিয়েল এস্টেট ইনক্লুডিং আরবানাইজেশন, ডিসেন্ট্রালাইজেশন স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

	ঃ	ডিসিসিআই আহ্বায়ক ইঞ্জিনিয়ার শামসুজ্জোহা চৌধুরী ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা বিষয়ক সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির বেসিস আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন।
১১-১৬ জুন ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান চীনের কুনমিং-এ অনুষ্ঠিত "১৩তম চায়না সাউথ এশিয়া বিজনেস ফোরাম"-এ যোগদান করেন।
২১ জুন ২০১৮	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির শিল্প মন্ত্রণালয় আয়োজিত "ন্যাশনাল ইনটেলেকচুয়্যাল প্রোপার্টি পলিসি ২০১৮" বিষয়ক সভায় যোগদান করেন।
২৬ জুন ২০১৮	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির "ডিসিসিআই-এভিসি প্রকল্প" আয়োজিত ওয়ার্কশপের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।
২৮-২৯ জুন ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান হংকং-এ অনুষ্ঠিত "বেল্ট অ্যান্ড রোড গ্লোবাল ফোর অ্যান্ড বেল্ট অ্যান্ড রোড সামিট"-এ যোগদান করেন।
৩০ জুন ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান আইসিসি-বাংলাদেশ-এর ২৩তম বার্ষিক কাউন্সিল-এ যোগদান করেন।
১ জুলাই ২০১৮	ঃ	ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ, ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রোজউল কবির, ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন প্রধানমন্ত্রীর কার্যালয় এবং এফবিসিসিআই যৌথভাবে আয়োজিত "এসডিজি লক্ষ্য অর্জনে বেসরকারীখাতের ভূমিকা" শীর্ষক ডায়লগে যোগদান করেন।
৩ জুলাই ২০১৮	ঃ	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ভূঁইয়্যা-এর সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন, প্রাক্তন সভাপতি জনাব এম এ সাত্তার এবং মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এ সময় উপস্থিত ছিলেন।
	ঃ	যুক্তরাষ্ট্রের ২৪২তম স্বাধীনতা দিবস উপলক্ষে বাংলাদেশস্থ মার্কিন দূতাবাস আয়োজিত নৈশভোজে ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান অংশগ্রহণ করেন।
	ঃ	ডিসিসিআই পরিচালক জনাব আন্দালিব হাসান, আহাবায়ক জনাব রাশেদ আলী, মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন "ডিবিআই'র কোর্স সার্কুলার চূড়ান্তকরণ" বিষয়ক সভায় যোগদান করেন।
৪ জুলাই ২০১৮	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পরিচালক জনাব ইমরান আহমেদ-এর সাথে এভিসি প্রকল্পের প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশিপ, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর" বিশেষ কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন-এর সাথে স্পেলবাউন্ড-এর প্রতিনিধিবৃন্দের মধ্যকার সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির, প্রোজেক্ট কো-অর্ডিনেটর খন্দকার আনোয়ার কামাল এভিসি ডাই প্রজেক্ট বিষয়ক সভায় যোগদান করেন।
৫ জুলাই ২০১৮	ঃ	বিশ্বব্যাংক আয়োজিত "টুওয়ার্ডস গ্রেট ঢাকা ঃ এ নিউ আরবান ডেভেলপমেন্ট প্যারাডিয়াম ইস্টওয়ার্ড" শীর্ষক সেমিনারে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের যোগদান।

ঃ ডিসিসিআই'র কান্ট্রি কম্পিটিটিভনেস স্ট্যান্ডিং কমিটির সদস্যবৃন্দ এবং বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন-এর পর্ষদ সদস্যবৃন্দের মধ্যকার মতবিনিময় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির ইউএনডিপি আয়োজিত "ইনট্রিগ্রেটিং ক্লাইমেট চেইঞ্জ এডাপটেশন ইনটু সাসটেইনেবল ডেভেলপমেন্ট পাথওয়েজ অব বাংলাদেশ প্রজেক্ট" শীর্ষক ডায়ালগে যোগদান করেন।

৭ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত।

৮ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন ও পরিচালক জনাব ইমরান আহমেদ-এর সাথে এভিসি প্রকল্পের প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ আলাউদ্দিন মালিক-এর সভাপতিত্বে "ল অ্যান্ড অর্ডার" স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিব উল্ল্যাহ তুহিন শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জাতীয় শিল্প মেলার মুদ্রণ বিষয়ক সাব-কমিটির সভায় যোগদান করেন।

৯ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত বিসিক শিল্প নগরীতে প্লট বরাদ্দ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিব উল্ল্যাহ তুহিন রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) আয়োজিত "চায়না ইন্টারন্যাশনাল এক্সপো"-তে যোগদান বিষয়ক প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।

১১ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, পরিচালক জনাব হোসন এ সিকদার ডিসিসিআই'র এস্টেট শাখার কর্মকতাদের সাথে বৈঠক করেন।

১২ জুলাই ২০১৮ ঃ প্রধানমন্ত্রী'র কার্যালয়ের মূখ্যসচিব জনাব মোঃ নজিবুর রহমানের সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন-এর সাক্ষাৎ।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বিল্ড আয়োজিত "রেগুলেটরি প্রোডাক্টিবিলিটি অ্যান্ড প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট" শীর্ষক পলিসি ডায়ালগে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং পরিচালক জনাব সেলিম আকতার খান বিশ্বব্যাংক আয়োজিত "ঢাকা মেট্রো ট্রান্সফরমেশন প্ল্যাটফর্ম" শীর্ষক ২য় স্টেকহোল্ডার সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

১৪ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) আয়োজিত ঈদ-পুনমিলনী ও মধ্যাহ্নভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি"-এর ৮ম সভা অনুষ্ঠিত।

১৫ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর সভাপতিত্বে "কাস্টমস, ভ্যাট, ট্যাক্সেশন, এনবিআর" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।

১৬ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ আলাউদ্দিন মালিক-এর সভাপতিত্বে "ল অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি-স্মাগলিং ইনিশিয়েটিভ" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

১৭ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ রাশেদুল করিম মুন্না বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "পাট পণ্য বহুমুখীকরণ" বিষয়ক স্টিয়ারিং কমিটির সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-আহ্বায়ক জনাব এসএম গোলাম ফারুক আলমগীর বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্যাটেন্ট সহযোগিতা চুক্তি বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ চট্টগ্রাম বন্দরের প্রাক্তন চেয়ারম্যান এ্যাডমিরাল খালেক (অবঃ)-এর সাথে ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (গবেষণা) জনাব এএইচএম আসাদুজ্জামান পাটোয়ারী এবং সহকারী সচিব (গবেষণা) জনাব সাব্বির রহমান বাংলাদেশস্থ চাইনীজ দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলরের সাথে সাক্ষাৎ করেন।

১৮ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "ন্যাশনাল ট্রেড অ্যান্ড ট্রান্সপোর্টেশন ফেসিলিটেশন কমিটি"-এর সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত "ব্লু ইকোনোমিক" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উপলক্ষে পরিবেশ মন্ত্রণালয় আয়োজিত সেমিনারে ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির যোগদান করেন।

১৯ জুলাই ২০১৮ ঃ ঢাকা চেম্বারের ৬০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিতব্য "ডেস্টিনেশন বাংলাদেশ" অনুষ্ঠানের প্রস্তুতি বিষয়ে আলোচনার লক্ষ্যে আইসিসি-বাংলাদেশ-এর সভাপতি জনাব মাহবুবুর রহমানের সাথে ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খান সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-আহ্বায়ক মেজর সৈয়দ মুনিবুর রহমান বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত শুল্কমুক্ত সুবিধা প্রদান বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই প্রাক্তন পরিচালক জনাব এম আনোয়ারুল হক শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বিএসটিআই প্রোডাক্টস সার্টিফিকেশন বিষয়ক সভায় যোগদান করেন।

২০ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ "সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট" প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই পরিচালক খন্দ. রাশেদুল আহসান এ সময় উপস্থিত ছিলেন।

২১ জুলাই ২০১৮ ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত "খেলাপী ঋণ আদায়ে এডিআর'র ভূমিকা" শীর্ষক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার এবং সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ শহীদুল হক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গোলটেবিল আলোচনায় মিডল্যান্ড ব্যাংক-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব আহসান-উজ জামান এবং ইউল্যাব-এর বোর্ড অব ট্রাস্টি'র বিশেষ উপদেষ্টা অধ্যাপক ইমরান রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিয়াক-এর চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান গোলটেবিল বৈঠকটি সঞ্চালনা করেন।

ঃ ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ ঢাকা চেম্বারের ম্যানেজমেন্ট কমিটির ৭ম সভায় সভাপতিত্ব করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন-এর সভাপতিত্বে "টেলিকম, আইসিটি অ্যান্ড আইপি রাইটস্" স্ট্যান্ডিং কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।

২২ জুলাই ২০১৮ ঃ ডিবিআই গভর্নিং বডি-এর ১২তম সভায় ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খানের যোগদান।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি"-এর ৯ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব কেএমএন মঞ্জুরুল হক বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বাংলাদেশ প্যাভেলিয়নের থিম নির্ধারণের প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে ডিবিআই গভর্নিং বডি-এর সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিবউল্ল্যাহ তুহিন শিল্প মন্ত্রণালয় আয়োজিত "জাতীয় শিল্প মেলা" বিষয়ক উপ-কমিটির সভায় যোগদান করেন।

২৩ জুলাই ২০১৮ ঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে বাংলাদেশস্থ ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত মান্যবর রিনা পি সোমারনো সাক্ষাৎ করেন। ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন, মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং ইন্দোনেশিয়ার দূতাবাসের কাউন্সিলর (ইকোনেমিক এ্যাফেয়ার্স) ইনগ্রিদ রোজালিনা এ সময় উপস্থিত ছিলেন।

ঃ "প্রোটেকশন অব কনজুমার রাইটস, এসেনশিয়াল কমেডিটিজ অ্যান্ড মার্কেট মনিটরিং" স্ট্যান্ডিং কমিটির ৩য় সভায় সমন্বয়কারী পরিচালক জনাব মোহাম্মদ বাশীর উদ্দিন, আহ্বায়ক জনাব এম এ রাশিদ শাহ সম্রাট এবং কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিবউল্ল্যাহ তুহিন ইপিবিতে অনুষ্ঠিত "২৩তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা"-এর ১ম সভায় যোগদান করেন।

২৫ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মিজানুর রহমান শিল্প মন্ত্রণালয় আয়োজিত সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে যোগদান করেন।

২৬ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর সাথে বাংলাদেশস্থ বেলজিয়াম দূতাবাসের ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কমিশনার এলেক্সি বসুইউট সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব ওয়াকার আহমেদ চৌধুরী এবং জনাব নূহের লতিফ খান পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালকের সাথে সাক্ষাৎ করেন। ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং যুগ্ম-সচিব (গবেষণা) জনাব আসাদুজ্জামান পাটোয়ারী এ সময় উপস্থিত ছিলেন।

২৮ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর সভাপতিত্বে "ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি"-এর সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব ইমরান আহমেদ-এর সভাপতিত্বে "ডিসিসিআই এগ্রো-বেইজড ট্রেড/ সার্ভিসেস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন অব এগ্রিকালচার" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

২৯ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর নৈশভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার সিরডাপ আয়োজিত "জাতীয় শিল্পনীতি ২০১৬" বিয়ষক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ ফরেন চেম্বার আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

৩০ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এ্যামচেম-এর মধ্যাহ্নভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব আন্দালিব হাসান-এর সভাপতিত্বে "স্কিল ডেভেলপমেন্ট" স্ট্যান্ডিং কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

৩১ জুলাই ২০১৮ ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এ্যামচেম আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ মিজানুর রহমান "এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহকারী সচিব (মেম্বারশীপ) জনাব রাসেল আহমেদ বিএসটিআই'তে অনুষ্ঠিত চামড়া, পাদুকা এবং চামড়াজাত পণ্য বিষয়ক কমিটির ৫ম সভায় যোগদান করেন।

২ আগস্ট ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূত পানপিমোন সোয়ান্নাপোনসে-এর সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এসএম জিল্লুর রহমান-এর সভাপতিত্বে "ডিসিসিআই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট, রিলেশন্স অ্যান্ড ফ্যাক্টরি কমপ্লায়েন্স" স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

৪ আগস্ট ২০১৮ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেনের সভাপতিত্বে "ডিসিসিআই ক্রয় কমিটি"-এর ২য় সভা অনুষ্ঠিত।

৫ আগস্ট ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি"-এর ১১তম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে নিমফি'র প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব করুনাংশু সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির সিপিডি আয়োজিত "তৈরি পোষাক খাতের শ্রমিদের ন্যুনতম মুজরি নির্ধারণ' বিষয়ক সংলাপে যোগদান।

৬ আগস্ট ২০১৮ ঃ ঢাকা চেম্বারের আহ্বায়ক জনাব এস এস সিদ্দিকী বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত সভায় যোগদান করেন।

৮ আগস্ট ২০১৮ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সভাপতিত্বে "ডিসিসিআই কন্সটিটিউশন অ্যান্ড মেম্বারশিপ অ্যান্ড এইচআর ম্যানেজমেন্ট" বিশেষ কমিটির ৭ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস)-এর মহাপরিচালক ড. খান মোরশেদ সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেনের সাথে ইউএসএআইডি'র প্রোগ্রাম স্পেশালিস্ট ইমানুয়েল মনটানারি স্টিফেনস্ সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বারের মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির, ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন এবং প্রজেক্ট কো-অর্ডিনেটর খন্দকার আনোয়ার কামাল এ সময় উপস্থিত ছিলেন।

ঃ এফবিসিসিআই আয়োজিত "ট্রান্সফরমিং বিজনেস থ্রো ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিসেস" শীর্ষক সেমিনারে ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদারের যোগদান।

ঃ "ডিসিসিআই বিজনেস এ্যাওয়ার্ড ২০১৮"-এর সভায় ঢাকা চেম্বারের পরিচালক জনাব হুমায়ুন রশিদের যোগদান। ঢাকা চেম্বারের মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির, ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ জয়নাল আব্দীন এ সময় উপস্থিত ছিলেন।

ঃ বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি (বিডা) আয়োজিত "মুম্বাই ফেয়ার"-এর প্রস্তুতি সভায় ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিব উল্ল্যাহ তুহিনের যোগদান।

৯ আগস্ট ২০১৮ ঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "হালাল সনদের মানদণ্ড এবং প্রতিবন্ধকতাঃ বাংলাদেশের সম্ভাবনা" শীর্ষক অনুষ্ঠিত। আয়োজিত এ সেমিনারে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী এম আমিনুল ইসলাম প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাত-এর রাষ্ট্রদূত জনাব সাইদ মোহাম্মদ আল-মেহেরি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত "প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কো-অর্ডিনেশন কমিটি"-এর ১১তম সভায় যোগদান করেন।

	ঃ	অর্থমন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংক যৌথভাবে আয়োজিত "ন্যাশনাল ফিন্যান্সিয়াল ইনক্লুশন স্ট্রাটেজি" শীর্ষক ওয়ার্কশপে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং আহাবয়ক জনাব আশরাফ আহমেদের যোগদান।
১১ আগস্ট ২০১৮	ঃ	ডিসিসিআই বিজনেস অ্যাওয়ার্ড ২০১৮-এর জুরি বোর্ডের সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের ৭ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সভাপতিত্বে "ডিসিসিআই স্ট্রাটেজিক অ্যাকশন কমিটি"-এর ১২তম সভা অনুষ্ঠিত।
	ঃ	ঢাকা চেম্বারের পরিচালক জনাব হোসেন এ সিকদারের সভাপতিত্বে "ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনট্যানেন্স" স্ট্যান্ডিং কমিটির ৮ম সভা অনুষ্ঠিত।
১৪ আগস্ট ২০১৮	ঃ	ঢাকা চেম্বারের ৬০ বছর পূর্তি উপলক্ষে "ডেস্টিনেশন বাংলাদেশ" অনুষ্ঠান বিষয়ে চেম্বারের গবেষণা শাখার কর্মকর্তাবৃন্দের সাথে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেনের মতবিনিময় সভা অনুষ্ঠিত।
	ঃ	"ডিসিসিআই বিজনেস অ্যাওয়ার্ড ২০১৮"-এর ৫ম সভায় ঢাকা চেম্বারের পরিচালক জনাব হুমায়ুন রশিদের যোগদান।
	ঃ	ঢাকা চেম্বারের পরিচালক জনাব হুমায়ুন রশিদের সভাপতিত্বে "ন্যাশনাল এনার্জি" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।
১৬ আগস্ট ২০১৮	ঃ	শিল্প মন্ত্রণালয় আয়োজিত জাতীয় শিল্প মেলার মুদ্রণ বিষয়ক সভায় ডিসিসিআই আহ্বায়ক জনাব মোঃ হাবিব উল্ল্যাহ তুহিনের যোগদান।
	ঃ	ঢাকা চেম্বারের আহ্বায়ক জনাব এস এম সিদ্দিকী ইপিবি আয়োজিত "ডব্লিউটিও রুলস" বিষয়ক সভায় যোগদান করেন।
১৯ আগস্ট ২০১৮	ঃ	ডিসিসিআই উধ্বর্তন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ পরিবেশ মন্ত্রণালয় আয়োজিত "সাসটেনেবিলিটি অ্যান্ড গ্রীণ গ্রোথ" বিষয়ক ওয়ার্কিং কমিটির সভায় যোগদান করেন।
২৬ আগস্ট ২০১৮	ঃ	ডিসিসিআই সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন বেসিস আয়োজিত ফোকাস গ্রুপ আলোচনা সভায় যোগদান করেন।
Mr. Salim Akhter Khan, Director, DCCI acted as the Coordinating Director; Mr. N K A Mobin, FCA, FCS, CFC acted as the Convenor; Mr. Sk. Md. Waliul Islam and Mr. Arman Haque acted as Joint Convenor of this Standing Committee. The other Members of the Standing Committee were: Mr. K. G. Karim, Mr. A.K.D. Khair M Khan, Mr. Shahzada A. Hamid, Dr. M. Khurshed Alam, Mr. Md. Anowar Hossain, Mr. Ahsanul Haque (Ahsan), Engr. Md. Abdul Waresh, Capt. Md. Nurul Haque (Retd), Mr. Tapan Krishna Podder, Mr. A.K.M. Shariful Islam, Mr. A.I.M. Hasanul Mujib, Mr. Bilash Dash, Md. Bashiruddin, Mr. Rafiquzzaman Bhuiyan, Mr. Md. Enamul Haque and Mr. Mohammad Masoom.

Standing Committee on National Energy Security

The standing Committee had a greater focus on uninterrupted supply of Energy & Power for industrial development and on the demand for energy consumption in the present year and the year to come. The committee had assessed that demand for energy is driven by the growth of industrialization, modern agriculture sector, transformation of the rural economy, rapid urbanization, and improved standard of living. Given the fact, the standing committee creates a platform to identify the problems and constraints in respect of Energy & Power and propose a timely and expeditious solution to this constraint.

The committee also coordinates with DCCI Directors, Members, different ministries, departments and autonomous bodies for formulation of proper policy on the development of Energy & Power sector to smooth the transition period of LDC graduation of Bangladesh. And, the committee provides relevant policy directions, strategies and recommendations to the government with which the committee ensures their active participation in the policy-making level of DCCI for the development of power and energy sector.

During the year 2018, the committee organized two meetings. Retrieving recommendation from these meetings, the committee held a seminar titled, "LNG Tariff: Implication on Trade and Industries". It focuses on charting a strategic plan to rationalize the price of LNG, ensure National Energy Security by focusing on

energy price and LNG distribution and new off-shore and on-shore exploration. It further focuses on ensuring right energy mix for the uninterrupted energy and power supply to the energy-dependent industry.

Mr. Md. Abul Kalam Azad, Principal Coordinator (SDG Affairs), Prime Minister's Office GoB graced the occasion as the chief guest while **Mr. Rahman Murshed**, Member, Bangladesh Energy Regulatory Commission (BERC) was present as the guest of honour. Moreover, representatives from energy and power sector of the government, BGMEA, BKMEA, BTMA, BCMA, BARSMA, WB, ADB and the relevant private sector stakeholders and government agencies had participated in the seminar.

Mr. Humayun Rashid, Director & Former Senior Vice President of DCCI was the Coordinating Director of the committee while Mr. Salman Karim was the Convenor and Mr. Moinuddin Hasan Rashid and Mr. Rayan Moyeen were the Joint Convener for the year 2018.

The Members of the standing committee were Mr. Sameer Sattar; Mr. Md. Saifur Rahman; Mr. N.M. Asaduzzaman; Mrs. Suraiya Alam; Mr. Tarique Ekramul Haque; Mr. Muhammad Nazmul Hoque; Mr. M. A. Reaz; Engr. Macksudul Ferdous; Mr. Mohammad Ferdous Alam; Mr. Shafiul Azam Chowdhury; Ln. Mahmud Hasan; Mr. Mamunur Rashid; Mr. Sunny Chandra Saha; Mr. Md. Rubayet Hossain and Mr. Mohammed Anamul Hoque.

"ল অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি স্মাগলিং ইনিশিয়েটিভ" স্ট্যান্ডিং কমিটি

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর "ল অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি স্মাগলিং ইনিশিয়েটিভ" স্ট্যান্ডিং কমিটি-২০১৮ এর কার্যপরিধিতে রয়েছে ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন, উন্নত যুবসমাজ গঠন, চোরাচালান রোধ, নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং দেশের আইন-শৃঙ্খলা সম্পর্কিত সরকারের সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা। এছাড়া আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে সরকারের নীতিমালা নির্ধারণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট ডিসিসিআই-এর সুপারিশ প্রেরণ করাও এ স্ট্যান্ডিং কমিটির কার্যক্রমে অন্তর্ভুক্ত রয়েছে।

চলতি বছরের শুরুতেই এই কমিটির সমন্বয়কারী পরিচালক আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক, আহ্বায়ক ইঞ্জি. শামসুজ্জোহা চৌধুরী ও যুগ্ম-আহ্বায়ক জনাব মোহাম্মদ মোনায়েম খান এবং জনাব মনোয়ার হোসেন এর উপস্থিতিতে কমিটির বাৎসরিক কর্মপরিকল্পনা (Action Plan) নির্ধারণের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার Action Plan- এ দু'টি সেমিনার/ মতবিনিময় সভা, স্থলবন্দর পরিদর্শন ও পর্যবেক্ষন সহ তিনটি Call on মিটিং করার পরিকল্পনা করা হয়। স্ট্যান্ডিং কমিটির একাধিক সভা আয়োজন, পবিত্র রমজান মাসে দ্রব্য-মূল্য নিয়ন্ত্রণে রাখা, দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সক্রিয় ভূমিকা পালন, স্থলবন্দর পরিদর্শন, পর্যবেক্ষণ ও স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে সভা আয়োজন, দেশের সার্বিক ব্যবসা বান্ধব পরিবেশ গঠণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রসঙ্গে মতবিনিময় সভা আয়োজন প্রাধান্য দিয়ে এ-কমিটির বাৎসরিক কর্মপরিকল্পনা (Action Plan) করা হয়।

এ কমিটি থেকে চলতি বছরের ১৫ এপ্রিল, ২০১৮ তারিখে "আসন্ন পবিত্র রমজানে দ্রব্য-মূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময়" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। এই মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর সভাপতি জনাব গোলাম রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক ড. মোঃ জিয়া রহমান। এছাড়াও ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম,এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পর্ষদের পরিচালকবৃন্দ সহ চেম্বারের প্রাক্তন সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকবৃন্দ এবং এই কমিটির সম্মানিত আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়ক ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সম্মানিত অতিথিবৃন্দের উপস্থিতিতে ডিসিসিআই'র পক্ষ থেকে ব্যবসায়ীদের বিভিন্ন রকম সমস্যার কথা তুলে ধরা হয় এবং সমস্যা সমাধানে সরকারের সহযোগিতার জন্য আহবান জানানো হয়।

মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খাঁন, এম.পি, রমজান মাসে নৈতিকতার সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতি আহবান জানান। তিনি বলেন, দেশের আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দকে ব্যবসা বান্ধব পরিবেশ অক্ষুন্ন রাখতে এবং ব্যবসায়ী সম্প্রদায়ের সর্বপ্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। তিনি রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সহনীয় পর্যায়ে রাখা এবং বিপনী বিতান সমূহে নিরাপত্তা বিধানে সরকারের পক্ষ হতে সকল ধরনের উদ্যোগ গ্রহণের আশ্বাস প্রদান করেন।

উল্লেখ্য যে, যথারীতি ২০১৮ সালে কমিটির সমন্বয়কারী পরিচালক আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক ও আহ্বায়ক ইঞ্জি. শামসুজ্জোহা চৌধুরী আইন-শৃঙ্খলা বিষয়ে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, ভোক্তা অধিকার সংরক্ষণ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ সহ বিভিন্ন কমিটির সভা/সেমিনারে নিয়মিত অংশগ্রহণ করেন এবং বস্তুনিষ্ঠ সুপারিশ দিয়ে ডিসিসিআইকে প্রতিনিধিত্ব করেন।

এই কমিটির সভাসমূহে সাম্প্রতিক সময়ে দেশে মাদক ব্যবসায়ী ও তরুণ সমাজে মাদক গ্রহণের প্রবণতা, খুন, ছিনতাই, রাহাজানি, গুম, হত্যা, চাঁদাবাজি, সন্ত্রাস, ডাকাতি ইত্যাদি বিষয়ে এবং পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা, আমদানিকৃত পণ্যের পরিবহন খরচ এবং ঢাকা-শহরে সর্বত্র বিশেষ করে শিল্প, ব্যবসা-বাণিজ্য কেন্দ্র এবং কূটনৈতিক এলাকায় অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সংশ্লিষ্ট মহলকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার আহবান জানানো হয়।

এ কমিটির উপদেষ্টা হিসেবে ছিলেন ডিসিসিআই প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আবদুস সালাম ও অন্যান্য সদস্যবৃন্দ হলেন সর্বজনাব মোঃ সিরাজউদ্দিন মালিক, এম আবু হোরায়রাহ, আলহাজ্ব মোঃ শরফুদ্দিন, মাশুক হোসেন, এ.কে.ডি. খায়ের মোহাম্মদ খান, মোঃ রমজান আলী, মোহাম্মদ নিজাম উদ্দিন তালুকদার, হাজী আলতাফ হোসেন, ব্যারিস্টার মোঃ সিয়াম আল-দ্বীন মালিক, সুমন তালুকদার, সিরাজুল ইসলাম, মুহাম্মদ জমসের আলী, নান্না মিয়া, মিসেস লিলি হক, মেসার্স তাসলিমা সিদ্দিক রত্না, হাজ্বী মোঃ মিয়া হোসেন, মোঃ খোরশেদ আলম, নূরুল আনোয়ার চৌধুরী, সৈয়দ তাজুল বাশার তপু, মোঃ মাহমুদ হাসান জামাল, এম. এ. হান্নান বাশার, পারভেজ আহমেদ, রাজীব দাস, এম. এইচ. কে. জাহাঙ্গীর মাহমুদ, এবং তানভীর হাসান।

Standing Committee on National Infrastructure

Standing Committee on National Infrastructure was formed to examine the existing laws, rules programs and procedures of the Communication and transportation sector and to formulate recommendations for rationalization of the system; to examine and review the performance of Railway, Airways, Waterway and Road Transportation system in the country and suggest measures for improving the operating efficiency of all these sectors considering problem of business community of all these sectors; to deal with all matters and issues concerning infrastructure development in communication and transportation sector and keep the Board informed, to review and examine the problems faced by the business community regarding Ports, Shipping, ICD, EPZ & SEZ and make appropriate recommendations to the Government and other Agencies for their remedy; to promote private sector involvement and investment in the development of Port, Contain terminals and other infrastructure and to perform any other that may be assigned by the Board of Directors/ President.

In 2018, President of DCCI set priority on National Infrastructure development encompassing communication infrastructure, energy and power sector. In communication infrastructure, priority has been given on the Inland Waterway development and Chittagong port development.

Following the recommendation and initiative of this standing committee Dhaka Chamber of Commerce and Industry (DCCI) organized a seminar titled 'Inland Waterways-Reshaping Connectivity and Creating Economic Opportunities' on 20th February at Lakeshore Hotel in Dhaka. **Dr. Mashiur Rahman,** Hon'ble Economic Affairs Adviser to the Prime Minister, Government of the People's Republic of Bangladesh Prime Minister's Office, GoB graced the seminar as the Chief Guest while **Mr. Noor-E-Alam Chowdhury,** M.P. Chairman, Committee on Estimates, Bangladesh Parliament and Former Chairman**,** Parliamentary Standing Committee on Ministry of Shipping, was present as the special guest. **Mr. Abul Kasem Khan,** President of DCCI delivered the welcome address in the event. Keynote Presentation was delivered by Mr. Syed Yasser Haider Rizvi, Convenor, DCCI Standing Committee on National Infrastructure & Addl. Managing Director, Summit Alliance Port Limited (SAPL).

The 1st meeting of the Standing Committee was held on May 9, 2018 at DCCI Gulshan Centre. The committee recommended to from a standalone Standing Committee focusing on EZs and SEZs by DCCI. The committee also suggested R&D department of DCCI to develop a Terms of Reference (ToR) for hiring an independent consultant to conduct study on "Operationalization of Sadarghat-Tongi Waterways" focusing on regulatory aspects, economic benefits, stimulating commercial activities and end mile connectivity.

In this standing committee Kh. Rashedul Ahsan acted as the Coordinating Director, Mr. Syed Yasser Haider Rizvi was the Convenor. The other members of the standing committee were Mr. S.K. Badal, Mr. Syed Tajul Bashar Tapu, Capt. Md. Nurul Haque (Retd), Brig Gen Quamrul Islam (retd), Mr. Shoeb Arafat Siam, Mrs. Lily Haque, Syed Mastafizur Rahman, Mr. Tanjil Chowdhury, Mr. Hedayetul Islam, Mr. A.S.M. Salahuddin, Mr. Mamunur Rashid, Mr. Sunny Chandra Saha, Mr. Md. Rubayet Hossain, Mr. Mohammed Anamul Hoque.

Standing Committee on Industrial Development, Relations and Factory Compliance

This Standing Committee is vocal in reviewing problems faced by the business community with regard to Foreign Direct Investment (FDI), Industrial Policy and Privatization of SOEs and formulating suggestions from time to time to attract FDI, at the same time protecting interest of local businessmen and entrepreneurs. Activities from this Committee also focus on mechanisms to improve labour relations in industries for sustainable business growth, interact with government on the development of the law and support DCCI members' factory compliance, provide services for CSR policy development and corporate governance.

Over the year 2018, total three meetings were held by this Committee capitalizing on setting a particular sector and decided "Pharmaceuticals" as the sectoral priority for this year. In this connection, this committee prepared a list of pharmaceutical industry from DCCI member list for potential co-option to supplement the sectoral priority. Moreover, following the Bangladesh-Bhutan joint statement came up from a state visit to Bhutan from 18-20 April 2017 where Bangladesh side offered to export selected products including pharmaceuticals to Bhutan, the Committee planned to arrange a meeting with the Bhutan ambassador to Bangladesh to share the thought-process of this Standing Committee and can have a joint modality of working in future. Additionally, a call-on with the Chinese ambassador has been decided by this Committee. Furthermore, this Committee is in the process of arranging a seminar on the problems, prospect and reforms relevant to API industries to be held at DCCI auditorium. Prospected government and private sector agencies relevant to this seminar will be API Association, Ministry of Commerce, Ministry of Industries, Ministry of Health and Family Welfare, Directorate General of Drug Administration (DGDA), BB, EPB, BIDA, BEZA etc. and keynote presenter will be a Professor of Chemistry, Jahangirnagar University. It has been decided by the Committee that a team incorporating the office bearers of DCCI, and board members will visit an API factory possibly the factory of Mr Md. Zia Uddin to witness the process of API manufacturing process.

Mr. S.M. Zillur Rahman, Director, DCCI was the Coordinating Director of the Standing Committee. Mr. Md. Zia Uddin acted as the Convener of the Standing Committee. Mr. Ashfaqur Rahman and Mr. Mohammad Siaam Al-Din Malik both acted as the Joint convener of the Committee.

The other members of the committee were Mr. M. Anwarul Haque, Former Director, DCCI, Mr. Rizwan-ur Rahman, Former Director, DCCI, Mr. Tapan Krishna Podder, Mr. N K A Mobin FCA,FCS,CFC, Mr. Mohammed Sohel, Mr. Md. Atiqur Rahman, Mr. Md. Saifur Rahman, Mr. Mohammad Dawood Raywas, Mr. Md. Edrisur Rahman, Mr. Abdur Rahim Sagor, Mr. Noor Hossain, Mr. Md. Omar Faruk, Mr. Abdul Mumit, Mr. Imdadul Mahmud, Mrs. Taslima Siddique Ratna, Mr. Md. Shahin Bhuiyan, Mr. Md. Jashim Uddin Khan Pinto, Mohammed Salman Hossain and Mr. Azazul Hoque.

Standing Committee on "Skills Development (DCCI College, DBI, Leadership Institute-{proposed}, Library and Knowledge Centre)-2018"

Main Terms of Reference (ToR) of the Standing Committee on "Skills Development (DCCI College, DBI, Leadership Institute-{proposed}, Library and Knowledge Centre)" of DCCI could be summarized as follows:

1. To formulate appropriate policies and oversee the preparation of Annual DBI Training Calendar and professional academic courses like BBA & MBA to provide need-based education services.
2. To consider and evaluate viable projects in cooperation with National and International Partners of progress.
3. To guide DCCI Research Cell, Knowledge Centre, Library and DCCI in its activities.

Five meetings of the Standing Committee were held on January 29, 2018, March 31, 2018, May 5, 2018, July 30, 2018 and October 6, 2018 respectively. The following activities were undertaken as per recommendations of the Standing Committee with due approval of DCCI Board of Directors.

1. Activities of DCCI Business Institute (DBI) and Knowledge Centre undertaken during the year 2018 are given below:

As recommended by the Standing Committee, the DBI Training Calendar 2018 (January-December) was prepared, published and distributed among the target groups. Regarding Modular Learning System in Supply Chain Management MLS-SCM(P), 23rd batch (January-June, 2018) and 24th batch (July-December, 2018) of Certificate Course were successfully started with fifty two (52) and thirty eight (38) participants respectively. In addition, 22 and 34 participants have registered for Advanced Certificate and 16 & 15 participants for Diploma courses respectively in 2018. Classes are held on Fridays so as to enable persons on–the-job to attend the training courses conveniently on weekend. The courses help them increase their knowledge, efficiency and creat better job opportunities. Examinations on MLS-SCM(P) Courses were also held in February, May & October, 2018 successfully. Total number of examinees were 150 modules/participants in February, 150 modules/participants in May and 176 modules/participants in October, 2018. The examinations were held strictly as per the standard guidelines of ITC, Geneva up to their full satisfaction. Nineteen (19) short training courses were organized with 228 (Two hundred & twenty eight) participants from January to October 2018. During the same period twenty (20) daylong workshops were organized with 255 (Two hundred and fifty five) trainees.

Developed course curriculum for three new courses titled Marketing Management, Financial Management & Human Resource Management. Admission processes of the said courses are going on. DBI Newsletters has been published to promote activities of DBI among the stakeholders. Third issue of the Newsletters is going to be published soon.

Two corporate training courses were organized for Power Grid Company of Bangladesh Ltd. and Ain-o-Salish Kendra titled on 'Office Management, Filling and Documentation' and 'Managing Accounts-Best Practices', respectively. Four training programme were organized by DBI on Staff Capacity Development Training on - Project Management, Designing and Manufacturing of Diversified High-end Jute Products, Training on Trainer (ToT) and Bankable Project Proposal Preparation financed by DCCI-USAID's AVC Project.

2. Activities of BBA College are summarized below:

Since its inception, with joint collaboration of DCCI, DCCI Business Institute (DBI) College has been relentlessly pursuing its mission and goals as stipulated by Governing Body, Standing Committee, Working Committee and DCCI Board of Directors. DBI (College) provides exceptional teaching and practical learning to inspire and empower students for personal and professional success. It has been consistent with its overall effort to emerge as a leading business institute in the country.

It is worth mentioning that DBI College has achieved commendable success in the fields of academics, administration, facilities, extra curricular activities and student's affair. It's a matter of pride that two of our students (Md. Mamonur Rashid and Md. Rasel) obtained CGPA 3.95 in 8th semester which is the highest and outstanding result in the National University and around 60% student obtained CGPA 3.50 and above. Students of 3rd & 4th batches have done outstanding result in their last semesters (7th semester & 5th semester respectively). One of them named Mohammad Riduwan (3rd batch) obtained CGPA 3.85 out of GPA-4. On an average 50% students obtained CGPA 3.50 and above.

DCCI Foundation & Board of Directors have taken a generous initiative to offer scholarship to students of DBI College. 11 students from DBI College got CZM Genius Scholarship managed by DCCI for the year 2018 (Jan-Dec) session. Students of DBI College get preference for internship opportunity at DCCI. At present 4 students of DBI College are completing their internship at DCCI from 3rd batch. Two of our brilliant students 'Sayed Billal Hossain" and "Aliva Salmin Tafana" had worked in the DCCI Library after completion of their BBA (Professional) degree.

DCCI Business Institute (DBI) College has participated in "4th Showcase Canada-2018" (Trade and Education Fair) held from 6th -7th May. DBI College's principal recently completed the first part of "Master in Leadership Management" degree from Nottingham University of Malaysian Campus (UNMC) in March, 2018 Under College Education Development Project (CEDP) of Peoples Republic of Bangladesh. Four faculty members of DBI College have become NU examiners and successfully completed evaluating answer scripts.

Besides class lectures-individual and group presentation, class study, assignments, group discussion, exercise and other interactive methods of learning are being practiced to explore and expose students potential. Much effort has been taken to enhance students' standard of assimilation, analysis and creativity.

3. The activities of Library are summarized below:

Dhaka Chamber has a well equipped library. DCCI Library has served satisfactorily to its honorable members, faculty members, students and its office staffs since its inception. DCCI Library has begun its all operation by library management software this year. I am happy to inform you all, all kind of Library information has been updated by software. Library is the spine of the research and development activities of DCCI and DBI College. Library having a good collection of Reference books, Directories, Magazines and BBA course related books. It has also an archive section with rare collections including government & non-government publications, National & International business & commercial Publications with study space. DCCI members also use it particularly for International Tenders and consulting International Directories. Allow users especially for students to borrow a good number of books and also served to the Library members regarding various Business information from internet.

The following activities were undertaken in the Library and Information Department in 2018:

1. Collection

- Collection of trade publications from Private & Public sectors and dissemination of the same among members by providing photocopy facilities.
- Collection of International Trade and Business Directories, Journals, Magazines and business literature for reference service.
- Collection and preservation of Govt. Documents, Acts, Ordinances, Policies, etc.
- Collection and Preservation of Training Papers, Research Papers, Reports on Workshops, Conference, Seminar, Symposium held at the DCCI, in the Country and Abroad.
- Purchased and collection complimentary copy of BBA Course related Books for BBA Students.

During October, 2017 to September, 2018 the following Documents were collected in the Library:

- Text Books (Classification, Accessioning and shelving)
- Reference Books (Business Directories, Magazines, Journal, BD Gazette, Act & Policy, A/R etc)
- Tender Documents- Regular basis.
- Training Materials.

2. Service and Activities:

1) Circulation Service (Lending Facilities), 2) Issuance and Renewal of library card, 3) International Tender Service, 4) Current Awareness Service like providing information for book, publication and tender, 5) Selective Dissemination Service, 6) News Clipping Service, 7) In-house Service, 8) Photocopy Service (Generate some income by providing photocopy service), etc.

3. USER SUPPORT

Library is used intensively by the students, Teachers, DCCI BoD, DCCI Officials, Business people, Researchers in order to collect documents and various significant information. Usually 10-12 business people, 30-40 students, 4-6 faculty members, 8-10 In house people and others use the library every day.

Mr. Andaleeb Hasan, Director, DCCI is the Coordinating Director of the Standing Committee; Mr. Md. Rashed Ali, the Convenor, Dr. Kazi Saifuddin Munir and Mr. Md. Mamunur Rahman are the Joint-Convenor of this Standing Committee. Other members of the Standing Committee are: Mr. Absar Karim Chowdhury, Former Vice President, DCCI; K. Atique-E-Rabbani, FCA, Former Vice President, DCCI; Mr. M. Abu Hurairah, Former Vice President, DCCI; Mr. M. Anwarul Haque, Former Director, DCCI; Mr. Data Magfur, Former Director, DCCI; Capt. Md. Nurul Haque (Retd), Mr. Mohammad Nurun Nabi, FCA; Mr. Syed Almas Kabir; Dr. Khalilur Rahman, Mr. Mohammad Osman Ghani; Mr. A K M Nurul Huda Pintoo; Mr. Kamrul Hasan Shayok; Mr. Shaikh Abdul Wahid; Mrs. Doyal Akter; Mst. Asma Khatun and Engr. Md. Mehedi Hasan.

স্ট্যান্ডিং কমিটি অন প্রটেকশন অব কনজুমার রাইট্স, এসেন্সিয়াল কমোডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং

প্রটেকশন অব কনজুমার রাইট্স, এসেন্সিয়াল কমোডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে ডিসিসিআই'র পক্ষ থেকে সামাজিক সচেতনতা সৃষ্টি ও ভোক্তা স্বার্থ সংরক্ষণকল্পে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করা হয় যা এই কমিটির অন্যতম দায়িত্ব। ন্যায্য মূল্যে ভোক্তাদের নিকট পণ্য সরবরাহে ব্যবসায়ী সম্প্রদায়ের দায়িত্ব, কর্তব্য ও করণীয় সম্পর্কে ঢাকা চেম্বারের সুনির্দিষ্ট সুপারিশসহ এ কমিটি সরকারী মহলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এ কথা অস্বীকার করা যায় না যে, আমাদের বাজার ব্যবস্থাপনায় সুষ্ঠু ও সুশৃংখল পরিবেশ এখনো গড়ে ওঠেনি। পাশাপাশি এর যতটা আধুনিকায়ন ও স্বচ্ছতা প্রয়োজন সেটিরও যথেষ্ট অভাব রয়েছে। এ ক্ষেত্রে সরকারের অনেক কিছু করণীয় থাকলেও মুক্তবাজার অর্থনীতির অজুহাত, প্রশাসনিক দৃঢ়তা ও প্রয়োজনীয় আইন অবকাঠামোর অপ্রতুলতার কারণে প্রত্যাশিত পদক্ষেপ সরকারকে অনেক সময় নিতে দেখা যায় না। তদুপরি ব্যবসায়ী সমাজের কাছ থেকে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার (Corporate Social Responsibility or CSR) বিষয়টিও বিশেষভাবে গুরুত্ব দিতে হবে।

প্রটেকশন অব কনজুমার রাইট্স, এসেন্সিয়াল কমোডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং স্ট্যান্ডিং কমিটির সভায় এ কমিটির উদ্দেশ্য, আদর্শ সামনে রেখে মিশন স্টেটমেন্ট এবং বার্ষিক কর্মপঞ্জী প্রস্তুত করা হয় যা ডিসিসিআই পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়। বাণিজ্য মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় ঢাকা চেম্বারের পক্ষ থেকে সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক,

সহ-আহ্বায়ক ও কমিটির সংশ্লিষ্ট সদস্যগণ উপস্থিত হয়ে মতামত প্রদান করে থাকেন। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ, বিপণন ও মূল্য স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখার নিমিত্তে নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন কার্যক্রমের জন্য গঠিত কমিটির বিভিন্ন সভায় ডিসিসিআই এর পক্ষে প্রতিনিধিত্ব করেন সমন্বয়কারী পরিচালক জনাব মোহাম্মদ বাশীর উদ্দিন; আহ্বায়ক জনাব এম এ রশিদ শাহ সম্রাট; যুগ্ম আহ্বায়ক জনাব আবু বকর সিদ্দিক; এবং জনাব মোহাম্মদ আহমেদ উল্লাহ। এছাড়াও ডিসিসিআই প্রতিনিধি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত ভোক্তা অধিকার সংরক্ষণ আইন বিষয়ে গণশুনানি সেমিনারে উপস্থিত থাকেন।

ভোক্তা স্বার্থ সংরক্ষণ অধিকার (Protection of Consumer Rights)

প্রাথমিক ধারণা এবং আওতা (Primary Concept Paper & Scope)

ভোক্তা অধিকার কি এবং জাতিসংঘ স্বীকৃত ক্রেতা-ভোক্তাদের অধিকারসমূহঃ

১. পণ্য, সেবা-সার্ভিস, ঔষধপত্র, স্বাস্থ্যসেবা গ্রহীতাদের রয়েছে কিছু মৌলিক অধিকার। সেগুলো সংবিধান স্বীকৃত মৌলিক অধিকার।

২. আজ তাই ভোক্তা অধিকার কোন শ্লোগান নয়, একটি মানবিক, সামাজিক, জাতীয় ও আর্ন্তজাতিক ইস্যু। ন্যায্য ও ন্যায়সঙ্গত অধিকার প্রত্যেক ভোক্তার প্রাপ্য।

৩. মুক্তবাজার অর্থনীতিতে ভোক্তারা বা ক্রেতা-সাধারণ একটি শক্তিশালী পক্ষ হিসেবে স্বীকৃত। প্রতিযোগিতামূলক বাজারে বিক্রেতাকে ভোক্তার পছন্দের কথা অবশ্যই মনে রাখতে হবে।

৪. তত্বগতভাবে একজন বিক্রেতা এবং সেবা প্রদানকারীর প্রত্যেকটি কর্মকান্ড ভোক্তাকে কেন্দ্র করেই আবর্তিত হবে এটা স্বাভাবিক এবং তিনি সচেষ্ট হবে কিভাবে ভোক্তাকে সন্তুষ্ট করা যায়। এক কথায়, ভোক্তার সন্তুষ্টি লাভের অধিকারই ভোক্তা অধিকার।

জাতিসংঘে স্বীকৃত ক্রেতা-ভোক্তার অধিকারসমূহঃ

১। অন্ন, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থানের মৌলিক চাহিদা পুরণের অধিকার;
২। নিরাপদ পণ্য ও সেবা পাওয়ার অধিকার;
৩। পণ্যের উপাদান, ব্যবহারবিধি, পার্শ্বপ্রতিক্রিয়া ইত্যাদি তথ্য জানার অধিকার;
৪। ন্যায্য মূল্যে সঠিক পণ্য ও সেবা পাওয়ার অধিকার;
৫। অভিযোগ করার ও প্রতিনিধিত্বের অধিকার;
৬। কোন পণ্য বা সেবা ব্যবহারে ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ পাওয়ার অধিকার;
৭। ক্রেতা-ভোক্তা হিসেবে অধিকার ও দায়িত্ব সম্পর্কে শিক্ষালাভের অধিকার;
৮। স্বাস্থ্যকর পরিবেশে কাজ ও বসবাস করার অধিকার;

ভোক্তার দায়িত্বসমূহঃ

ক) সংহতি; (Solidarity); খ) সমালোচনামূলক সচেতনা; (Criticism Awareness) কার্যক্রম; (Action); গ) সামাজিক দায়বদ্ধতা; (Social Concern); ঘ) পারিপার্শ্বিক / পরিবেশ সচেতনতা; (Environmental Awareness)

এ কমিটির মাধ্যমে অন্যান্য যেসমস্ত সুপারিশমালা প্রণয়ন করা হয়, তা হচ্ছেঃ

১। প্রটেকশন অব কনজুমার রাইটস্, এসেন্সিয়াল কমোডিটিস এন্ড মার্কেট মনিটরিং বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে ২০১৮ সালে ৩টি সভা এবং ৫টি ওয়ার্কিং কমিটির সভা আয়োজন করা হয়।

২। "প্রটেকশন অব কনজুমার রাইটস্, এসেন্সিয়াল কমোডিটিস এন্ড মার্কেট মনিটরিং" এবং "ল অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি স্মাগলিং ইনিসিয়েটিভ" বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে গত ১৫ এপ্রিল ২০১৮ইং "আসন্ন পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বিষয়ে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময় সভা" আয়োজন করা হয়।

৩। এই মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর সভাপতি জনাব গোলাম রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক ড. মোঃ জিয়া রহমান। এছাড়াও ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম,এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পর্ষদের পরিচালকবৃন্দ সহ চেম্বারের প্রাক্তন সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকবৃন্দ এবং এই কমিটির সম্মানিত আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়ক ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সম্মানিত অতিথিবৃন্দের উপস্থিতিতে ডিসিসিআই'র পক্ষ থেকে ব্যবসায়ীদের বিভিন্ন রকম সমস্যার কথা তুলে ধরা হয় এবং সমস্যা সমাধানে সরকারের সহযোগিতার জন্য আহবান জানানো হয়।

৪। "পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা এবং পণ্যের গুণগতমান অক্ষুন্ন রেখে সরবরাহ নিশ্চিতকরণ এবং আইন, শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ" বিষয়ে চক বাজার ব্যবসায়ী সমিতি; মৌলভী বাজার ব্যবসায়ী সমিতি এবং বাংলাদেশ মনোহারি বনিক সমিতিসহ সংশ্লিষ্ট অন্যান্য সমিতির নেতৃবৃন্দের সাথে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) গত ১৪ আগষ্ট মঙ্গলবার ২০১৮ইং অনুষ্ঠিত মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সংশ্লিষ্ট সমিতির প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

৫। মতবিনিময় সভার সুপারিশঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে এবং সভাপতি ও পরিচালকবৃন্দের উপস্থিতিতে ভবিষ্যতে সংশ্লিষ্ট খাত ভিত্তিক ব্যবসায়িক সমিতিগুলোর সাথে আরো বড় পরিসরে একটি মতবিনিময় সভা আয়োজনের প্রস্তাব করা হয়।

৬। গত ১৮ নভেম্বর ২০১৮ইং ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে "ভোক্তা অধিকার সংরক্ষণ আইণ ২০০৯" বাস্তবায়ন ও উক্ত আইন বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অনুষ্ঠিত সভায় ডিসিসিআই প্রতিনিধি হিসাবে আহ্বায়ক জনাব এম এ রশিদ শাহ সম্রাট উপস্থিত ছিলেন।

এ স্ট্যান্ডিং কমিটির সম্মানিত সদস্যবৃন্দ জনাব মোহাম্মদ বাশীর উদ্দিন, সমন্বয়কারী পরিচালক, জনাব এম এ রশিদ শাহ সম্রাট; আহ্বায়ক এবং জনাব আবু বকর সিদ্দিক, যুগ্ম আহ্বায়ক; জনাব মোহাম্মদ আহমেদ উল্লাহ, যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। কমিটির সদস্য হিসেবে রয়েছেন আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন ঊর্ধ্বতন সহ সভাপতি; আলহাজ্ব মোঃ সারফুদ্দিন; প্রাক্তন পরিচালক; জনাব কে জি করিম, প্রাক্তন পরিচালক; জনাব মোক্তার হোসেন চৌধুরী, প্রাক্তন পরিচালক; জনাব এ কে ডি খায়ের এম খান; জনাব মোহাম্মদ দাউদ রাইয়াস; জনাব মোঃ ওমার ফারুক; জনাব আবু বকর মোঃ সিদ্দিক; জনাব মোহাম্মদ সেলিম; জনাব মোঃ রমজান আলী; জনাব শাহজাদা এ হামিদ; লায়ন মাহমুদ হাসান; মিসেস আসমা খাতুন; ব্যারিস্টার মোহাম্মদ সিয়াম আল দিন মালিক; লায়ন রুকুনুজ্জামান; জনাব মাজেরুল আলম সুন্ডু; জনাব আজিজুর রহমান; জনাব একেএম সাদেক হোসেন নাঈম প্রমূখ।

এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে স্ট্যান্ডিং কমিটি

এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের প্রতিনিধিত্বকারী দেশের অন্যতম প্রাচীন ও বৃহৎ বাণিজ্য সংগঠন হিসেবে সুদীর্ঘ ছয় দশক ধরে সেবা প্রদান করে আসছে। এ ছাড়া সর্বোপরি ব্যবসায়ী সমাজকে বহুমূখী সেবা প্রদানসহ সরকারকে বিভিন্ন সময়ে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ বিভিন্ন ইস্যুতে নীতি-নির্ধারণী সহায়ক সুপারিশ/মতামত প্রদান করে থাকে ডিসিসিআই। সরকার কর্তৃক গৃহীত সঠিক নীতিমালা এবং পদক্ষেপের ফলে দেশের আর্থ-সামাজিক অগ্রগতির ধারা অব্যাহত রয়েছে এবং বিগত প্রায় দুই দশকেরও বেশি সময় ধরে গড়ে ৬ শতাংশের অধিক হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হয়েছে, যা এ যাবৎ ৭.৮৬ শতাংশে উন্নীত হয়েছে। ৭ম বার্ষিক পরিকল্পনায় শিল্প উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জিডিপিতে এর অবদান ৩৩% এ উন্নীতকরণ এবং দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে অতিরিক্ত ১২.৯ মিলিয়ন নতুন কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ রয়েছে। এ প্রেক্ষিতে উদ্যোক্তা উন্নয়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের ১০৯ মিলিয়ন কর্মশক্তিকে সম্পৃক্ত করে অর্থনৈতিক উন্নয়নে যুগান্তকারী ভূমিকা রাখা সম্ভব।

এ স্ট্যান্ডিং কমিটি বাস্তবধর্মী বিষয়টিকে বিবেচনায় নিয়ে দেশের বিপুল তরুণ জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে রুপান্তর এবং অধিক হারে কর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সার্বিক সহযোগিতায় ২০১৩ সালে "ডিসিসিআই ইটুকে" নামে দেশের বৃহত্তম ২০০০ নতুন উদ্যোক্তা উন্নয়নের মহতী কর্মসূচী গ্রহণ করে। এর ধারাবাহিকতায় উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেওয়া হয় এবং জুন

২০১৪ সালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উদ্যোক্তা ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি Conference এর আয়োজন করা হয়। এরই মধ্যে বাংলাদেশ ব্যাংক ঢাকা চেম্বারকে উদ্যোক্তা উন্নয়ন/প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। সরকারের সঠিক দিক-নির্দেশনায় বর্তমান সরকারের 'রূপকল্প ২০২১' ও 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০' অর্জনে ঢাকা চেম্বার এর "ডিসিসিআই ইটুকে" প্রকল্প দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কাঙ্ক্ষিত আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকরী ভূমিকা রেখেছে এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত রাখতে সর্বাত্মক চেষ্টা করবে।

উল্লেখ্য, বিভিন্ন সংশ্লিষ্ট সহযোগী সংগঠন যেমন– মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ইয়ুথ ফোরাম, বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় ডিসিসিআই উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী গতিশীল রয়েছে। এরই চলমান প্রক্রিয়ায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ক্ষুদ্র ও মাঝারী শিল্প উদ্যোক্তাদের সহযোগিতা এবং নবীন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ডিসিসিআই ইউএসএআইডি এভিসি প্রকল্পের মাধ্যমে ঢাকা এবং ঢাকার বাইরে ৮টি বিভাগীয় শহরে SME Exposition আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করেছে। উক্ত SME Exposition এ নবীন উদ্যোক্তা এবং ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ছাড়াও Cottage, Agro-based Industries, Jute, ICT, Leather etc কে প্রাধান্য দেয়া হবে। এতে উদ্যোক্তাদের জন্য নিজেদের পণ্য প্রদর্শন এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে মতামত, ঋণ প্রাপ্তির ক্ষেত্রে সম্যক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ থাকবে। এই SME Exposition এর মূল উদ্দেশ্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতায় উদ্যোক্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে মতবিনিময়ের সুযোগ সৃষ্টির মাধ্যমে প্রতিবন্ধকতা চিহ্নিত করা, সমাধানের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন, সচেতনতা সৃষ্টি এবং সংশ্লিষ্ট সবার নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে সার্বিক পরিস্থিতির উন্নয়নে সহযোগিতা করা।

এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে এ বছর যেসব কার্যক্রম গৃহীত হয়েছে সেগুলোর নিম্নরুপ–

০১। চলতি বছর এসএমই ডেভেলপমেন্ট অ্যান্ড ইটুকে স্ট্যান্ডিং কমিটি ২টি সভার আয়োজন করে এবং ডিসিসিআইএর আন্তর্জাতিক সম্মেলন 'ডেস্টিনেশন বাংলাদেশ' অনুষ্ঠানে ২৩ জন সদস্যের মধ্যে ১৩ জন রেজিস্ট্রেশনের মাধ্যমে অংশ নেন।

০২। খাতভিত্তিক এসএমই সেমিনার এবং মেলা আয়োজনে ইউএসএইড এভিসি প্রকল্পের আর্থিক সহযোগিতা পাওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে এবং সে অনুযায়ী কাজ করা হচ্ছে।

০৩। পাটের বহুমুখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে "Eco-Friendly Pulp and Paper Processing from Jute" বিষয়ক প্রকল্পটি বাস্তবায়নে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা।

০৪। ইতোপূর্বের সুপারিশ অনুযায়ী ইটুকে প্রকল্পের যাবতীয় কার্যাবলী, সুপারিশসমূহ এসএমই ডেভেলপমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে পরিচালিত এবং বাস্তবায়িত হচ্ছে।

০৫। বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়ের শিল্প নীতিতে ক্ষুদ্র ও মাঝারী শিল্প (এসএমই) বিষয়ক যে সমস্ত সুপারিশ, নিয়ম নীতি, পরামর্শ আছে তা সংগ্রহ করে ইটুকে প্রকল্পের মাধ্যমে ডিসিসিআই-তে সংরক্ষণ ও সম্মানিত সদস্যদের সেবা প্রদান করা।

০৬। ডিসিসিআই ইটুকে প্রকল্পকে আরও গতিশীল ও এর কার্যক্রম প্রসারিত করার জন্য প্রতি বছর একটি নির্দিষ্ট পরিমাণ বাজেট নির্ধারণ ও অনুমোদন নেওয়া।

০৭। ইটুকে প্রকল্পের জন্য জরুরীভাবে ওয়েবসাইট উন্নয়ন এবং বাংলায় প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

০৮। ইটুকে প্রকল্পে প্রস্তাবিত বাজেট অনুমোদন পাওয়ার পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়সমূহে উদ্যোক্তা উন্নয়ন ও প্রশিক্ষণের বিষয়ে ছাত্রছাত্রী ও শিক্ষকদের উপস্থিতিতে ডেমো প্রেজেন্টেশন এর মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা গ্রহণের কার্যক্রম পুনরায় আবার আরম্ভ করার প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

০৯। এ কমিটির আহ্বায়ক জনাব মিজানুর রহমান বিভিন্ন সংস্থা, মন্ত্রণালয় আয়োজিত (যেমন শিল্প মন্ত্রণালয়, এসএমই ফাউন্ডেশন) সভা, সেমিনার, কর্মশালায় নিয়মিতভাবে অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে,

ক) শিল্প মন্ত্রণালয় আয়োজিত 'বাংলাদেশ ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্প আইন-২০১৭' এর সংশোধনী খসড়া চূড়ান্তকরণের অনুষ্ঠিত সভায় ডিসিসিআই প্রতিনিধি হিসাবে আহ্বায়ক জনাব মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

খ) শিল্প মন্ত্রণালয় আয়োজিত SAMR China-এর সাথে বাংলাদেশের এসএমই বিষয়ক সমঝোতা স্মারক (MoU) সম্পাদনের জন্য আন্তঃমন্ত্রণালয় সভায় ডিসিসিআই প্রতিনিধি হিসাবে আহ্বায়ক জনাব মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

১০। উদ্যোক্তা উন্নয়নে নিম্নলিখিত বিষয়গুলো কমিটির মাধ্যমে চিহ্নিতকরণ এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে–

ক) উদ্যোক্তা, উদ্যোগ, উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক ধারণা ও উদ্যোক্তার সক্ষমতা–

- ব্যবসায়িক পরিচিতি ও ব্যবসায় পরিকল্পনার প্রয়োজনীয়তা
- পণ্য ও পণ্যের ধরণ, পণ্য নির্বাচন, পণ্যের বৈশিষ্ট্য
- পণ্যের বাজার সম্ভাব্যতা যাচাই, মোড়কীকরণ, গুদামজাতকরণ ও পণ্য বাজারজাতকরণে পরিবহন ব্যবস্থা
- বাজার ও বাজারজাতকরণ, বাজার জরিপ (সম্ভাব্যতা যাচাই)
- ব্যবসার ধারনা ও ব্যবসায় পরিকল্পনা এবং একটি ব্যবসা পরিকল্পনা তৈরীর পদ্ধতি
- ব্যবসায়িক ঝুঁকি ও ঝুঁকি মোকাবেলায় করণীয়
- ব্যবসায়িক হিসাব ও হিসাব সংরক্ষণ
- ঋণ, ঋণ সংক্রান্ত হিসাব ও হিসাব সংরক্ষণ
- ব্যাংক হিসাব ও ব্যাংক ঋণ সংক্রান্ত নিয়ম-কানুন / নীতিমালা

খ) নতুন উদ্যোক্তা তৈরীর জন্য প্রার্থী নির্বাচনের প্রক্রিয়া–

- বাংলাদেশের বৈধ নাগরিক হতে হবে
- প্রার্থীর বয়স ১৮ বছর বা তার অধিক হতে হবে
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি (SSC) বা এর সমমান বা তার অধিক হতে হবে
- ব্যবসায়িক উদ্যোগ গ্রহণে আগ্রহী হতে হবে
- ব্যবসার ধারনা বা পূর্ব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে

গ) তহবিল সংগ্রহে সম্ভাব্য উৎস ও উপায়–

প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনা এবং প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করা প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নের উল্লিখিত সম্ভাব্য উৎসসমূহে যোগাযোগ করা যেতে পারে।

- আগ্রহী বিভিন্ন কর্পোরেট অফিস, যারা তাদের সিএসআর ফান্ড থেকে সাহায্য (Donate) করতে পারে
- সম্ভাব্য আগ্রহী অংশগ্রহণকারী
- ব্যক্তিগত উদ্যোগ
- বাণিজ্যিক ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান
- বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান
- ডিসিসিআই-এর নিজস্ব তহবিল।

এ কমিটির সম্মানিত সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক, সহ আহ্বায়ক, সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সভা, সেমিনার এ ডিসিসিআই এর পক্ষে প্রতিনিধিত্ব করে থাকেন। এ কমিটির ২০১৮ সালে ২টি স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ হচ্ছেন, জনাব মামুন আকবর, সমন্বয়কারী পরিচালক, ডিসিসিআই; জনাব মিজানুর রহমান, আহ্বায়ক; জনাব আনোয়ারুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক; জনাব আনোয়ার হোসেন মন্ডল, যুগ্ম আহ্বায়ক, জনাব এম আনোয়ারুল হক, সদস্য ও প্রাক্তন পরিচালক; জনাব রাশেদুল করিম মুন্না, সদস্য, জনাব আবু বকর মোঃ সিদ্দিক, সদস্য, মিসেস সুরাইয়া আলম, সদস্য, মিসেস পারভিন হোসেন, সদস্য, জনাব সারমাদ মনসুর, সদস্য; মিসেস নাসরিন আনোয়ার চৌধুরী, সদস্য; জনাব মোঃ আতিকুল হাসান, সদস্য, জনাব আব্দুল মুহিত, সদস্য; জনাব মোহাম্মদ দাউদ রাইয়াস, সদস্য; জনাব মোহাম্মদ শাহ জামাল মিয়া; সদস্য; জনাব মোঃ হোসেন খান মিলন, সদস্য; মিসেস আসমা হক, সদস্য; জনাব মোঃ খোরশেদ আলম, সদস্য; মিসেস মিতা ওসমান তিশমা; সদস্য; মিসেস আসমা খাতুন, সদস্য; মিসেস গীতি আরা বাড়ই, সদস্য; মিসেস জেরিন চৌধুরী, সদস্য; জনাব আজিজুর রহমান, সদস্য প্রমুখ।

Standing Committee on Telecom, ICT and IP Rights-2018

The Standing Committee has been working as a platform to deal with the matters related to Information Technologies, Telecommunication sector and IP Rights provided policy recommendations to concerned authorities for the effective development of this sector. This committee deals with the policy matters, IT infrastructure and ecosystem by devising effective policy recommendations as well as forwarding input to concerned ministry and government agencies for developing balancing environment for IT Industry. The committee also advocates and formulates the recommendation to improve business by reducing the cost of doing business It also reviewed the present activities of DCCI Secretarial Digitization.

During the year 2018, the committee organized six meetings. The Standing Committee has implemented Library Management, Inventory Management and HRM Software to DCCI Secretariat for smooth Operational chores. Also, this committee initiated Business to Business (B2B) web Portal and DCCI Website development for the Business community. Mr. S. M. Golam Faruk Alamgir, Joint Convener attended a meeting on Accession of Bangladesh to the Patent Cooperation Treaty (PCT) at Ministry of Commerce.

Mr. Riyadh Hossain, Vice President, DCCI was the Coordinating Director of the committee, Mr. Syed Mamnun Quader was the convenor while Mr. Zubair B. A. Siddiky and Mr. S. M. Golam Faruk Alamgir were the Joint Convenor for the year 2018. The Members of the standing committee were Mr. Syed Almas Kabir, Mr. Shah Rafiul Kabir, Dr. Kazi Saifuddin Munir, Mr. Md. Asifuzzaman, Mr. Asif Mahmood. Mr. Swadesh Ranjan Saha, FCA, FCS, Mr. Nur Muhammad Abdullah, Ms. Mita Osman Tisma, Mr. Md. Enamul Haque Sujon, Engr. Md. Mehedi Hasan, Mrs. Doyal Akter, Mr. Md. Jahirul Islam, Mr. Mohammad Iqbal Mahmood, and Mr. Fayz Salehin.

ট্রেড ডেলিগেশন, ট্যুরিজম সার্ভিস সেক্টর ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটি

দেশের ব্যবসা বাণিজ্যের উন্নয়ন, অর্থনৈতিক অবকাঠামো শক্তিশালীকরণ এবং শিল্পপণ্যের বিকাশে দেশে ও বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন বাণিজ্য মেলায় ডিসিসিআই'র পক্ষ থেকে অংশগ্রহণ এবং বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণে এ কমিটি কাজ করে থাকে। বিশেষ করে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে ব্যবসা-বাণিজ্যের গতি ত্বরান্বিত করা এবং দেশের বাণিজ্য পরিবেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করতে এ কমিটি সব সময় সচেষ্ট। এছাড়া দেশীয় পণ্য ও বিভিন্ন সেবাসমূহ নিজ ও অন্য দেশের ক্রেতা-ভোক্তাদের সামনে উপস্থাপনে সরকারী পর্যায়ে গৃহীত বিভিন্ন নীতিমালা ও সুপারিশসমূহ বাস্তবায়নে এ কমিটি সারা বছর কাজ করে থাকে। বিভিন্ন সময়ে দেশী বিদেশী বিভিন্ন সূত্রে প্রাপ্ত জাতীয় ও আর্ন্তজাতিক বাণিজ্য মেলা সংক্রান্ত তথ্যাদি ডিসিসিআই মাসিক রিভিউ, ওয়ের সাইট, নোটিশ বোর্ড, জেনারেল সার্কুলার, ই-মেইল এর মাধ্যমে ডিসিসিআই'র সদস্যবৃন্দকে অবহিত করা হয়। দেশে ও বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন বাণিজ্য মেলায় এ কমিটির মাধ্যমে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ করা হয়। তাছাড়া এ কমিটির সুপারিশ মোতাবেক বাংলাদেশে অবস্থিত সকল দূতাবাসসমূহকে তাঁদের স্ব-স্ব দেশে অনুষ্ঠিত মেলাসমূহের তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। দু'টি দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির জন্য বাণিজ্য প্রতিনিধি দলের দ্বি-পাক্ষিক সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাণিজ্য প্রতিনিধি দলের সফর দু'দেশের ব্যবসায়ীদের একে অপরের সাথে পরিচিত হওয়ার একটি সুযোগ সৃষ্ঠি করে।

ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়সহ ইপিবিতে বছরব্যাপী অনুষ্ঠিত বিভিন্ন সভায় এ কমিটির মাধ্যমে ঢাকা চেম্বারের প্রতিনিধি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং বিভিন্ন বিষয়ে পরামর্শ দিয়ে থাকেন।

চায়না কাউন্সিল ফর দি প্রোমোশন অফ ইন্টারন্যাশনাল ট্রেড (সিসিপিআইটি) এর আমন্ত্রণে চীনের কুনমিং এ অনুষ্ঠিত ১৩তম চায়না সাউথ-এশিয়ান বিজনেস ফোরামে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র পক্ষ থেকে প্রতিনিধিদল যোগদান করেন। এছাড়াও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, এফবিসিসিআই আয়োজিত বিভিন্ন ডেলিগেশনে ডিসিসিআই'র পক্ষ থেকে নাম প্রস্তাব করা হয়। বিভিন্ন দেশ থেকে যে সকল বাণিজ্য মেলার তথ্য চেম্বারে গৃহিত হয়, তা ফেয়ার ক্যালেন্ডার আকারে সদস্যবৃন্দের কাছে নিয়মিত পৌছে দেয়া এ কমিটির অন্যতম একটি কাজ।

জনাব কেএমএন মঞ্জুরুল হক এ কমিটির সমন্বয়কারী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব হাবিব উল্লাহ্ তুহিন, জনাব মোঃ দেলোয়ার হোসেন এবং জনাব মোঃ শাহিদ হোসেন যথাক্রমে আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। আলহাজ্ব আব্দুস সালাম, জনাব মোঃ সিরাজউদ্দিন মালিক, জনাব এম আবু হোরায়রাহ্, জনাব মাশুক হোসেন, জনাব নাজির হোসেন, জনাব মোক্তার হোসেন চৌধুরী, জনাব মোঃ শাখায়াত উল্লাহ্, জনাব সাইফুল ইসলাম, জনাব সারমাদ মানসুর, মিসেস নাসরিন আনোয়ার চৌধুরী, জনাব পারভেজ আহমেদ, মিসেস সাবিনা বেগম, জনাব নান্না মিয়া, জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন তালুকদার, জনাব মোঃ মনির হোসেন, জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন মিয়া, জনাব মোঃ রমজান আলী, বিগেডিয়ার জেনারেল (অবঃ) কামরুল ইসলাম, মিসেস নাজমা চৌধুরী, জনাব মোঃ আবুল কালাম, জনাব মোঃ শাখাওয়াত হোসেন, জনাব মোহাম্মদ জমশের আলী, জনাব নূরুল আনোয়ার চৌধুরী, মিসেস পারভিন হোসেন, জনাব মোঃ কবির হোসেন, ড. লকিয়ত উল্লাহ্, ইঞ্জিনিয়ার মোঃ শরিফুল আলম, লায়ন মাহমুদ হাসান, জনাব মোঃ নাজমুল হক, জনাব মোহাম্মদ ওয়াহিদুল আলম, জনাব মোঃ সেলিম, মিসেস আসমা খাতুন, জনাব আব্দুল আজিজ, জনাব মোঃ জহিরুল ইসলাম, মিস মিতা ওসমান তিসমা, জনাব এমএইচকে জাহাঙ্গীর মাহমুদ এবং জনাব মোহাম্মদ সিয়াম আল দ্বীন মালিক এ কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

ম্যানেজমেন্ট কমিটি অন ডিসিসিআই ফাইন্যান্স অ্যান্ড একাউন্টস

ম্যানেজমেন্ট কমিটি ডিসিসিআই ফাইন্যান্স অ্যান্ড একাউন্টস ২০১৮ পর্ষদের নির্দেশনায় আর্থিক শৃঙ্খলা বজায় রাখা, ব্যয় নিয়ন্ত্রণ ও অন্যান্য অর্থনৈতিক কার্যাবলী সম্পাদন করে থাকে। এ লক্ষ্যে বর্তমান বছরে এই কমিটি ৯টি সভা করেছে। ২০১৭-১৮ অর্থবছরে এই কমিটি বিশেষভাবে উল্লেখযোগ্য যে সকল কাজসমূহ সম্পন্ন করেছে তা হলোঃ ঢাকা চেম্বারের হিসাব ও হিসাব-বিবরণী মাসিক ভিত্তিতে পরীক্ষা-নিরীক্ষা ও সুপারিশ প্রণয়ন করেছে, চেম্বারের ব্যয় নিয়ন্ত্রণে পর্ষদে সুপারিশ করেছে, চেম্বারের আর্থিক নীতি নির্ধারণে পর্ষদে সুপারিশ করেছে, চেম্বারের আর্থিক বাজেট প্রণয়ন ও বাজেটারী নিয়ন্ত্রণে ভূমিকা রেখেছে, চেম্বারের অর্থের লাভজনক বিনিয়োগে কার্যকরী সুপারিশ প্রদান করেছে।

এ স্ট্যান্ডিং কমিটিতে জনাব কামরুল ইসলাম, এফসিএ, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সমন্বয়কারী পরিচালক এবং প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি হায়দার আহমেদ খান, এফসিএ আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। এ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ হলেনঃ জনাব মোঃ গোলাম মোস্তফা, খন্দকার শহীদুল ইসলাম, জনাব এম. আনওয়ারুল হক এবং জনাব রফিকুল ইসলাম খান, এফসিএ।

Special Committee on Project Monitoring

ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) বিভিন্ন সময়ে তার পার্টনারদের সাথে সমন্বয়ের মাধ্যমে বিভিন্ন ধরণের প্রজেক্ট বাস্তবায়নকরে থাকে। প্রজেক্টের সফল বাস্তবায়নসহ প্রজেক্ট প্রপোজাল তৈরী, পার্টনারদের সাথে যোগাযোগে ডিসিসিআই'র এই প্রজেক্ট মনিটরিং কমিটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

"স্পেশাল কমিটি-প্রজেক্ট মনিটরিং"এর ২০১৮ সালে বিভিন্ন বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রণয়নঃ

১। ডিসিসিআই-এর চলমান প্রজেক্ট সমূহের নাম এবং বাস্তবায়ন অবস্থাঃ

এ অর্থবছওে ডিসিসিআই ইউএসএআইডি-এভিসি প্রজেক্ট, ইউরোপিয়ান ইউনিয়নের মেটাবিল্ড প্রজেক্ট, চায়না সাপ্লাই চেইন প্রজেক্ট এবং ডিসিসিআই ইটুকে প্রজেক্ট গুলো খুবই সাফল্যজনক ভাবে বাস্তবায়ন করেছে। এরই প্রেক্ষিতে আগামীতে ডিসিসিআইএর প্রকল্প বিভাগের সাথে আরো নতুন কিছু প্রকল্প সংযুক্ত হবে এবং সামনে এর কার্যক্রম আরো বিস্তৃত হবে সাথে লোকবলও আরো বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

২। প্রকল্প বিভাগের জন্য জায়গা নির্ধারণঃ

ডিসিসিআই ভবনের ১০ তলার অব্যবহিত ২৮০০ বর্গফুট জায়গা সংস্কার করে প্রকল্প বিভাগের জন্য বরাদ্দ করার বিষয়ে প্রস্তাবনাটি ডিসিসিআই পর্ষদে প্রেরন করা হয়। ডিসিসিআই পর্ষদ সংস্কার এর আর্থিক সংস্থান সাপেক্ষে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করার পরামর্শ দেন।

৩। Destination Bangladesh Fair প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ প্রণয়নঃ

গত ২৮ ও ২৯ অক্টোবর ২০১৮ তারিখে বিআইসিসিতে Destination Bangladesh Fair সফলভাবে আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় বিভিন্ন সেক্টরের মোট ৩৮টি কোম্পানী ৪০টি স্টলের মাধ্যমে তাদের পণ্য-সামগ্রী প্রদর্শন করে। ডিসিসিআইএর দায়িত্ব প্রাপ্তকর্মকর্তা/কর্মচারীগণ দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পাশাপাশি মেলার কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করেন।

৪। International Floriculture Trade Fair প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ প্রণয়নঃ

International Floriculture Trade Fair আগামী ৬,৭ ও ৮ ডিসেম্বর ২০১৮ইং বিআইসিসিতে অনুষ্ঠিত হবে বলে সুপারিশ করা হয়। উক্ত মেলায় দুইটি কনফারেন্স এবং ৭০টি দেশী বিদেশী স্টল থাকবে বলে আশা করা হচ্ছে। তাছাড়া মেলার কার্যক্রম এবং এ সংক্রান্ত আয়-ব্যয়, ভেন্যু ভাড়ার অগ্রিম ইত্যাদি বাজেট সংক্রান্ত বিষয়াদি আগামী পর্ষদ সভায় প্রেরন করার সুপারিশ করা হয়।

৫। DCCI Help Desk:

ঢাকা চেম্বরা অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ভবনে এবছর Global GAP & Local GAP সংক্রান্ত একটি Help Desk স্থাপন করা হয়। উক্ত Help Desk-এর মাধ্যমে ডিসিসিআইএর সদস্যসহ অন্যান্যদের Good Agriculture Practice (GAP) বিষয়ে বিভিন্ন পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হচ্ছে। ডিসিসিআই Global GAP-এর Country Partners হিসেবে পরবর্তিতে কাজ করার জন্য চুক্তির বিষয়টি বিবেচনাধীন আছে।

ডিসিসিআই আয়োজিত সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপসমূহের সুপারিশমালা

Seminar Report on "Inland Waterways-Reshaping Connectivity and Creating Economic Opportunities"

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) organized a seminar titled 'Inland Waterways-Reshaping Connectivity and Creating Economic Opportunities' on 20th February at Lakeshore Hotel in Dhaka. **Dr. Mashiur Rahman,** Hon'ble Economic Affairs Adviser to the Prime Minister Government of the People's Republic of Bangladesh Prime Minister's Office, GoB graced the seminar as the Chief Guest while **Mr. Noor-E-Alam Chowdhury,** M.P. Chairman, Committee on Estimates Bangladesh Parliament and Former Chairman, Parliamentary Standing Committee on Ministry of Shipping, was present as the special guest. **Mr. Abul Kasem Khan,** President of DCCI delivered the welcome address in the event. **Keynote Presentation** by **Mr. Yasser Rizvi**, **Convenor,** DCCI Standing Committee on National Infrastructure & Addl. Managing Director, Summit Alliance Port Limited (SAPL).

Mr. Mohammad Sarwar Alam Chowdhury, Country Operations Manager, Maersk Bangladesh Ltd., **Mr. Tarun Patwary**, Managing Director, Kuehne+Nagel Ltd. (Bangladesh), **Mr. Ahamedul Karim Chowdhury**, Terminal Manager, Pangaon Inland Container Terminal (PICT) and **Ms. Shwapna Bhowmick**, Country Head, Marks & Spencer (Bangladesh & Myanmar) were present as the distinguished discussants. **Mr. Hossain Khaled**, Former President, DCCI moderated the open discussion session. In addition, renowned business leaders, investors, energy experts, thought leaders, researchers and academicians, economists, geologists and High officials of the Government, diplomats of the different diplomatic missions in Bangladesh, Board of Directors of DCCI, Past Presidents, Former SVPs and Former VPs of DCCI attended the event.

Major Recommendations from the seminar

- Bangladesh economy requires approximately USD300b - 320b until 2030 in Infrastructure alone increasing the Infrastructure investment to 5%- 6% from current 3% to GDP.
- This one-side development/investment in the transport sector is a serious hindrance to transport efficiency as the other modes (Rail and Water) are cheaper to build and thus cost less to use.
- To avoid congestion on highways and in Chittagong port, the use of river for carrying containers must be encouraged and supported. And Inland Container Terminals (ICT)s are a key building block to this process, and we must see greater importance to this sector.
- The economic zone remains linked with seaports and other port facilities for quick handling of goods. Since, we will have many Special Economic Zones (SEZs) on stream soon, with a target of exporting Usd40billion by 2030, establishing Inland Container Terminals (ICT)s and engaging such ICTs will become a critical enabler for our import and export growth.
- Shipping Ministry should allow Export and import through inland water ports.
- Waterways and the Inland Terminals can play a vital role in boosting RMG Exports by providing a secure, timely passage and help avoid Benapole Land Port which is not presently suited for RMG / container handling.
- Development of Common-user Inland Terminals; most bulk cargo are destined for own Importer's own jetty / use of makeshift arrangements at the river banks.

- Govt. should subsidy (for container transportation) provided for developing new trade routes as even under normal situation it is risky to have such a high dependency on a single Port; USD 250 subsidy per 20' container is less that 1% of cargo value.
- Formation of "National Maritime & Port Authority" to develop a 5-10 year long proper road map in maritime and port sector.
- Drafting of the river needs to be increased as the rivers of country is deteriorating and the number of routes is dying due to non-operation of routes
- Relevant infrastructural facilities need to be developed for the decentralization of Dhaka using Inland Waterways.
- Private river port needs to be treated as other public ports and therefore restrictive clauses on private port need to be lifted.
- Special budgetary allocation for dredging as in some places it can make the ports more operative.
- Government should give incentives to building inland Water port and special budgetary allocation need to be allocated for expanding Berge size from 15 feet and 3000 M. Ton Capacity.
- Impose 20% capital machinery import obligation for textile manufacturers through Pangaon Port.

"পাট শিল্পের উন্নয়নে পাটের বহুমুখীকরণ" শীর্ষক সেমিনার

জাতীয় পাট দিবস উপলক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে ৭ মার্চ ২০১৮ তারিখে "পাট শিল্পের উন্নয়নে পাটের বহুমুখীকরণ" সেমিনার আয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব মির্জা আজম, এমপি**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান **ড. হোসেন জিল্লুর রহমান** । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ডিসিসিআই এর সম্মানিত প্রেসিডেন্ট **জনাব আবুল কাসেম খান**। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই এর স্পেশাল কমিটি অন "আরএনআই বাংলাদেশ অ্যান্ড রিসার্চ ইনক্লুডিং জুট ডাইভার্সিফিকেশন (পাল্প অ্যান্ড পেপার)" বিষয়ক বিশেষ কমিটির আহ্বায়ক এবং ক্রিয়েশন প্রাইভেট লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক **জনাব রাশেদুল করিম মুন্না**। পাট অধিদপ্তরের মহাপরিচালক **জনাব মোঃ শামসুল আলম**, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (কারিগরি) **ড. মোঃ আসাদুজ্জামান**, বিজেআরই এর পরিচালক (জুট টেক্সটাইল) **ড. মোঃ আবুল কালাম আজাদ**, কর্ণফুলী পেপার মিলস লি: (বিসিআইসি) এর টেকনিক্যাল বিভাগীয় প্রধান **ড. ক্ষুদিরাম ভৌমিক**, ডিসিসিআই'র পরিচালক **জনাব এস এম জিল্লুর রহমান,** 'প্রকৃতি'র নির্বাহী পরিচালক **জনাব স্বপন কুমার দাস**, ডিসিসিআই'র এসডিজি লক্ষ্য ও কৌশল- ২০৩০ বিষয়ক বিশেষ কমিটি'র আহ্বায়ক **জনাব এম এস সিদ্দিকী** এবং জুট এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন এর সভাপতি **জনাব এনামুল হক পাটওয়ারী** উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

পাট খাতের উন্নয়নে ডিসিসিআই'র সুপারিশ

১. পাল্প, পেপার এবং রেয়ন ভিত্তিক পাট শিল্পের ওপর গুরুত্ব দেয়া হলে বাংলাদেশের অর্থনীতিতে নতুন মাত্রা যোগ হবে। সেই সঙ্গে সোনালি আঁশের ঐতিহ্য পুনরুজ্জীবিত হবে, কর্মসংস্থান হবে।

২. পাট কার্বন নিঃসরণ কমিয়ে পরিবেশ বিপর্যয় রোধে সর্বোৎকৃষ্ট বিকল্প, তাই বাজারের চাহিদা ও ক্রেতার পছন্দের ভিত্তিতেই পাটপণ্যের বহুমুখীকরণের উপর আরো মনোযোগী হওয়া প্রয়োজন।

৩. আগামী সাত বছরে পাট খাতের রপ্তানী আয় এক বিলিয়ন ডলার থেকে ৫/৭ বিলিয়ন ডলারে নিয়ে যাওয়ার ভিশনকে মাথায় রেখে একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন জরুরি।

৪. বাংলাদেশ সরকারের রপ্তানী নীতি ও শিল্প নীতিতে বহুমূখী পাট পণ্য খাতকে আগামী ১০ বছর বিশেষ অগ্রাধিকার দিতে হবে। যাতে অনেক দূর এগিয়ে যাওয়া প্রতিযোগী দেশের সাথে আমাদের উদ্যোক্তারা অতি দ্রুত তাদের সক্ষমতা নিশ্চিত করতে পারে।

৫. পাটকে কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য হিসাবে অতি দ্রুত তালিকাভুক্ত করা- যাতে কৃষি পণ্যে সরকার ঘোষিত আর্থিক সহযোগিতা পাট খাতও পেতে পারে।

৬. এই খাতের উৎপাদন কার্যক্রমে দক্ষ জনবল উন্নয়নে বিশেষায়িত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন অত্যন্ত জরুরি। কেননা গার্মেন্টস্-এর পরে রপ্তানী বৃদ্ধির মাধ্যমে অদূর ভবিষ্যতে এই শিল্পেই একমাত্র বিপুল কর্মসংস্থান সৃষ্টি হওয়া সম্ভব।

৭. সম্ভাবনাময় বিভিন্ন বিশেষায়িত খাত উন্নয়নে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত বিশেষ ফান্ড, যেমন-রিফাইন্যান্সিং ফান্ড বা গ্রীণ ফান্ডিং-এ ঋণ সুবিধার আওতায় পাট পণ্যকে অন্তর্ভুক্ত করা।

৮. উন্নতমানের বীজ স্থানীয়ভাবে উৎপাদন নিশ্চিত করা খুবই জরুরি।

৯. ভারতের মতো পাট শিল্পের ক্ষেত্রে বিশেষ গ্র্যান্ট ও ঋণসহ কলকারখানাগুলোর পুরোনো মেশিন পরিবর্তন করে উন্নত আধুনিক প্রযুক্তির সমন্বয়ে কারখানাগুলোর আধুনিকীকরণে সরকার ও দাতা সংস্থার মাধ্যমে বিশেষ গ্র্যান্ট প্যাকেজের উদ্যোগ নিতে হবে যাতে সরকারি ও বেসরকারি উভয় মিলগুলোর আধুনিকায়ন নিশ্চিত হয় যা প্রতিযোগী দেশগুলোর সাথে সক্ষমতা বৃদ্ধিতে খুবই গুরুত্বপূর্ণ।

১০. বিশ্বের উন্নত টেক্সটাইল প্রযুক্তির আওতায় বিশেষায়িত বেশ কয়েকটি কম্পোজিট জুট মিল স্থাপনের মাধ্যমে বিশ্ব বাজারের চাহিদা অনুযায়ী বৈচিত্র্যময় উন্নতমানের ফেব্রিক উৎপাদন নিশ্চিত করতে হবে - যা পাটের বহুমুখীকরণে অপরিহার্য।

১১. একই ছাতার নীচে উন্নতমানের কাঁচামালসহ উন্নতমানের ডায়িং ও লেমিনেশন সুবিধাসহ স্পেসালাইজড জুট মিল স্থাপন, যেখানে ছোট ছোট উদ্যোক্তারা তাদের কাঁচামাল সহজেই প্রতিযোগী মূল্যে পেতে পারে।

১২. আন্তর্জাতিক মানের গবেষণার জন্য পাট মন্ত্রণালয়ের আওতায় একটি প্রফেশনাল রিসার্চ ইনস্টিটিউট গড়ে তোলা অতি জরুরী যারা উদ্যোক্তাদের নতুন নতুন পণ্যের ধারণা দিতে পারে।

১৩. আন্তর্জাতিক পরিমণ্ডলে সরকারী ও বেসরকারী উদ্যোগে 'বাংলাদেশের ব্র্যান্ডিং'-এর জন্য পাটকে আমরা গুরুত্ব দিয়ে বিভিন্নভাবে ব্যবহার করতে পারি।

১৪. পাট থেকে পেপার-পাল্প ও পেপার তৈরী করার জন্য যদি সরকার একটি পেপার এ্যাক্ট ঘোষণা করে, তাহলে অনেক উদ্যোক্তাই পাট থেকে পেপার উৎপাদনে আগ্রহ দেখাবে। সর্বোপরি এই শিল্পকে এগিয়ে নিতে দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী একটি সমন্বিত পরিকল্পনা হাতে নেওয়া প্রয়োজন।

সেমিনার থেকে প্রাপ্ত অন্যান্য সুপারিশ

১৫. পাটকে প্রবৃদ্ধির চালকের আসনে আনতে নীতিকেন্দ্রিক বিভিন্ন বাধা দূর করা এখন প্রধান চ্যালেঞ্জ। এসব বাধা দূর করতে হবে।

১৬. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে পাটের যে সম্ভাবনা তৈরি হয়েছে তা কাজে লাগাতে একটি পথনকশা প্রণয়নের পরামর্শ দেন তিনি।

১৭. পাট থেকে তৈরি পেপারের উৎপাদন খরচ বেশি হওয়াতে সাধারণভাবে ব্যবহার্য কাগজ উৎপাদন করা কঠিন। সেক্ষেত্রে ভ্যালু অ্যাডেড পেপার যেমন কারেন্সি পেপার উৎপাদনের তাগিদ দেন তিনি।

১৮. ভারতে পুরনো মেশিন রিপ্লেসমেন্টে ভর্তুকি দেয়া হয় । বাংলাদেশেও এমন সুবিধা জরুরি।

১৯. বিজেএমসি যেন যথাসময়ে কৃষকদের নিকট থেকে পাট ক্রয় করে তা নিশ্চিত করতে হবে।

Round Table Discussion on "Potential Roles and Challenges of Private Sector to Achieve Sustainable Development Goals (SDGs)"

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) organized a Roundtable Discussion titled 'Potential Roles and Challenges of Private Sector in achieving SDGs' on 13th September at DCCI Auditorium, Motijheel, Dhaka. **Mr. Md. Abul Kalam Azad**, Principal Coordinator, SDG Affairs, Prime Minister's Office, Government of the People's Republic of Bangladesh graced the Roundtable Discussion as the Chief Guest. **Barrister Nihad Kabir**, President, Metropolitan Chamber of Commerce and Industry (MCCI) and **Mr. Mahbubul Alam**, President, The Chittagong Chamber of Commerce & Industry (CCCI) graced the event as Special Guests. **Mr. Abul Kasem Khan**, President, Dhaka Chamber of Commerce & Industry (DCCI) delivered the welcome address and **Dr. Nazneen Ahmed**, Senior Research Fellow, Bangladesh Institute of Development Studies (BIDS) presented the Key Note paper. **Mr. Asif Ibrahim**, Former President, DCCI moderated the session. **Mr. Riyadh Hossain**, Vice President, DCCI delivered the Vote of Thanks to the distinguished guests. In addition, renowned business leaders, Policy makers, Economists also joined the event.

Major Recommendations from the Round Table Discussion-

- Policy support programs such as "tax break" or incentives/subsidies are required to engage private sector in SDG implementation.
- All the related policy continuity, consistency and cohesiveness e.g. Industrial Policy, Agricultural, Jute Policy, ICT, Tax policy and other Policies should have coordinated role to address SDG agenda.
- Regulatory reforms in all major policies related to the economy, trade, investment and tax must be top priority to clear the bottlenecks.
- Shared responsibility – and PARTNERSHIP between Public and Private SECTOR. There should be more private representatives to serve in BIDA, BEZA, PPP Authority and other important organizations related to investment, industry and infrastructure. Creation of NIDMAA – National Infrastructure Development and Monitoring Advisory Authority where Infrastructure project will be monitored under a special PPD platform.
- Private sector Participation in Policy Design/Programs. In all mainstream policy level areas private sector needs to be involved. There is a need for a structured dialogue between business and government to identify, prioritize and resolve key constraints to private sector development.
- The SME sector tends to have limited access to and influence in policymaking. Structured dialogue initiatives should therefore make special provision to obtain input from SMEs via greater importance and engagement of the SME sector.
- A Private Sector Task Force can be established to put forward integrated shared ideas under PPD Platform without confusing the Government.
- Support Research and Innovation work across various sectors in the economy. Support developing countries to strengthen their scientific and technological capacity to move towards more sustainable patterns of consumption and production under GOAL 12.
- Adequate policy support, policy due diligence, and policy reforms must be undertaken wherever needed from trade to taxation.
- Policy regime has changed from export focus to investment focus. Aligning with regime changes long term tax policy is required.
- Good policy environment, rule of law is critical for achieving SDGs.

- Coordination between BBS and private sector is required to minimize the data gap regarding SDG 12.
- Industrial clustering and benchmarking is crucial for SDG implementation to match private sector participation against government's roadmap.
- SDGs need to be integrated with core business operations and growth strategy, value chain and policy advocacy to government.
- Private Universities and technical and vocational education need to be supported by Government in terms of curriculum changes.
- Dispute resolution needs to be quicker and process needs to be simplified for attracting FDI.
- There has to be a level of certainty in our policy, there has to be clarity and everybody needs to be on the same page.
- We need to work to reshuffle the perception gap. The multinational companies in Bangladesh are most profitable companies in Bangladesh though our position in Ease of Doing Business index is 176th .
- 10% of our population suffers from some form of disability. There must be policy support for the development of this 10% population.
- Institution building, partnership is critical for SDG achievement.
- Realistic and long-term policy guidance for the real estate sector must be taken by government to encourage investment and development in Bangladesh's real estate.
- Improving the investment climate should ensure rigorous actions involving further business deregulation, financial sector reforms, tax reforms, legal reforms, cost of doing business condition improvement and better governance.
- The government should also increase sub-regional connectivity which can facilitate 20% additional cross-border trade growth by 2030.
- Greater emphasis needs to be given in attaining local and sector focused marketable skills of young workforce in support of industrial growth.
- A framework is required to align the use of CSR with SDG goals and targets and also for monitoring.
- Government should encourage generation and use of renewable energy, embarking market oriented measures for lowering prices of renewable energy technologies.
- Government should recognize the other key forces of private sector like the role of labor, role of farmers and role of consumers.
- Private sector needs to hold dialogues to ensure proper monitoring and accountability in SDG implementation.
- Need to reduce structural impediments by providing access to credit and good governance platform for private sector.
- The issue of corruption in business process has to be brought into public sphere and need to talk about.
- Research on Technology for recycling and waste management is critical for SDG achievement.
- Private sector needs to be involved in the transformation process in education and health sector. Therefore, PPP projects need to be focused.

- To create employment we need more growth and diversity in export sector. Technology creates inequality. This issue also needs policy attention.
- To initiate regionally balanced development district wise char region needs to be identified for establishing SEZs.
- We need to focus in entrepreneurship and improve the process of informal sector's business.
- Prioritization of some goals among 17 SDGs and achieve the goals gradually.
- Process of collecting money from NRBs need to be more simplified and proper banking facilities need to be onboard.
- Welfare fund of expatriates need to be well utilized.
- Investment for preparedness to disaster needs to be planned. Disaster Management Impact needs to be conducted with existing Environmental Impact Assessment while setting up industries and mega projects.
- Multimode transport system needs to be implemented with a special focus on railway and waterway transportation.
- Clearly identify private sector's role in implementing SDGs in Government Policies.

Seminar on "Halal Certification Standards and Challenges: Opportunities to Bangladesh Market"

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in collaboration with United Arab Emirates (UAE) based firm RACS Quality Certificates Issuing Service Ltd organized a seminar titled **"Halal Certification Standards and Challenges: Opportunities to Bangladesh Market"** at DCCI Auditorium on August 9, 2018. **Mr. Kazi M. Aminul Islam,** Hon'ble Executive Chairman, Bangladesh Investment Development Authority (BIDA) graced the occasion as the Chief Guest and **His Excellency, Mr. Saed Mohammed Saed,** Hon'ble Ambassador of the United Arab Emirates (UAE) to Bangladesh was present as Special Guest. **Mr. Abul Kasem Khan**, President, DCCI delivered the welcome speech and **Mr. Ossama Emam,** Head of Sales & Marketing Department, RACS, Dubai, UAE presented the Keynote paper**. Mr. Riyad Hossain,** Vice President, DCCI gave vote of thanks. **Mr. Imran Ahmed**, Director, DCCI, **Mr. S. M. Zillur Rahman**, Director, DCCI, **Mr. Waqar Ahmad Chowdhury,** Director, DCCI, **Mr. Alauddin Malik,** Director, DCCI were present among others.

Major Recommendations from the Seminar

The following recommendations emerged from the discussions for creating enabling environment to grow Halal centric local and international business:

1. In order to develop Halal industry and improve the Halal business operations in Bangladesh, a comprehensive long term "Road Map" needs to be framed with proper policy support, fiscal and non-fiscal incentives.
2. Frame guidelines scoping Halal Business opportunities.
3. Declare Halal industry as priority sector with proper policy support and incentivize private sector led R&D facilities to expand Halal centric business.
4. Multiple Halal standards are the biggest trade barrier. Develop a global standard international authority in Bangladesh with regional support to certify Halal products to take on the global market.
5. Like BSTI for testing the standards of the product, another institute such as BHSTI (Bangladesh Halal Standards Testing Institute) can be constituted for authorization of products whether it is Halal or Haram.

6. Establishment of SEZ for Halal products will accelerate to grow the Halal industry.
7. Develop training facilities, skilled manpower, trained inspectors, scientific analysts, quality testing facility and awareness among the actors involve in supply chain process to flourish Halal centric business in Bangladesh as well as boost-up export.
8. Islamic Foundation needs to be strengthened with necessary manpower and logistics facilities. Islamic foundation and BSTI can jointly work and investigate the products for issuing Halal certificate.
9. Refrain cattle farmers from using harmful and unhealthy medicine for fattening the cattle.
10. Use UAE as the base for exporting to third countries from Bangladesh. Moreover, concentration on Muslim common market with extensive focus on OIC countries to expand Halal centric trade and investment.
11. Engagement of the Government with dedicated Agency under a PPP platform to support and encourage Halal business.

Seminar on Knowledge Dissemination on Local GAP

DCCI, supported by Agricultural Value Chains Project of USAID, organized a seminar on "Knowledge Dissemination on Local/Bangladesh GAP" at DCCI auditorium on 28th June, 2018 to initiate a discussion on opportunities and threats to adhering to international and local standards and grades. The workshop covered the various key regimes including Bangladesh GAP, Local GAP, GlobalGAP, etc. Participants included DCCI Board members, DCCI's standing committee members of Agro based trade & services, Members from Agro Exporters Association, Representative of the Department of Agriculture Extension (DAE), Bangladesh, Representative from USAID's AVC project team, and media etc. The focus was on opportunities and threats faced by entrepreneurs/exporters/growers attempting to become compliant with local and international standards and how to produce safe food, why farmers should adopt GAP etc. The workshop called for joint action to support and improve the adherence to local and international standards as well as more awareness building campaign to make local farmers and agriculture based entrepreneurs aware about Bangladesh GAP and Global GAP. The dialogue session included detailed key-note presentation by **Krishibid Kazi Md. Shaiful Islam,** Additional Director (Input), Field Service Wing, Department of Agricultural Extension, Khamar Bari, Farmgate, Dhaka 1215. **Dr. Md. Abdur Rouf**, Additional Secretary, Ministry of Agriculture, Government of the People's Republic of Bangladesh and **Dr. Md. Azahar Ali**, Additional Director, Department of Agriculture (DAE), Government of the People's Republic of Bangladesh graced the seminar as the Chief Guest and Special Guest respectively. While **Mr. Imran Ahmed**, Director, DCCI chaired the seminar.

Major Recommendations from the Seminar

- Conducting dialogue sessions such as this at regional level would serve to be effective in raising awareness on a wider scale about this matter.
- Eliciting more participation from the entrepreneurs would make these discussions more inclusive.
- Presenting facts and information regarding Good Agricultural Practice (GAP) using layman's words and fewer technical terms would make knowledge dissemination more effective.
- Advocating to the government for providing training on GAP around the country.

পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বিষয়ে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময় সভা

গত **১৫ এপ্রিল, ২০১৮** তারিখে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত **"পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বিষয়ে এলাকাভিত্তিক ও বিশেষায়িত ব্যবসায়ী সমিতিগুলোর সাথে মতবিনিময় সভা"** ডিসিসিআই-এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

ডিসিসিআই-এর সম্মানিত সভাপতি, জনাব আবুল কাসেম খান এর সঞ্চালনায় অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খাঁন, এম.পি প্রধান অতিথি** এবং **কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর সভাপতি জনাব গোলাম রহমান** বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। **ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধ তত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান মূল প্রবন্ধ উপস্থাপন করেন**। এছাড়াও ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম,এফসিএ, সহ-সভাপতি জনাব রিয়াদ হোসেন এবং পর্ষদের পরিচালকবৃন্দ সহ চেম্বারের প্রাক্তন সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকবৃন্দ এবং এই কমিটির আহবায়ক, যুগ্ম-আহবায়ক ও সদস্যবৃন্দসহ পুরান ঢাকা ও দেশের বিভিন্ন ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় নিম্নেবর্ণিত সুপারিশমালা গৃহীত হয়ঃ

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে সুপারিশঃ

- আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে পরিবহণ খাতে চাঁদাবাজি বন্ধকরণে, দ্রুত সময়ে নিত্যপ্রয়োজনীয় পণ্য পরিবহনে ও যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে, পণ্যদ্রব্যের অনিয়ন্ত্রিত মজুদ চিহ্নিত ও বন্ধ করণে এবং বাজার তদারককারী সংস্থাকে সহায়তা প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- সমগ্রদেশে নিয়মিত মূল্য তালিকা হালনাগাদ করা এবং মূল্য তালিকা কার্যকর করা।
- টিসিবির মাধ্যমে সমগ্রদেশে খোলা বাজারে সরকারি বিক্রয় কেন্দ্র স্থাপন করে ন্যায্যমূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী সুষ্ঠু ও স্বচ্ছভাবে বিক্রির ব্যবস্থা করা। টিসিবি'র সেবাকে আরো বেশি ভোক্তা পর্যায়ে পৌছানোর জন্য ই-কমার্সের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা করা।
- খাদ্যে ভেজালরোধে এবং বাজার মনিটরিং ও নিয়ন্ত্রণের লক্ষ্যে দেশের প্রতিটি বাজারে ঝটিকা মোবাইল কোর্ট পরিচালনা করা। এছাড়াও রাজধানীসহ প্রতিটি জেলা-উপজেলায় বিভিন্ন স্টেকহোল্ডারদের সমন্বয়ে বাজার মনিটরিং সেল গঠনের মাধ্যমে দক্ষ ও পর্যাপ্ত বাজার মনিটরিং-এর ব্যবস্থা করা।
- ছোলা, চিনি, ভোজ্যতেল, পেঁয়াজ ও রসুনের নেতৃস্থানীয় আমদানিকারকদের উপর বিশেষ নজরদারি রাখা এবং তারা যেন চাহিদা অনুযায়ী যথাসময়ে উপযুক্ত পরিমাণে পণ্য বাজারে সরবরাহ করে তা নিশ্চিত করা। যেসকল আমদানিকারক পণ্যের দাম বৃদ্ধি করার লক্ষ্যে পণ্য যথাসময়ে বাজারে সরবরাহ করে না, তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া।
- মিল ও আমদানিকারকদের গুদাম থেকে যথাসম্ভব দ্রুততর পণ্য ট্রাকে লোড নিশ্চিত করা। পণ্য লোডিং এর বিলম্বের কারণে পরিবহণ ব্যয় বৃদ্ধি পায় এবং দ্রব্যমূল্যের উপরেই এর প্রভাব পরে।
- খাদ্যে ভেজালরোধে এবং বাজার নিয়ন্ত্রণের নামে ভ্রাম্যমাণ আদালতের দ্বারা সাধারণ ব্যবসায়ীরা যেন হয়রানির শিকার না হয় সেদিকে খেয়াল রাখা।
- রমজান মাসে বিভিন্ন সেবাখাতের বিশেষ করে বিদ্যুৎ, পানি ও গ্যাস লাইনের মেরামতের নামে অপরিকল্পিতভাবে রাস্তা খোঁড়াখুঁড়ি করা হয়, ফলে রাস্তায় যানজট প্রকটাকার ধারণ হয়। তাই রমজানের আগে এই ধরণের অপরিকল্পিত রাস্তা খোঁড়াখুঁড়ি বন্ধ করা।

আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সুপারিশঃ

- দিন শেষে ব্যবসায়ীরা যাতে তাদের বিক্রির টাকা নিরাপদে ব্যাংকে জমা দিতে পারে সে জন্য রমজান মাসে রাত পর্যন্ত ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা।
- বড় অংকের নগদ টাকা পরিবহণে পুলিশি নিরাপত্তা প্রদান করা।
- হাইওয়েতে যানজট নিয়ন্ত্রণে, চাঁদাবাজি বন্ধে এবং পণ্যবাহী গাড়ি ছিনতাইরোধে হাইওয়ে পুলিশের সক্ষমতা বৃদ্ধি করা। পাশাপাশি চাঁদাবাজি ও ছিনতাইরোধে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা।
- বাস ও লঞ্চ টার্মিনাল, রেলস্টেশন, গুরুত্বপূর্ণ সড়ক, মার্কেট ও বাজার এলাকায় প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা বসানো, যাতে করে দোষী ব্যক্তিদের সহজে চিহ্নিত করা যায়।
- যানজট ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য আনসার বাহিনী ও কমিউনিটি পুলিশ ব্যবস্থা শক্তিশালী করা এবং এলাকা ভিত্তিক টহল পুলিশের কার্যক্রম জোড়দার করা।
- মার্কেট ও শপিংমল কেন্দ্রিক ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা এবং জাল টাকা শনাক্ত করার জন্য শপিংমল ও পাইকারি বাজারগুলোতে যন্ত্র স্থাপন করা।
- যানজট নিরসনের লক্ষ্যে রাজধানীর বিভিন্ন রাস্তা ও ফুটপাত দখলমুক্ত করা এবং যত্রতত্র গাড়ির পার্কিং বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।
- বাস ও লঞ্চ টার্মিনাল এবং রেলস্টেশনসূমহে পুলিশ চেকপোস্ট স্থাপন করা এবং সাদা পোশাকে পুলিশ মোতায়েন করা।

Workshop on "Joint Crediting Mechanism (JCM)-Supporting Commitments to the Mitigation Targets"

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in collaboration with Department of Environment, Ministry of Environment, Forest and Climate Change and Institute for Global Environmental Strategies (IGES) arranged a workshop titled **"Joint Crediting Mechanism (JCM)-Supporting Commitments to the Mitigation Targets"** on **06 March, 2018** at DCCI Auditorium, DCCI Building. **Mr. Abdullah Al Mohsin Chowdhury,** Secretary, MoEF Government of the People's Republic of Bangladesh graced the occasion as the Chief Guest while **Dr. Sultan Ahmed**, Director General, Department of Environment was present as Special Guest and **Dr. Nurul Quadir**, Additional Secretary, MoEF & Co-chair, JCM Joint Committee was present as the Guest of Honor. **Mr. A.H.M. Rezaul Kabir**, Secretary General, DCCI & Ex-Secretary, MoEF was the Session Chair.

Recommendations:

- The diffusion of leading low carbon technologies through this Joint Crediting Mechanism (JCM) contributes to taking low carbon development pathways engaging developing country like Bangladesh is indeed laudable. So, equipping **Clean Development Mechanism (CDM)** to de-carbonize our economy is imperative.
- It is well evident that Private Sector has a critical role in holding the rein of carbon emission if necessary steps followed. Since Low Carbon Development (LCD) path has a significant correlation with adopting advance technology, it requires economic investment from the Private Sector. In this connection, the handy way to engage Private Sector in LCD path is to inform them of the opportunity presented by **climate compatible development** and **climate finance avenues like the Green Climate Fund (GCF).**
- Timely **support to the private banks and financial institutions** will ease strategic access to and use of climate finance resources by the Private Sector for implementation of carbon mitigation activities.

- **Private Sector can take a stance on carbon-control with following opportune areas:**
- Since **40% of Bangladesh's emissions are of the powerful greenhouse gases and come from agriculture**, Private Sector-led agro-processing industries could spearhead scientific practices to curtail carbon-emission by practicing **flooded rice fields**, **modifying livestock diets**, **managing manures** and **diversifying crops** to develop and market **climate resilient and less carbon-induced seed production**;
- Private Sector-led **alternative energy future** can be realized through promoting **solar home system**. There is a growing demand for this source of renewable energy which Private Sector can expedite;
- Materializing Government's **Carbon-Tax proposal**, can gain spontaneity if Private Sector is involved. Moreover, the existing **Tax Card could incorporate a separate parameter for Carbon-Tax payment which will help track businesses with more or less carbon footprint;**
- According to section 14.7 of the Industrial Policy 2016, Government of Bangladesh encourages the Private Sector to develop green industry. In this connection, Private Sector can negotiate with Government regarding **higher interest rate against bank loan impeding to set up green industry which is highest 10-12% at present.** It is worth notable that, a green factory uses **40% less energy**, **41% less water** and **emits 35% less carbon** compared to a regular RMG factory;
- **Private Sector-led Pulp & Paper industry can increase recycling rates** and, together with manufacturers, develop solutions that **lead to less wood fiber use from natural forest sources** in Bangladesh and further ensure low carbon emission;
- Private Sector can expedite the outcome of Clean Development Projects going in Bangladesh (e.g., UNDPs' GREEN Brick Project). It is worth mentionable that **projects registered as Clean Development Mechanism (CDM) under UNFCCC, are expected to cut emissions each year by about 75,000 tCO2e per year**. So, it is an opportune area JCM and Private Sector of Bangladesh can further follow.

Recommendations from DCCI

- A Private Sector led **Green Investment Bureau** to create Carbon Management stake among businesses
- A **Carbon Credit Research Wing** can be established involving Private Sector and Academia to source and research the potential of **Carbon trading**, **Carbon Taxation**, **de-carbonized product portfolio** etc. in the context of Bangladesh
- Private Sector led **Climate Finance Council** can be established to foster the implication of Crop Insurance, Micro-Crop Insurance, Disaster Micro-insurance, Micro-Flood Insurance, Green Bond, Weather Index Based Crop Insurance (WIBCI) etc. in Bangladesh
- Establish Private Sector led **Eco-Design Programs** and take-back systems that include proper control and monitoring of **e-waste**
- A **Data Base on Green Initiative(s)** taken by Private Sector could be created with the support of JCM and concerned bodies.

"প্রাক-বাজেট আলোচনা"

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ এর যৌথভাবে আয়োজিত **"প্রাক-বাজেট আলোচনা" ১২ মে, ২০১৮ তারিখে** মিডিয়া বাজার (নীচতলা), বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (শের-ই-বাংলা নগর, ঢাকা) অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী **জনাব আবুল মাল আবদুল মুহিত**, এমপি উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এই আলোচনা সভায় মূল আলোচক হিসেবে ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, **ড. এ. বি মির্জা মোঃ আজিজুল ইসলাম** এবং পলিসি রিসার্চ ইন্সটিটিউট-এর নির্বাহী পরিচালক, **ড. আহসান এইচ মানসুর**। অনুষ্ঠানের সঞ্চালক হিসেবে ছিলেন দৈনিক সমকালের সম্পাদক জনাব গোলাম সারওয়ার।

১ম সেশন ঃ আয়কর

১. বাংলাদেশে কর্পোরেট করহার বেশি। আর ডিসিসিআই কর্পোরেট করহার যে প্রগ্রেসিভ হারে পর্যায়ক্রমে হ্রাস করার প্রস্তাব করেছে, তার অভিঘাতগুলো রাজস্ববোর্ড পরীক্ষা করে দেখতে পারে।

২. ডিভিডেন্ডের উপর মাল্টিপল ট্যাক্স নিরসনে ১৯৮৪ সনের আয়কর অধ্যাদেশের গ্রুপ অব কোম্পানির সংজ্ঞা পরিবর্তন করা প্রয়োজন।

৩. পাশাপাশি, আয়কর হার নিরূপনের ক্ষেত্রে ডিসিসিআই যে প্রস্তাব দিয়েছে– যে বর্তমান সর্বনিম্ন করযোগ্য আয় তিন লক্ষ টাকা করা হোক, তা ভাবা যেতে পারে। কিন্তু পরবর্তী স্ল্যাব নির্ধারণে রাজস্ববোর্ড পরীক্ষা নিরীক্ষা করতে পারে।

৪. বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রা বাড়াতে কীভাবে ট্যাক্স-জিডিপি রেশিও বাড়াতে হবে, তা নিয়ে সরকারকে ভাবতে হবে। ভারত নতুন ভ্যাট আইন ও Cashless Society আইডিয়া প্রতিষ্ঠার কারণে তাদের ৪০% ট্যাক্স আদায় বেড়েছে।

৫. ভ্যাট আইন রাজনৈতিক কারণে বাস্তবায়ন পেছানো হয়েছে, কিন্তু এই আইন বাস্তবায়নের জন্য অবকাঠামোগত আধুনিকায়ন ও প্রস্তুতি নেয়া প্রয়োজন। ভ্যাট আইন বাস্তবায়নের জন্য আমাদের ইসিআর মেশিনের টেন্ডারিং প্রসেস দ্রুত সম্পন্ন করার প্রয়োজন।

৬. এছাড়া Withholding Tax আদায়ের ক্ষেত্রে ব্যক্তি যে পরিমাণ স্বপ্রণোদিত হয়ে কর প্রদান করেন, তাই রাজস্ব বোর্ড মেনে নেয়। এ ক্ষেত্রে রাজস্ববোর্ডের কর্মক্ষমতা বাড়ানোর প্রস্তাব করছি যাতে করে ট্যাক্স জিডিপি রেশিও আরও বৃদ্ধি পায়।

৭. সিগারেট ও তামাকে কর আরোপের ক্ষেত্রে বিড়ি ও সিগারেট ইত্যাদিতে যৌক্তিক হারে আরও কর বৃদ্ধি করা যেতে পারে। যাতে করে এ শিল্প থেকে আরও রাজস্ব আয় বাড়ানো যায়।

৮. কর্মচারীরা কর দিবে কি, দিবে না তার দায়ভার গত বছর থেকে নিয়োগকারী কর্তৃপক্ষ তথা মালিক শ্রেণির উপর দায়িত্ব পড়েছে। কারণ কর্মচারী ট্যাক্স রিটার্ন না দিলে মালিক কর্তৃপক্ষ শাস্তি পাবে। ট্যাক্স কাটার সাথে সাথে ট্যাক্স রিটার্নও মালিক কর্তৃপক্ষ জমা দিতে হবে, এ ধরনের নিয়ম ব্যবসার জন্য বড় প্রতিবন্ধকতা। এ কারণে এ ধরনের আইন সংশোধনের প্রস্তাব করছি।

৯. তাছাড়া **এক্সেস পারকুইজিট**, অর্থাৎ কোন কর্মচারীর আয় ৪ লক্ষ ৪৫ হাজার টাকা হলে ঐ আয়ের উপর কর্মচারী ও মালিক কর্তৃপক্ষকে আলাদা আলাদা করে দুইবার ট্যাক্স প্রদান করার বিষয়টি সংশোধন করতে হবে।

১০. পাশাপাশি কোন বড় কোম্পানির ধার্যকৃত করের ডিসপিউটেড অ্যামাউন্ট করের উপর **এডিআর** এর আওতায় আপিলাত বোর্ডে শুনানি করতে গেলে ১০% ও হাইকোর্টে ১৫% কর দিতে হয়। যেহেতু এই বড় করদাতার নির্ধারিত কর **ডিসপিউটেড,** তাই এই অগ্রিম ২৫% কর যৌক্তিক হারে হ্রাস করতে হবে।

১১. পার্শ্ববর্তী দেশ ভারতের রাজ্যগুলোতে বিনিয়োগ ও শিল্পায়নের জন্য ভর্তুকি দিচ্ছে যাতে করে কর্মসংস্থান সৃষ্টি হয়। আমাদের বিনিয়োগ আশানুরূপ হচ্ছে না আর এজন্য বর্তমান ট্যাক্স হার যৌক্তিকহারে হ্রাস করতে হবে, যাতে করে রাজস্ব আহরণও হ্রাস না পায় আবার ব্যবসায়ীরা কর দিতে আগ্রহী হয়।

১২. আমাদের স্থানীয় শিল্পে সম্পূরক শুল্ক একধরনের বোঝা। যেমন বেভারেজ, পেইন্ট ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের উপর সম্পূরক শুল্ক আছে। অথচ পূর্বে সম্পূরক শুল্ক ছিল বিলাসবহুল পণ্যের উপর। তাই দেশীয় শিল্পের উপর এভাবে যখনতখন সম্পূরক শুল্ক বসালে আমরা কীভাবে কম্পিটিটিভ থাকবো, তা বিবেচনা করা উচিত।

১৩. আমদানির ক্ষেত্রে আমাদের অ্যাডভান্স ইনকাম ট্যাক্সের উপর ভিত্তি করে আমাদের মূল আয় বাড়িয়ে বা অতিরিক্ত দেখিয়ে অতিরিক্ত কর ধার্য করা হচ্ছে। ব্যবসায়ীদের অ্যাডভান্স ইনকাম ট্যাক্সের জন্য রাজস্ববোর্ডের কর্মকর্তারা আমাদের পুরো ব্যালেন্স শিট পরিবর্তন করে ফেলছে। আবার ব্যবসায়ীরা রিফান্ড পাওয়ার যোগ্য হলেও রিফান্ড দিচ্ছে না। তাই অ্যাডভান্স ইনকাম ট্যাক্স হ্রাস করে ২% করতে হবে।

১৪. ১২০ ধারার আওতায় যে কোন সময় পুরাতন ফাইল অ্যাসেসম্যান্টের নামে কর কমিশনারের হয়রানি করার ক্ষমতা রহিত করতে হবে।

২য় সেশন ঃ অবকাঠামো, বিদ্যুৎ ও জ্বালানী

১. দেশীয় গ্যাসের উপর ১০০% ভ্যাট, ট্যাক্স ও শুল্ক রয়েছে। এলএনজির মতো দেশীয় গ্যাসের উপরও ভ্যাট কমিয়ে ১৫% হারে ভ্যাট আরোপ করা যাতে গ্যাস সহনীয় পর্যায়ে শিল্পে গ্যাস দেয়া যেতে পারে।

২. বিদ্যুৎ উৎপাদনে এলএনজির ব্যবহার শুরু হলে এলএনজি থেকে বিদ্যুৎ উৎপাদনের অর্ধেক হবে ডিজেলে। ডিজেল ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন থেকে এলএনজি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনে যাওয়া উচিত।

৩. নিজস্ব ক্ষমতা অর্জনের জন্য নিজস্ব কয়লা উৎপাদন ও তেল গ্যাসের অনুসন্ধান বৃদ্ধি করতে হবে ।

৪. লোকাল ক্যাপাসিটি বিল্ডিং করতে হবে। লোকাল ক্যাপাসিটি বিল্ডিং বলতে Engineering খাতে ডেভেলপ করতে হবে, Procurement এবং Construction খাতে ডেভেলপ করতে হবে। EPC খাতে ক্যাপাসিটি ডেভেলপ না করলে আমরা পরনির্ভরতা কমাতে পারবো না। ভ্যাট আইনে EPC'র ক্ষেত্রে ডলারে পেমেন্ট হলে Deemed Export হিসেবে ধরা হয়। ট্যাক্স আইনে এটাকে Deemed Export হিসেবে ধরা হয় না, taxed হয়। চাইনিজ EPC Bidder দের কোনো ট্যাক্স দিতে হয় না বরং প্রণোদনা দেয়া হয়। কিন্তু বাংলাদেশে স্থানীয় EPC Bidder দের উপর কর আরোপ করা হয় । এটা আমাদের জন্য উৎসাহজনক নয়। ভারতে এবং শ্রীলঙ্কায় স্থানীয় EPC Bidder দের প্রটেকশন দেয়া হয় যা বাংলাদেশেও দেয়া যেতে পারে। এর মাধ্যমে আমাদের লোকাল ক্যাপাসিটি বিল্ডিং করতে হবে।

৫. আমাদের অবকাঠামো খাতে অর্থায়ন হচ্ছে জিডিপির মাত্র ২ শতাংশ। এটাকে ১০ শতাংশে উন্নীত করতে হবে। এজন্য এখাতে এফডিআই বা প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ প্রয়োজন। অবকাঠামোখাতে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ নিয়ে আসতে হলে সংশ্লিষ্ট আইন কাঠামোতে বড় পরিবর্তন নিয়ে আসতে হবে।

৬. ব্যক্তিখাতের স্থানীয় বিনিয়োগ বাড়াতে ব্যক্তিখাতের হাতে উদ্বৃত্ত অর্থ থাকতে হবে কিন্তু ডিভিডেন্ডের উপর মাল্টিপল ট্যাক্স থাকায় এর পরিমাণ কমে এসেছে। তাই ডিভিডেন্ডের উপর মাল্টিপল ট্যাক্স প্রত্যাহারে আশু পদক্ষেপ নেয়া প্রয়োজন।

৭. মানবসম্পদ এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বাড়াতে শিক্ষাব্যবস্থায় গুণগত পরিবর্তন নিয়ে আসতে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন প্রয়োজন।

৮. শুধু বিদ্যুৎ খাতে নয়, বেসরকারি বিনিয়োগ উৎসাহিত করতে অবকাঠামোর অন্যান্য খাতের সঙ্গে সংশ্লিষ্ট সকল কোম্পানির ডিভিডেন্ডের উপর মাল্টিপল ট্যাক্স প্রত্যাহার করতে হবে।

৯. যারা বিভিন্ন সরকারি প্রজেক্টের কন্ট্রাক্টর বা সাপ্লায়ার হিসেবে কাজ করে তাদের বিল পেমেন্ট থেকে করবাবদ ৭.৫% কেটে নেয়া হয়। এর ফলে টিকে থাকতে হলে মুনাফা করতে হবে ২২.৫% যা অসম্ভব। তাই এই হার ৭.৫% থেকে হ্রাস করা প্রয়োজন।

১০. বাংলাদেশে উৎপাদিত ইনফ্রাস্ট্রাকচার ইনাবলিং প্রোডাক্টগুলোর বিদেশে বেশ চাহিদা রয়েছে। তাই দেশীয় উৎপাদকরা এই পণ্যগুলো যাতে বিদেশে রপ্তানি করতে পারে সেজন্য এই পণ্যগুলোর Raw material করমুক্ত আমদানির প্রণোদনা দেয়া প্রয়োজন।

১১. অবকাঠামো প্রকল্পগুলোর বাস্তবায়নের ধীরগতির কারণে খরচের মাত্রা বেড়ে যায়। আমাদের পরিবহন খাতের প্রকল্পগুলোর গুণগত মান অনাকাঙ্ক্ষিত। আমরা আশা করি, অবকাঠামো প্রকল্পগুলোতে বরাদ্দ বাড়ানোর পাশাপাশি এর সময়মত বাস্তবায়ন এবং গুণমান নিশ্চিত করতে আগামী বাজেটে দিক-নির্দেশনা থাকবে।

১২. প্রবাসী বা ননরেসিডেন্ট বাংলাদেশিরা তাদের আয় সাধারণত ঘর বাড়ি নির্মাণসহ অন্যান্য অনুৎপাদনশীল খাতে ব্যয় করেন। তাদের আয় যদি ঢাকা চেম্বার প্রস্তাবিত ইনফ্রাস্ট্রাকচার বন্ড নিডমা বন্ডে বিনিয়োগ করার জন্য প্রণোদনা দেয়া হয় তাহলে তারা উৎপাদনশীল খাতে বিনিয়োগ করতে উদ্বুদ্ধ হবেন এবং দেশের উন্নতিতে অবদান রাখতে পারছেন ভেবে প্রবাসীরা গর্ববোধ করবেন।

৩য় সেশন ঃ শিল্প, বিশেষ অর্থনৈতিক অঞ্চল ও বাণিজ্য

১. এবারের বাজেটে Light Engineering Sector কে সেক্টোরাল প্রায়োরিটি হিসাবে আনা উচিত। এতে করে নতুন কর্মসংস্থান ও বিনিয়োগের সুযোগ সৃষ্টি হবে।

২. Automobile Industry'র জন্য আমাদের কোন আলাদা নীতিমালা না থাকায় অনেক সম্ভাবনাময় বিনিয়োগকারী পার্শ্ববর্তী দেশে চলে গিয়েছে। এবারের বাজেটে এই বিষয়ে সুস্পষ্ট উল্লেখ থাকা প্রয়োজন।

৩. দক্ষ মানবসম্পদ বিনির্মাণের জন্য আলাদা প্রাতিষ্ঠানিক আয়োজন দরকার এবং সেক্টরভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা সহকারে বিদ্যমান ব্যবস্থাসমূহের পুনর্গঠন প্রয়োজন।

৪. SEZ মাস্টারপ্ল্যানের সাথে সঙ্গতি রেখে Port Connectivity, Skills Development সংশ্লিষ্ট বিষয়গুলোতে গুরুত্ব দিতে হবে।

৫. One Stop Service Act থেকে rules এর দ্রুত প্রণয়ন এবং বাস্তবায়ন। এক্ষেত্রে BIDA, BEZA, BEPZA and BHPA প্রভৃতি প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করা যেতে পারে।

৬. Supplementary Duty (SD) এমনভাবে rationalize করা যাতে করে নতুন সম্ভাবনাময় শিল্পগুলো domestic protection পায়।

৭. Bonded Warehouse Facility কে শক্তিশালী করা। এক্ষেত্রে Customs Bond Comissionerate এর সাথে ASYCUDA কে সমন্বয় করে এবং EUD (End-user Development) সিস্টেম অবলম্বন করে Bonded Warehouse Facility কে বেগবান করা সম্ভব।

৮. কর্মসংস্থান, বিনিয়োগ ও LDC পরবর্তী সময়ের অর্থনৈতিক Strategy'র জন্য পাবলিক পলিসির মধ্যে সমন্বয় থাকা প্রয়োজন।

৯. Regulatory Policy ও ব্যবসায়ের কর ও শুল্ক হারের Predictability থাকা প্রয়োজন।

১০. বাজেটে off-site infrastructure তৈরি করার জন্য বিশেষ বরাদ্দ বা পলিসি নির্দেশনা থাকা প্রয়োজন।

১১. Tariff rationalization এমনভাবে করতে হবে যেন priority sector গুলোর export competitiveness নিশ্চিত করা যায়।

১২. বিদেশ থেকে technological-knowhow আনতে গেলে সেটার উপর যে ২০% ডিউটি (AIT) দিতে হয় সেটার পুনর্মূল্যায়ন করা দরকার।

১৩. পুরাতন প্রযুক্তির উপকরণগুলি যেন অন্যান্য স্বল্পোন্নত দেশসমূহে বিক্রয় করা যায় এবং এটার জন্য আলাদা নীতিমালা বিদ্যমান কাস্টমস অ্যাক্ট এ সংযোজন করা।

১৪. Raw materials এবং spare parts এর import duty'র বিষয়টা সমন্বয় করা দরকার।

১৫. Manufacturerদের gross value'র উপর ৩% AIT দেয়ার যে বাধ্যবাধকতা রয়েছে সেটার পুনর্মূল্যায়ন করা একান্ত জরুরি। এক্ষেত্রে AIT দেয়ার বাধ্যবাধকতা gross value'র উপর থেকে উঠিয়ে net value'র উপর সমন্বয় করা যেতে পারে অথবা AIT এর পরিমান কমানো যেতে পারে।

১৬. মাল্টি-ন্যাশনাল কোম্পানিতে কর্মরত employeeদের মেডিকেল ব্যয়ের উপর থেকে Tax তুলে নেয়া হোক। বর্তমানে বিদ্যমান নিয়মমতে, মাল্টি-ন্যাশনাল কোম্পানিতে কর্মরত কোন employee'র মেডিকেল ব্যয় ১,২০,০০০ টাকার উপরে গেলে সেটি ট্যাক্সযোগ্য হয়।

১৭. কাঁচা রাবার এর উপর থেকে ট্যাক্স প্রত্যাহার করা। রাবার কে কৃষিপণ্য হিসেবে বিবেচনা করা। রাবার বোর্ড এর জন্য ফান্ড বরাদ্দ করা।

৪র্থ সেশন ঃ বিনিয়োগ, ফিন্যান্সিয়াল সেক্টর এবং পুঁজিবাজার

১. সরকারী সঞ্চয়পত্র বিনিয়োগ ঝুঁকি মুক্ত বিনিয়োগ। সাধারনত: ঝুঁকিমক্ত বিনিয়োগে সুদের হার কম হয়। কিন্তু বাংলাদেশে ঝুঁকিমুক্ত বিনিয়োগ সঞ্চয়পত্রে সুদের হার অনেক বেশী। গত ৩ বছরে সঞ্চয়পত্রে প্রায় ২০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ হয়েছে। সাধারণত মধ্যবিত্ত এবং উচ্চবিত্তরা সঞ্চয়পত্রে বিনিয়োগ করছে। এটা নিম্নবিত্ত বা কম আয়ের লোকদের সামাজিক নিরাপত্তার নামে অপচয় হচ্ছে। সঞ্চয় পত্রের সুদের হার কমিয়ে যুক্তিযুক্ত করা উচিত।

২. সঞ্চয়পত্র সুদের হারের সাথে মিল রেখে বন্ডের কুপন রেট নির্ধারণ করতে হয়। ফলশ্রুতিতে তা Feasible হয়না। বন্ড মার্কেট ডেভেলপমেন্ট এর জন্য Policy Predictability সহ সরকারের একটি ফোকাল পয়েন্ট থাকা উচিত।

৩. অবকাঠামো উন্নয়নের জন্য জিডিপির ১০% বিনিয়োগ দরকার, যার পরিমান বছরে প্রায় ২৫ বিলিয়ন ডলার। প্রয়োজনীয় বিনিয়োগ মাত্র বছরে ২ বিলিয়ন ডলার বিদেশী বিনিয়োগ বাংলাদেশে আসে যা আমাদের প্রতিযোগী দেশ ভিয়েতনাম থেকে অনেক কম। কাঙ্ক্ষিত দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকর্ষণে বিভিন্ন প্রণোদনা যেমন: আয়কর প্রণোদনা, লক-ইন পিরিয়ড ১ বছরে কমিয়ে আনা এবং অর্থ প্রত্যাবাসন মূল্যায়ন প্রক্রিয়া সহজ প্রদানের মাধ্যমে প্রাইভেট ইক্যুইটি ইন্ডাস্ট্রিকে সচল করতে হবে।

৪. সরকারী, বহুজাতিক ও বেসরকারী খাতের ভাল ও বড় কোম্পানীকে শেয়ারবাজারে তালিকাভুক্ত করতে কি ধরনের উৎসাহমূলক প্রণোদনা দিতে হবে তা নিয়ে ভাবতে হবে।

৫. মিউচুয়াল ফান্ড দীর্ঘমেয়াদি বিনিয়োগের উৎস। ভারতে মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করলে ৫ লক্ষ টাকা পর্যন্ত লভ্যাংশ আয়ে করমুক্ত সুবিধা পায়, যা বাংলাদেশে মাত্র ২৫,০০০ টাকা। বাংলাদেশে মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ আকর্ষণ করার জন্য বছরে ২,০০০ টাকা লভ্যাংশ আয়ে করমুক্ত সুবিধা প্রদান না করে কোয়ান্টাম হারে লভ্যাংশ আয়ে করমুক্ত সুবিধা প্রদান করা উচিত।

৬. শেয়ার বাজার এবং মিউচুয়াল ফান্ডে কেন বিনিয়োগ গুরত্বপূর্ণ তার উপর সরকারের একটি সেন্ট্রাল পলিসি হওয়া উচিত।

৭. বাংলাদেশে নানা ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ এখনও কাঙ্ক্ষিত পর্যায়ের নিচে। যদিও বাজেটে নারীদের জন্য বিশেষ বরাদ্দ থাকে, এ তহবিল শুরুর দিকে অব্যবহৃত থাকলেও এখন ব্যবহার হচ্ছে। আরও অধিক সংখ্যক নারী উদ্যোক্তা তৈরীতে বরাদ্দটি বাড়িয়ে অন্তত ৫০০ কোটি টাকা করা হোক এবং বিভিন্ন অ্যাসোসিয়েশনের মাধ্যমে এর জন্য একটি গাইডলাইন তৈরী করা হোক।

৮. গবেষণায় দেখা গেছে Grass Root পর্যায়ে নারী উদ্যোক্তাদের জন্য ঋণের সুদের হার বিষয় নয়। নারী উদ্যোক্তাদের জন্য পণ্যের বাজার এবং Access to Finance নিশ্চিত করতে হবে। বাংলাদেশ ব্যাংকের গাইডলাইনে নারী উদ্যোক্তাদের জন্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ব্যাংক ঋণের সুবিধা থাকলেও অনেক ক্ষেত্রে ১০ লক্ষ টাকা ব্যাংক ঋণের জন্য জামানত চাওয়া হয়। জামানতবিহীন ঋণের সীমা বৃদ্ধি করে ৪০ লক্ষ টাকা করা উচিত।

৯. বিনিয়োগ ছাড়া ও অন্যান্য ক্ষেত্রে মেয়েদের জন্য সাপোর্ট সার্ভিস নিশ্চিত করা।

১০. ডে-কেয়ারের জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষ সুদের হার বা বিশেষ সুবিধা প্রদান।

১১. ৫০% মহিলা উদ্যোক্তা শুধুমাত্র উপজেলা পর্যায়ে তাদের পণ্য বিক্রয় করে। তারা চায় অন্য মার্কেটে আসতে। জেলা বা উপজেলা পর্যায়ে অনলাইন পোর্টালের মাধ্যমে মার্কেট তৈরী করে মহিলা উদ্যোক্তাদের সংখ্যা বাড়ানো যায় তাহলে বিনিয়োগ বৃদ্ধি পাবে।

১২. বাংলাদেশে মাত্র ২১% লোক মোবাইল ডাটা ব্যবহার করে এবং ৫০% লোকের ফোন আছে। মোবাইল ডাটা ও মোবাইল ফোনের আওতা বৃদ্ধিতে পলিসি আউটলুক পরিবর্তন করা উচিত।

১৩. মোবাইল ডাটা ব্যবহার বৃদ্ধিতে মোবাইল ডাটা ব্যবহারের উপর ভ্যাট হ্রাস করা প্রয়োজন।

১৪. ফোরজি সেবা চালুর পর গ্রাহকদের থ্রিজি সিম রিপ্লেস করতে ১০০ টাকা চার্জ করা হয় যা সরাসরি সরকারী কোষাগারে জমা হয়। স্বল্পমেয়াদে ফোরজি সিম রিপ্লেস এর উপর কর অবকাশ প্রদান করা যেতে পারে ফলশ্রুতিতে অনেক গ্রাহক ফোরজির আওতায় আসবে।

১৫. বাংলাদেশে spectrum খরচ অনেক বেশী। spectrum খরচ যুক্তিযুক্ত করা।

১৬. বেসরকারী বিনিয়োগ বাড়ছে তবে তা কতিপয় বড় গ্রুপের কাছে কেন্দ্রীভূত হচ্ছে। এভাবে কেন্দ্রীভূত হওয়ার কারণে বাজারে নেতিবাচক প্রভাব পড়ছে। এবং প্রতিযোগিতার পরিবেশ নষ্ট হচ্ছে। ফলে ছোট ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহ প্রতিযোগিতার সক্ষমতা হারাচ্ছে। সুষ্ঠু বাজার ব্যবস্থার স্বার্থে প্রতিযোগিতা নীতি আইন কার্যকর করতে হবে।

১৭. শুধুমাত্র টার্গেট গ্রুপ যেমন- সীমিত আয়ের মানুষ এবং পেনশন ভোগীদের জন্য সঞ্চয়পত্রের সুবিধা প্রদান এবং অন্যান্যদের বিনিয়োগ সুবিধার জন্য বন্ড মার্কেটের উন্নয়ন করা।

Roundtable Discussion on 'Companies Act: Critical Reforms for Private Sector Development'

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) organized a Round table discussion titled '**Companies Act: Critical Reforms for Private Sector Development'** on May 24, 2018 on Thursday at 1.30 pm at DCCI Auditorium.

Mr. M. A. Mannan, MP, Hon'ble State Minister, Ministry of Finance and Planning, Government of the People's Republic of Bangladesh graced the Round table discussion as the Chief Guest while **Mr. Shubhashish Bose,** Secretary, Ministry of Commerce, Government of the People's Republic of Bangladesh was present as the Special Guest.

Mr. Abul Kasem Khan, President of DCCI delivered the welcome address and moderated the open discussion session in the event. **Mr. Nuher L. Khan**, Director, DCCI & Coordinating Director of Export Import Policy, Trade Development & Diversification-(WTO, FTA etc.) & Companies Act Standing Committee-2018, DCCI presented the Key Note Paper.

Reform Recommendations from DCCI:

1. **Section 2(87):** Whether a company is a subsidiary or not, must be determined by reference to the shareholding interest containing voting power only.
2. **Section 2(51):** Since the concept of "Interested Directors" is relevant for listed companies, references should be directed through the Securities and Exchange Commission Ordinance.
